The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 882 | 08 August 2025 | শুক্রবার ২৪ শ্রাবণ ১৪৩২



Election 2026: Yunus office sends letter to Election commission
→ Page 18

Mexican sex trafficker sentenced to more than 16 years in prison
→ Page 18





Kelly Mack, 'The Walking Dead' Actress dies at 33
→ Page 19

Trump raises India tariffs to 50%
→ Page 18



# প্রবাসীদের পোস্টাল ব্যালটে ভোট

মাসুদ করিম, *ঢাকা থেকে*

**ফেব্রুয়ারিতে রমজানের আগেই ভোট ও নতুন সরকারের শপথ**

ফেব্রুয়ারিতে রমজানের আগেই নির্বাচন -অর্ন্তবর্তি সরকারের এমন এক ঘোষণাতেই পাল্টে গেছে দৃশ্যপট। গোটা দেশ এখন নির্বাচনমুখি। নির্বাচন কমিশন বৈঠকে বসে সিদ্ধান্ত নিয়েছে, রমজানের আগে শুধু ভোট নয়, নতুন সরকারের শপথও হবে। এই লক্ষ্যে দুই মাস আগে ঘোষণা করা হবে নির্বাচনী তফসিল। স্বরাষ্ট্র মন্ত্রণালয় নড়েচড়ে বসেছে। ভোটের নিরাপত্তা নিয়ে বৈঠকের পর বৈঠক হচ্ছে। গত ৫ই আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানের এক বছর উপলক্ষ্যে জাতির উদ্দেশ্যে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ফেব্রুয়ারিতে নির্বাচন আয়োজনের ঘোষণা দেন। এর আগে তিনি যতবার ঘোষণা করেছেন সেগুলোতে এতটা স্পষ্ট দিক নির্দেশনা পাওয়া যায়নি। তিনি একবার বলেছেন, জানুয়ারি থেকে জুনের মধ্যে নির্বাচন হবে। বিএনপি'র ভারপ্রাপ্ত সভাপতি তারেক রহমানের সঙ্গে লন্ডনে বৈঠকের পর ইউনূস বলেছেন, হয় ফেব্রুয়ারি কিংবা এপ্রিলে নির্বাচন হবে। কিন্তু এবার একেবারে দ্ব্যর্থহীন ভাষায় ফেব্রুয়ারিতে ভোটের ঘোষণা দিলেন।

ইউনূসের গত ৫ই আগস্টে দেওয়া ভাষণে নতুনত্ব ছিলো। তিনি ঘোষণা করেছেন যে, প্রবাসীদের ভোটাধিকার দেওয়া হবে। ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, 'এবার আমরা প্রবাসীদের ভোট দেওয়ার আয়োজন নিশ্চিত করতে চাই। অর্থনৈতিক দিক থেকে সম্পূর্ণ বিধ্বস্ত বাংলাদেশ যে আবার দ্রুত ঘুরে দাঁড়াতে পেরেছে, এর বড় কারণ হলো রেমিট্যান্স যোদ্ধাদের ঐতিহাসিক অবদান। নির্বাচনে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে নির্বাচন কমিশন প্রস্তুতি নিচ্ছে'। প্রধান উপদেষ্টার এই ঘোষণার পর প্রবাসী বাংলাদেশীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়েছে। তাদের অনেকে জানতে চেয়েছেন যে, কীভাবে প্রবাসীরা ভোটার হবেন। কীভাবে ভোট দেয়া হবে। এসব বিষয়ে নির্বাচন কমিশন বলেছে যে, ডাকযোগে *এরপর ২২ পৃষ্ঠায়*

মন্তব্য প্রতিবেদন

## বাচ্চাগুলোর ড্রপ আউট দায় কার



সাঈদ তারেক

নিজেরাই বলেছে শ্রেফ আনন্দ-স্ফুর্তি করার জন্য কক্সবাজারে যায় নাই। কিছু উটকো সাংবাদিক এর মধ্যে পিটার হাসের সাথে বৈঠকেরও একটা গোমড় ফাঁদলো। অথচ পিটার হাস এখন ওয়াশিংটনে। যদিও প্রথম বলেছিল *এরপর ৩৮ পৃষ্ঠায়*





নিউইয়র্কে নানা কর্মসূচী

## আ.লীগ-বিএনপি মুখোমুখি

আজকাল রিপোর্ট

জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় ৫ আগস্ট বিক্ষোভ সমাবেশ নিয়ে মুখোমুখি হয় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও যুক্তরাষ্ট্র বিএনপি। আওয়ামী লীগ বর্তমান সরকারের বিরুদ্ধে এবং বিএনপি স্বৈরাচার আওয়ামী লীগ সরকার পতনের এক বছর *এরপর ৪০ পৃষ্ঠায়*

## পাক-ভারত যুদ্ধ বিরতির অন্দরে যা ঘটেছিল

হাসান মাহমুদ

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং তার প্রশাসন গত কয়েক মাসে ৬ দেশের মধ্যে যুদ্ধ বিরতি কার্যকর করতে সক্ষম হয়েছেন। যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট সূত্রে জানা গেছে, গতকাল *এরপর ২২ পৃষ্ঠায়*

## দিদারুলকে স্মরণ করলো সোসাইটি

আজকাল রিপোর্ট



ম্যানহাটনে সন্ত্রাসীর গুলিতে নিহত বাংলাদেশি বংশোদ্ভূত নিউইয়র্ক পুলিশ (এনওয়াইপিডি) কর্মকর্তা ডিটেকটিভ দিদারুল ইসলামকে শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করেছে বাংলাদেশ সোসাইটি। এ আয়োজনে দিদারুলের সাহসিকতার বর্ণনা, তার রুহের মাগফিরাত কামনায় দোয়া করা হয়। পরে তাকে শ্রদ্ধা নিবেদনে প্রতিকৃতিতে ফুল অর্পণ ও মোমবাতিও প্রজ্জ্বলন করা হয়।

বুধবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজার সামনে আয়োজিত অনুষ্ঠানে দিদারুলের বাবাসহ পরিবারের সদস্যরা নিউইয়র্ক পুলিশ-এনওয়াইপিডির প্রতিনিধিরা, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের *এরপর ৩৪ পৃষ্ঠায়*

ইমিগ্রেশন অ্যাটর্নি
MONIR MEHRAN
আমরা বাংলায় কথা বলি
CALL NOW (929) 810-2009 (470) 800-9213
MONIR MEHRAN, JD. ATTORNEY AT LAW

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312066

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight
Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT
MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416


সামছুদ্দীন আজাদ-এর কলাম
গোপালগঞ্জে সেনাবাহিনী ও ৭১ সালের বর্বরতা
০৫ পৃষ্ঠায়


নিয়াজ মাহমুদ-এর কলাম
এক-এগারোর পদধ্বনি নাকি বাঘের গল্প!
০৭ পৃষ্ঠায়


এইচ বি রিতা-এর কলাম
আমি কে? : পরিচয়ের অনুসন্ধান
০৫ পৃষ্ঠায়




# ভারতের ওপর ট্রাম্পের ৫০ শতাংশ শুল্ক আরোপ

আজকাল রিপোর্ট



ভারতের ওপর আরও অতিরিক্ত ২৫ শতাংশ শুল্ক আরোপ করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বুধবার ভারতের ওপর অতিরিক্ত এই শুল্ক আরোপের এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেছেন তিনি। এ নিয়ে ভারতীয় পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের মোট শুল্কের পরিমাণ বেড়ে ৫০ শতাংশে দাঁড়িয়েছে। রাশিয়ার থেকে জ্বালানি কেনা অব্যাহত রাখায় নতুন করে ২৫ শতাংশ আরোপ করা হয়। দিল্লিভিত্তিক থিঙ্কট্যাংক গ্লোবাল ট্রেড রিসার্চ ইনিশিয়েটিভ বলেছে, এই শুল্ক বৃদ্ধির ফলে যুক্তরাষ্ট্রে ভারতের রপ্তানি ৪০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত কমে যেতে পারে।

রাশিয়া থেকে তেল আমদানি বন্ধ না করায় ভারতের ওপর এই সাজার পদক্ষেপ নিলেন প্রেসিডেন্ট ট্রাম্প। যুক্তরাষ্ট্রের ইতিহাসে ভারতের ওপর আরোপিত সর্বোচ্চ হার এটি। এ খবর দিয়েছে অনলাইন বিবিসি। এই নতুন শুল্ক কার্যকর হবে ২১ দিনের মধ্যে, অর্থাৎ ২৭ আগস্ট থেকে। হোয়াইট হাউস জানিয়েছে, রাশিয়ার ইউক্রেন আগ্রাসন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়ানোয় এই পদক্ষেপ নেয়া জরুরি। জবাবে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, রাশিয়া থেকে আমদানির বিষয়ে ভারতের অবস্থান আগেই স্পষ্ট করা হয়েছে। এই শুল্ক আরোপ সম্পূর্ণ অযৌক্তিক, অন্যায্য এবং অনুচিত। বিবৃতিতে আরও বলা হয়, বিশ্বের অনেক দেশই নিজেদের স্বার্থে এমন পদক্ষেপ নিচ্ছে। তাই শুধু ভারতকে লক্ষ্যবস্তু করা দুর্ভাগ্যজনক। ভারত তার জাতীয় স্বার্থ রক্ষায় প্রয়োজনীয় সব পদক্ষেপ নেবে। এমন অবস্থায় মোদি এখন এরপর ২৭ পৃষ্ঠায়



# বিপার শিক্ষার্থীদের জন্য 'সঞ্চারী'র আয়োজন

আজকাল রিপোর্ট

জ্যামাইকার সেন্টার ফর আর্টস এন্ড লার্নিং সেন্টারে গত ১৯ জুলাই শনিবার বিপা'র নিয়মিত ধারাবাহিক অনুষ্ঠানটি আয়োজন করা হয়। বিপা'র ছাত্র-ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে নিউইয়র্কে অনুষ্ঠিত হলো 'সঞ্চারী'। বিপার এক ঝাঁক শিক্ষার্থীদের মঞ্চভীতি দূর করা এবং সঠিক পারফর্ম করার কাজটাই 'সঞ্চারী'র মাধ্যমে করা হয়। সঞ্চারিতে ছিলো ছোটদের গান, ছড়া, কবিতার পরিবেশনা। ছিল আমন্ত্রিত অতিথি এবং বাংলা শিক্ষকদের সাথে পরিচিতি এবং বড়দের এরপর ৩৬ পৃষ্ঠায়

# ব্রুকলিনে মুনা সাউথ জোনের লিডারশিপ ডিনার

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সাউথ জোনের আয়োজনে ব্রুকলিনের পাঞ্জাব পার্টি হলে মুনা কনভেনশন ২০২৫ উপলক্ষে ইমাম ও কমিউনিটি লিডারশিপ ডিনার অনুষ্ঠিত হয়। গত ২৭ জুলাই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুনা নিউইয়র্ক সাউথ জোনের সভাপতি মাওলানা এমদাদ উল্লাহ। সঞ্চালনা করেন জোন সেক্রেটারি একেএম সাইফুল আলম ও জোন বায়তুল মাল সম্পাদক হাসান সরোয়ার্দী দুলাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকা (মুনা)-এর ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন।

তিনি তাঁর বক্তব্যে আমেরিকায় মুসলিম কমিউনিটির চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে কথা বলেন এবং ইমামদের ভূমিকার গুরুত্ব তুলে ধরেন। অতিথি বক্তাদের মধ্যে আরও উপস্থিত ছিলেন, সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট হারুন অর রশীদ, সাবেক এরপর ৩৬ পৃষ্ঠায়

# ম্যানহাটনের ডিজাইনার মার্থা নোলানের মৃতদেহ মন্টাক নৌকায়

আজকাল রিপোর্ট

ম্যানহাটনের সুন্দরী ডিজাইনার মার্থা নোলানের (৩৩) মন্টাক ইয়ট ক্লাবে নৌকায় মৃত অবস্থায় পাওয়া গেছে। বুধবার সাফোক কাউন্টি পুলিশ জানিয়েছে, ম্যানহাটনের ওই ফ্যাশন ডিজাইনারের মৃতদেহ একটি উচ্চমানের হ্যাম্পটনস বোট ক্লাবে মৃত অবস্থায় পাওয়া যায়। সেখানে সহিংসতার কোনও প্রমাণ দেখা যায়নি। ৩৩ বছর বয়সী মার্থা নোলান গ্রাতারাতে মধ্যরাতের দিকে রিটজি মন্টাক ইয়ট ক্লাবে ডক করা একটি নৌকায় অচেতন অবস্থায় পাওয়া যায় এবং পরে তাকে মৃত ঘোষণা করা হয়। ময়নাতদন্তে নির্ধারিত হয়েছে যে, ভুক্তভোগীর কোন সহিংস মৃত্যুর লক্ষণ দেখা যায়নি। তবে পুলিশ এখনও মৃত্যুর কোন কারণ বা তার রহস্যজনক এরপর ২৮ পৃষ্ঠায়



# ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' পালিত

আজকাল রিপোর্ট

এক বছর আগে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে নিহত শহীদের স্মরণে যথাযোগ্য মর্যাদায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' পালন করেছে ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাস। গত ০৫ আগস্ট জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।

ফ্যাসিবাদী শাসনের অবসান ঘটিয়ে বাংলাদেশকে গণতান্ত্রিক ধারায় ফিরিয়ে আনা, সমাজ ও রাষ্ট্রীয় কাঠামোতে গুণগত পরিবর্তন এবং বৈষম্য দূরীকরণের লক্ষ্যে যেসব শহিদ অকাতরে জীবন দিয়েছেন, তাদের এরপর ২৪ পৃষ্ঠায়

# প্রেসিডেন্ট ট্রাম্প ইন্টেল সিইওকে সরতে বললেন

আজকাল রিপোর্ট

ইন্টেলের নতুন নির্বাহী পরিচালক লিপ-বু ট্যানের তাৎক্ষণিক পদত্যাগ দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প। চীনা কোম্পানির সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে তাকে যুক্তরাষ্ট্রের চিপ আইনকের জন্য অত্যন্ত সংঘাতপূর্ণ বলে অভিহিত করেছেন তিনি। নিজের সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে এ দাবি করেছেন ট্রাম্প।

বার্তা সংস্থার খবরে বলা হয়, ধারণা করা হচ্ছে কৌশলগত পুনর্গঠনের মাধ্যমে ইন্টেলকে এগিয়ে নেয়ার জন্য নেতৃত্বে পরিবর্তন এনেছে প্রযুক্তি খাতের এই প্রতিষ্ঠান। এক্ষেত্রে ট্যানের প্রধান লক্ষ্য হতে পারে প্রতিষ্ঠানটির কর্মী ছাঁটাই এবং পরিকল্পিত কিছু উৎপাদন কেন্দ্র বন্ধ করে খরচ হ্রাস করা। এর আগে চীনা প্রযুক্তি ফার্মগুলোর সঙ্গে ট্যানের সংশ্লিষ্টতার কথা এরপর ২৭ পৃষ্ঠায়



# এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির জমকালো পিকনিক

আজকাল রিপোর্ট

সামাজিক সংগঠন এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটি, ইউএসএ-এর বার্ষিক বনভোজন ও মিলনমেলা প্রাকৃতিক সৌন্দর্য্যে ঘেরা এস্টোরিয়ার রেইনি পার্কে গত ৩ আগস্ট অনুষ্ঠিত হয়। পাঁচ শতাধিক এস্টোরিয়া বাসী, নিউজার্সি, ব্রঙ্কস, ব্রুকলিন, এমনকি সুদূর বাংলাদেশথেকেও অনেক আমন্ত্রিত অতিথি এই মিলন মেলায় অংশগ্রহণ করেন। বনভোজনে প্রধান অতিথি ছিলেন কমিউনিটি ব্যক্তিত্ব ইঞ্জিনিয়ার আব্দুল খালেক। গেস্ট অব অনার ছিলেন বিশিষ্ট ব্যাবসায়ি ও রিয়েলটর তোফার ভুঁইয়া। বনভোজনের উদ্বোধন করেন লায়লের বিস্তারিত ৬৩ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# আর ফ্যাসিবাদ নয়

ফ্যাসিবাদ প্রতিরোধের প্রত্যয়ে ৫ আগষ্ট দেশে বিদেশে নানা কর্মসূচির মাধ্যমে আড়ম্বরপূর্ণভাবে পালিত হয় ঐতিহাসিক জুলাই গণঅভ্যুত্থানের প্রথমবর্ষ পালিত হলো। দিবসটি উপলক্ষে আনন্দ-উৎসাহে সরকারি-বেসরকারি বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। এসব কর্মসূচির অন্তর্ভুক্ত সব আয়োজনের প্রধান লক্ষ্যই ছিল গত বছরের সংঘটিত জুলাই অভ্যুত্থানে নিহত-আহত শহীদদের স্মরণ এবং কোনো স্বৈরাচার বা ফ্যাসিবাদী শাসক যেন আর কখনো দেশের ওপর চেপে বসতে না পারে, সেই প্রত্যয়।

দিনটি উপলক্ষে দেশের মুক্তিকামী ছাত্র-জনতাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। দুজনই স্বৈরাচার ও ফ্যাসিবাদবিরোধী প্রত্যয় ব্যক্ত করেন। রাষ্ট্রপতি তার বাণীতে বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল বৈষম্যমূলক রাষ্ট্রব্যবস্থা ও ফ্যাসিবাদী অপশাসনের বিরুদ্ধে ছাত্র-শ্রমিক-জনতা সম্মিলিত প্রতিরোধ। তিনি বলেন, 'জুলাই গণঅভ্যুত্থান ছিল দীর্ঘদিনের বঞ্চনা, দুঃশাসন, দুর্নীতি, লুটপাট, গুম, খুন, অপহরণ, ভোটাধিকার হরণসহ সব ধরনের অত্যাচার, নিপীড়নের বিরুদ্ধে তরুণ প্রজন্ম ও আপামর জনতার ক্ষোভের বিস্ফোরণ। এ বৈষম্যমূলক ফ্যাসিবাদী ব্যবস্থা বিলোপ করে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, জনগণের ক্ষমতায়ন এবং মতপ্রকাশের স্বাধীনতাকে সুনিশ্চিত করাই ছিল জুলাই অভ্যুত্থানের মূল লক্ষ্য। একটি সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে ফ্যাসিবাদের মূলোৎপাটন করে জুলাইয়ের চেতনার পরিপূর্ণ বাস্তবায়ন করতে হবে।'

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেন, আর কোনো স্বৈরাচারের ঠাঁই হবে না দেশে। জুলাই গণঅভ্যুত্থানকে বাংলাদেশের ইতিহাসের এক অবিস্মরণীয় দিন উল্লেখ করে তিনি বলেন, এক বছর আগে এই দিনে জুলাই গণঅভ্যুত্থান পূর্ণতা পায়। দীর্ঘদিনের ফ্যাসিবাদী শাসন থেকে মুক্ত হয় প্রিয় স্বদেশ। বাংলাদেশের আপামর জনসাধারণ, যাদের যূথবদ্ধ আন্দোলনের ফসল আমাদের এই ঐতিহাসিক অর্জন। তাদের সবাইকে আমি এই দিনে আন্তরিক অভিনন্দন জানাই। প্রধান উপদেষ্টা বলেন, 'হাজারো শহীদের আত্মত্যাগ আমাদের রাষ্ট্র সংস্কারের যে সুযোগ এনে দিয়েছে, তা যে কোনো মূল্যে রক্ষা করতে হবে। পতিত স্বৈরাচার ও তার স্বার্থলোভী গোষ্ঠী এখনো দেশকে ব্যর্থ করার ষড়যন্ত্রে লিপ্ত। দলমত নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধভাবে এ ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে। আসুন সবাই মিলে আমরা এমন এক বাংলাদেশ গড়ে তুলি, যেখানে আর কোনো স্বৈরাচারের ঠাঁই হবে না।'

৫ আগষ্ট সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে বহুল আলোচিত ঐতিহাসিক জুলাই ঘোষণাপত্র পাঠ করেন প্রধান উপদেষ্টা। ঐতিহাসিক এই জুলাই ঘোষণাপত্রেও তিনি ফ্যাসিবাদ ও স্বৈরাচারবিরোধী প্রত্যয় ব্যক্ত করেন।

দীর্ঘ স্বৈরাচারী অপশাসনের বিরুদ্ধে সম্মিলিত বিস্ফোরণ ছিল জুলাই গণ অভ্যুত্থান। যেহেতু জুলাই অভ্যুত্থানের মূল লক্ষ্য ছিল একটি বৈষম্যহীন, দুর্নীতি ও স্বৈরাচারমুক্ত নতুন রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা, সুতরাং দেশের গণতন্ত্র পুনরুদ্ধার করে রাষ্ট্রকে জনগণের হাতে ফিরিয়ে আনার জন্য অবশ্যই ফ্যাসিবাদ প্রতিরোধের এই অঙ্গীকার বাস্তবায়ন করতে হবে।

> ৫ আগষ্ট সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে বহুল আলোচিত ঐতিহাসিক জুলাই ঘোষণাপত্র পাঠ করেন প্রধান উপদেষ্টা। ঐতিহাসিক এই জুলাই ঘোষণাপত্রেও তিনি ফ্যাসিবাদ ও স্বৈরাচারবিরোধী প্রত্যয় ব্যক্ত করেন। দীর্ঘ স্বৈরাচারী অপশাসনের বিরুদ্ধে সম্মিলিত বিস্ফোরণ ছিল জুলাই গণ অভ্যুত্থান। যেহেতু জুলাই অভ্যুত্থানের মূল লক্ষ্য ছিল একটি বৈষম্যহীন, দুর্নীতি ও স্বৈরাচারমুক্ত নতুন রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা, সুতরাং দেশের গণতন্ত্র পুনরুদ্ধার করে রাষ্ট্রকে জনগণের হাতে ফিরিয়ে আনার জন্য অবশ্যই ফ্যাসিবাদ প্রতিরোধের এই অঙ্গীকার বাস্তবায়ন করতে হবে

# আমি কে? : পরিচয়ের অনুসন্ধান

এইচ বি রিতা



মানুষের পরিচয়-এই ধারণাটির পরতে পরতে লুকিয়ে থাকে বহুস্তরীয় জটিলতা। সমাজে আমরা প্রায়শই পরিচিত হই আমাদের জাতিগত অবস্থান, ধর্মীয় সংস্কার, পেশাগত ভূমিকা, আঞ্চলিক উৎস কিংবা পারিবারিক বংশপরিচয়ের আলোকে। এই পরিচয়গুলো, যতোই দৃঢ় বলে মনে হোক না কেন, আসলে এগুলো সমাজ-নির্মিত প্রতিচ্ছবি-আমাদের উপর আরোপিত এক বহির্জাগতিক ছাঁচমাত্র। এগুলো আমাদের চেনায় বটে, কিন্তু আমাদেও প্রকৃত সত্তাকে কি তারা ধারণ করতে সক্ষম? আত্মঅনুসন্ধানের পথে এগোলে আমরা বুঝতে পারি, আত্মপরিচয়-কোনো বাহ্যিক তকমার সমষ্টি নয়; বরং এ এক অন্তর্লীন চেতনা, এক মৌলিক সত্তা যা গঠিত হয় আমাদের চিন্তার ধরণ, নৈতিক অবস্থান, মূল্যবোধের দৃঢ়তা এবং আচরণিক ধারাবাহিকতার মধ্যে দিয়ে। আত্মপরিচয়ের এই অনুসন্ধান শুধু আমাদেরকে সামাজিক তকমা থেকে আলাদা করে না, বরং আমাদের আচরণ ও সিদ্ধান্তের নৈতিক ভিত্তিও তুলে ধরে। আমরা কেমন আচরণ করব, সেটি যদি একমাত্র নির্ধারিত হয় অন্যের আচরণ দ্বারা, তবে আমরা আসলে নিজেদের নয়-অন্যের নিয়ন্ত্রণে। এখানেই উঠে আসে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন: আমি কি আমার নীতির অধীন, নাকি অন্যের আচরণের প্রতিক্রিয়াশীল এক ছায়া?

'আপনি আমাকে সম্মান দিলে আমি আপনাকে সম্মান দিব।আপনি আমাকে সম্মান না দিলে আমি আপনাকে সম্মান দিব না। তবে, আপনাকে অসম্মানও করব না'-এই বক্তব্যটি নীতিশাস্ত্র ও পারস্পরিক সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দার্শনিক অবস্থানকে তুলে ধরে। কীভাবে?

'আপনি আমাকে সম্মান দিলে আমি আপনাকে সম্মান দিব'-এটি পারস্পরিকতা নীতির উদাহরণ। এর মূল দর্শন দাঁড়িয়ে আছে সামাজিক চুক্তির উপর, যেখানে মানুষ একে অপরের প্রতি সৎ ব্যবহার প্রত্যাশা করে এবং তা পালনের মাধ্যমে সামাজিক সম্পর্ক গড়ে তোলে। আমাদের এ ধরণের চিন্তা কন্ট্রাকচুয়ালিজম এ পাওয়া যায়।

দ্বিতীয় বাক্য: 'আপনি আমাকে সম্মান না দিলে আমি আপনাকে সম্মান দিব না'-এটি একটি প্রতিক্রিয়াশীল নীতি, যার মাধ্যমে বলা হচ্ছে, নৈতিক আচরণ কেবল তখনই প্রত্যাশিত, যখন অপর পক্ষও সেই নৈতিকতা রক্ষা করে। এখানে কিছুটা কান্ডিশনাল নৈতিকতা বা এথিক্স কাজ করে, যেখানে নৈতিক আচরণ অন্য পক্ষের আচরণের উপর নির্ভরশীল।

আবার আমরা যদি দ্বিতীয় বাক্যটির সাথে তৃতীয় বাক্যটিকে মিলিয়ে দেখি, 'আপনি আমাকে সম্মান না দিলে আমি আপনাকে সম্মান দিব না। তবে, আপনাকে অসম্মানও করব না।'-তাহলে এখানে একটি নৈতিক সংযম এবং ন্যূনতম মানবিকতার দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়। আমাদের এই বোধ ক্যান্টিয়ান নীতির দিকে ইঙ্গিত করে: *"Treat others not merely as means, but as ends in themselves."* অর্থাৎ, আপনি যদি আমাকে সম্মান না-ও করেন, আমি আপনাকে 'মানুষ হিসেবে' ন্যূনতম মর্যাদা দেব। এখানে একটি পজিটিভ রেসপেক্ট বা অননুরক্ত সংযম রয়েছে।

ক্যান্টীয় নৈতিকতা বা এথিক্স, জার্মান দার্শনিক ইমানুয়েল ক্যান্ট প্রবর্তন করেন। এটি একটি কর্তব্যনিষ্ঠ নৈতিক তত্ত্ব, যা নৈতিক কর্তব্য, নৈতিক আইন এবং অন্যের প্রতি সম্মানকে গুরুত্ব দেয়। এই তত্ত্বের মূলভিত্তি হলো ক্যাটাগরিক্যাল ইম্পারেটিভ বা "শ্রেণীনিরপেক্ষ আদেশ"-যা একটি সার্বজনীন নৈতিক নীতি, এবং যার আলোকে বলা হয়: মানুষকে এমনভাবে আচরণ করতে হবে, যেন তার কাজটি একটি সর্বজনীন আইন রূপে প্রতিষ্ঠিত হতে পারে। ক্যান্ট বিশ্বাস করতেন যে, নৈতিকতার ভিত্তি যুক্তি, এবং নৈতিক নীতিমালা অবশ্যই সার্বজনীন ও শর্তহীনভাবে প্রয়োগযোগ্য হওয়া উচিত। তিনি মনে করতেন, নৈতিক আচরণ কোনো পরিস্থিতি বা ফলাফলের উপর নির্ভরশীল নয়; বরং তা হওয়া উচিত মানুষের যৌক্তিক চেতনা ও কর্তব্যবোধ দ্বারা পরিচালিত।

এই দৃষ্টিভঙ্গিই নৈতিক আত্মসংযম এবং আত্ম-মর্যাদার প্রকাশ। এটি বলতে চায়: আমি অন্যের চরিত্রের প্রতিফলন নই, বরং আমি আমার চরিত্রের অধিকারী। এবং এই বাক্যটি একটি গভীর আত্মদর্শনের প্রকাশ ঘটায়। আমি কেমন আচরণ করব-সেটা আপনি কেমন আচরণ করছেন তার উপর নির্ভর করে না। আমার আচরণ আমার নৈতিক মূল্যবোধ, আত্মশৃঙ্খলা, ও নৈতিক

এরপর ২৮ পৃষ্ঠায়

> আমরা কে-এই প্রশ্নের উত্তর হয়তো কোনো চূড়ান্ত ঘোষণায় ধরা পড়ে না। বরং সেই উত্তর জন্ম নেয় যাত্রার প্রতিটি পদক্ষেপে, যেখানে প্রতিটি চেতনা গড়ে তোলে এক একটি দার্শনিক স্তম্ভ। এবং শেষ পর্যন্ত, 'আমি কে?'-এই প্রশ্নের সবচেয়ে গভীর উত্তর হয়তো এটিই: 'আমি সেই, যে নিরন্তর নিজেকে জানতে চায়'

# গোপালগঞ্জে সেনাবাহিনী ও ৭১ সালের বর্বরতা

সামছুদ্দীন আজাদ



'পানিতে আগুন লাগানো কঠিন, প্রবাহিত নদীকে বিপরীত স্রোতে নেয়া তো আরো কঠিন, কিন্তু কোনটাই এত কঠিন নয়, বিভ্রান্ত জাতিকে সঠিক পথে ফেরানো যতটা কঠিন'- আল্লামা ইকবাল। লেখার শুরুতে পাকিস্তানি কবি আল্লামা ইকবালের বিখ্যাত উক্তিটি স্মরণ করিয়ে দিয়েই বাকি লেখাটা শুরু করতে চাই। কবি যথাযথই বলেছেন - পানিতে আগুন দেয়া একটি কঠিন কাজ, ঠিক তেমনি প্রবাহমান নদীকে স্রোতের উল্টোদিকে নেয়া আরো অনেক কঠিন ও দুঃসাধ্য, তবে তিনি শেষে এসে বলেছেন -কোনটাই এত কঠিন নয় একটি বিভ্রান্ত পথভ্রষ্ট জাতিকে সঠিক পথে ফেরানো যতটা কঠিন। তার এই বিখ্যাত উক্তি আজকের বাংলাদেশের বেলায় শতভাগ প্রযোজ্য।

বাংলাদেশ রাষ্ট্রটি স্বাধীন হয়েছে বাঙালি জাতীয়তাবাদী চেতনাকে সুপ্রতিষ্ঠিত করে-গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালি জাতীয়তাবাদকে প্রতিষ্ঠিত করে ১৯৭২ সালের সংবিধানকে সমুন্নত রাখার প্রত্যয়। দীর্ঘ ২৪ বছরের শাসন শোষণ নির্যাতন বঞ্চনা আর গঞ্জনাকে রুখে দিয়ে - বঙ্গবন্ধুর ৭ই মার্চের তর্জনীর নির্দেশে সাড়ে সাত কোটি বাঙালি সেদিন স্রোতের বিপরীতে যুদ্ধ করে পাকিস্তানি বর্বর নিষ্ঠুর সেনাবাহিনীকে আত্মসমর্পণ করিয়ে, নিজেরা ৩০ লক্ষ মানুষ জীবন বিলিয়ে এ স্বাধীনতা ছিনিয়ে এনেছে। আজ স্বাধীনতার ৫৫ বছর পর আমার অর্জিত স্বাধীনতাকে বিলীন করে দিতে ইঙ্গ মার্কিন সাম্রাজ্যবাদী শক্তি আর পাকিস্তানের পরাজিত শক্ররা তাড়া করেছে বাংলাদেশের নোবেল বিজয়ী ড. ইউনূস কে -এদেশকে পুনরায় পাকিস্তান বানানোর প্রক্রিয়ায় হাঁটতে অথবা এদেশকে জঙ্গিবাদী -মৌলবাদী তালেবানি রাষ্ট্র বানাতে। আর সেটা করতে গেলে প্রয়োজন বিভ্রান্ত পথভ্রষ্ট চরিত্রহীন উন্মাদ -মৌলবাদী -ধর্মান্ধ অসভ্য বর্বর চরিত্রের কিছু মানুষের -সেই মানুষগুলো জোগাড় করেছেন ড. ইউনূস আর অর্থ দিয়েছেন বাইডেন প্রশাসন।

ইঙ্গ মার্কিন সাম্রাজ্যবাদের অর্থ আর সহযোগিতা পেয়ে তারা নির্বাচিত সরকারকে উৎখাত করে - বাঙালি জাতীয়তাবাদে বিশ্বাসী শক্তিকে ধ্বংস করে দিতে সহজে নিজেদের সক্ষমতা প্রমাণ করেছে এবং একই সাথে স্বাধীনতা সার্বভৌমত্বকে ধ্বংস করার জন্য এটার সাথে সম্পৃক্ত - গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, জাতীয়তাবাদ, ৭২ এর সংবিধান, জাতীয় সংগীত, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা, বাঙালি সংস্কৃতির ইতিহাস ঐতিহ্য, ধানমন্ডির ৩২ নম্বরের বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত দীর্ঘ মুক্তি সংগ্রামের সকল কর্মকান্ডের স্মৃতিকাগার ধ্বংস করে দিয়ে গোটা বাঙালি জাতিকে অনেকটা জিম্মি রেখে এ দেশকে নিজেদের নিয়ন্ত্রণে রেখেছে ড. ইউনূস এবং জঙ্গি - মৌলবাদী, হিযবুত তাহেরী ও জামায়াতের অসভ্য বর্বর সন্ত্রাসীরা। আর তাদের নিরাপদ রাখার জন্য সশস্ত্র পাহারা দিয়ে রেখেছে বাংলাদেশ সেনাবাহিনীর বিপথগামী সদস্যরা, জেনারেল ওয়াকারের নেতৃত্বে। গোপালগঞ্জের নিষ্ঠুরতা তারই ধারাবাহিকতা।

জঙ্গি সন্ত্রাসীরা রাষ্ট্র ক্ষমতা দখল করে যখন পুরা রাষ্ট্রের নিয়ন্ত্রণ নিয়ে নিল - এবার তাদের স্বাদ তৈরি হলো সংসদে যাওয়ার, এমপি মন্ত্রী হওয়ার, ড. ইউনূস যেহেতু তাদের গডফাদার তাদের সব ইচ্ছা পূরণের পূর্ণ আশ্বাসও তিনি দিয়ে রেখেছেন। সন্ত্রাসী পাহারায় অত্যাধুনিক অস্ত্র সুসজ্জিত থেকে একে ৪৭ রাইফেল, ৬.৭৬ বুলেট রেডি করে লোক দেখানো সম্মেলন করে এন সি পি নামক রাজনৈতিক দল গঠন করে। রাজনৈতিক দল গঠন করা শেষ - এবার প্রয়োজন জনসমর্থন, আর জনসমর্থন পাওয়ার জন্য শুরু করে দিয়েছে সারাদেশে সশস্ত্র মহড়া এবং সাথে আছে বাংলাদেশের সেনাবাহিনীর সদস্যরা। প্রশ্ন হল তারা যদি রাজনৈতিক প্ল্যাটফর্ম তৈরি করে দেশব্যাপী মহড়া দেয় সেটা হলো তাদের দলীয় কর্মকান্ডের অংশ, কিন্তু সেনাবাহিনী কেন থাকতে হবে তাদের সাথে? তার মানে তারা নিজেরা শঙ্কিত - তাদের কোন গ্রহণযোগ্যতা নেই দেশের কোথাও, তাদের সমর্থন কিন্তু মোট জনসংখ্যার সমর্থনের কোন পার্সেন্টটেজেও পড়ে না, তাছাড়া তারা হচ্ছে সশস্ত্র জঙ্গি সন্ত্রাসী। যেহেতু তাদের গডফাদার ড. ইউনূস - তার নির্দেশে সেনাবাহিনী সার্বক্ষণিক তাদের সশস্ত্র পাহারা দিয়ে রেখেছে। ইতিমধ্যে এই জঙ্গি সন্ত্রাসী এনসিপির সদস্যরা ঘোষণা দিয়েছে - তারা গোপালগঞ্জে মহড়া দিবে, শক্তি প্রদর্শন করবে, এমনকি জাতির পিতার কবর গুঁড়িয়ে দেবে। তারা বলছে তারা একটি রাজনৈতিক দল, কোন রাজনৈতিক দল দেশের সর্বত্র মিটিং মিছিল করবে, সমাবেশ করবে এটা স্বাভাবিক, কিন্তু কেন তারা জাতির পিতার কবর ভেঙ্গে দেবে? এটা তো কোন রাজনৈতিক দলের কর্মসূচি হতে পারে না। তারা কি আসলেই এদেশে রাজনীতি করতে চায় - নাকি স্বাধীন বাংলাদেশের অস্তিত্ব বিপন্ন করার জন্য দেশ ও জাতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে চায়? তারা ঘোষণা দিয়েছে মার্চ টু গোপালগঞ্জ - তারা প্রকাশ্যে ঘোষণা দিয়েছে তারা বঙ্গবন্ধুর মাজার ভাঙবে, আর ওই এলাকার জনগণকে হত্যা করবে, মারধর করবে, গুলি করবে এবং তাদের ঘরবাড়ি লুটপাট করবে, নারীদের ধর্ষণ করবে। এই কাজটি তাদের একার পক্ষে সম্ভব নয় - এজন্য প্রয়োজন সরকারি সমর্থন অর্থাৎ ড. ইউনূসের সমর্থন,

এরপর ২৮ পৃষ্ঠায়

> আর তারা ভাড়া করেছে এনসিপির গুন্ডা সন্ত্রাসী ডাকাতদের - যারা খুব সহজে সন্ত্রাস সৃষ্টি করে এদেশের জনগণকে জিম্মি করে খুব সহজে এ দেশকে পাকিস্তানের মত একটি ব্যর্থ রাষ্ট্র বানাতে পারে। দুঃখের বিষয় হল এমন বর্বরতা যখন দেশব্যাপী চলছিল এমনকি বিএনপির উপরও - বিএনপির কিছু কিছু সন্ত্রাসী নেতা জঙ্গি সন্ত্রাসীদের সমর্থন জোগাচ্ছে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# বাংলাদেশ চালাবেন তো রাজনীতিবিদরা অন্তর্বর্তী সরকার নয়

আলী রিয়াজ

বাংলাদেশ চালাবেন তো রাজনীতিবিদরা, অন্তর্বর্তী সরকার নয়। এজন্যই তো এর নাম অন্তর্বর্তী সরকার। গণমাধ্যমের ওপর চাপ শুধু সরকার, মালিকপক্ষ বা সম্পাদকীয় স্তর থেকেই নয়-এর বাইরেও একটি 'সামাজিক শক্তি' সক্রিয় রয়েছে। কর্তৃত্ববাদী সরকার থেকে গণতান্ত্রিক ধারায় রূপান্তরের সময় এ ধরনের শক্তি তৈরি হয়। দেশে যা ঘটছে, সেটি সে অর্থেই বিবেচনা।

বাংলাদেশে দীর্ঘদিন ধরে আমরা গণমাধ্যমের স্বাধীনতার কথা বলে আসছি আমরা। শেষ পর্যন্ত তা অর্জনে বাধা তৈরি হয়। এর মধ্যে অন্যতম বাধা হিসেবে গণমাধ্যমগুলোর নিজেদের করপোরেট স্বার্থ অনুসরণ না করাই দায়ী । অধিকাংশ মিডিয়া হাউস (গণমাধ্যমের পরিচালক প্রতিষ্ঠান) এখন তাদের অন্যান্য ব্যবসা-বাণিজ্যের নিরাপত্তার জন্য মিডিয়াকে ঢাল হিসেবে ব্যবহার করছে।

যতদিন এই বাস্তবতা থাকবে, ততদিন প্রকৃত অর্থে স্বাধীন সাংবাদিকতা সম্ভব নয়। অনেকেই বলতে পারবেন না-নিউ ইয়র্ক টাইমস, গার্ডিয়ান, সিএনএনের মালিক কে। কিন্তু প্রত্যেকে বাংলাদেশের সংবাদমাধ্যমগুলোর মালিকের নাম এবং তাদের রাজনৈতিক অভিলাস আছে সেটি বলে দিতে পারবেন। কারণ, তাকে আপনি সম্পাদক হিসেবে বা মালিক হিসেবে চেনেন না, আপনি তাকে চেনেন অন্য ব্যবসার কারণে।

যত দিন পর্যন্ত আপনি সংবাদপত্রের মালিকের নাম 'নাম ধরে' চিনবেন, ততদিন পর্যন্ত সংবাদপত্রের স্বাধীনতা দুরূহ হবে। নিউ ইয়র্ক টাইমস বা ওয়াশিংটন পোস্ট বড় পুঁজির রক্ষাকর্তা। কিন্তু সে জমি দখলের রক্ষাকর্তা নয়, এটা বুঝতে হবে। গণমাধ্যমের স্বাধীনতা বলতে হলে-আগে আমাকে বুঝতে হবে গণমাধ্যম কাকে বলবো। সাংবাদিকদের কাছে আমি মাঝে মাঝে প্রশ্ন করি, আয়নার সামনে দাঁড়িয়ে আপনি নিজেকে প্রশ্ন করুন-আপনি সাংবাদিক না রাজনীতিবিদ? আপনাদের নিশ্চয়ই মনে আছে এক বছর আগের ঘটনা। জুলাই আন্দোলনের সময় সাংবাদিকদের ডেকে সাবেক প্রধানমন্ত্রী একটা বৈঠক করেছিলেন। সেখানে যারা উপস্থিত ছিলেন, তারা কে কী বলেছিলেন-তা আপনারা জানেন। এটা সাংবাদিকতা! ওটাকে কি আমি সাংবাদিকতা বলবো? রক্ষা করবো তাকে, বলুন আমাকে। সাংবাদিকদের মধ্যে বিভাজন আছে।

বাংলাদেশের সাংবাদিক ইউনিয়নগুলো-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে), ঢাকা ইউনিয়ন অব জার্নালিস্ট (ডিইউজে)...যাই বলুন, দলীয়ভাবে বিভক্ত হতে হতে কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে আপনি দেখুন। শুধু তাই না, এই প্রশ্নগুলো আমরা করবো না? তারপর বলবো-সাংবাদিকতার জন্য অন্যের কাছে চাইবো। চাইবো অবশ্যই চাইবো।

বাংলাদেশের একটি সম্পাদক পরিষদের পাল্টা বিকল্প হিসেবে দাঁড় করানো হয়েছে রাজনীতির জন্য। প্লেইন অ্যান্ড সিম্পল জিনিস-সেটা রাজনীতির জন্য দলীয় বিবেচনায়। ডিইউজে দুই ভাগ, বিএফইউজে দুই ভাগ। তারা না ট্রেডিং ইউনিয়নের ভূমিকা পালন করে, না রাজনৈতিক দলের ভূমিকা পালন করে।



একটি সুযোগ তৈরি হয়েছে, সবকিছু কেন আমরা সরকারের কাছে চাচ্ছি। একটি অন্তর্বর্তী সরকার সবকিছু করে দেবেন কেন? এখানে একটা প্রশ্ন উঠেছে, রাজনীতিবিদরা কী প্রতিশ্রুতি দিতে পারছেন যে, তারা ক্ষমতায় গেলে ক্ষমতার বাইরে থাকবে। এটা কোন সংস্কার কমিশন প্রস্তাব দিলো কি, না দিলো তাতে কি যায় আসে? বাংলাদেশ চালাবেন তো রাজনীতিবিদরা, অন্তর্বর্তী সরকার না। এজন্যই তো এর নাম অন্তর্বর্তী সরকার। বিরাট একটা গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে যে অর্জন, সেই অর্জনের সবটাই এই সরকার করবে, রাজনৈতিক সংস্কৃতির বদল হবে না! আমি বিস্ময়ের সঙ্গে জিজ্ঞাসা করি-গত ষোল বছর ধরে যে পরিস্থিতি আপনারা মোকাবিলা করেছেন, কেন সাংবাদিক ইউনিয়নের পক্ষ থেকে, আপনাদের পক্ষ থেকে সিভিল সোসাইটিকে যুক্ত করে এমন একটা কিছু তৈরি হলো না, যারা আসলে গত ষোল বছরকে রিভিউ করবেন। কেন কি পরিস্থিতিতে মিডিয়াগুলো এই ভূমিকা পালন করেছে।

কারণ তো একটা আছে। এজন্য আমি কেন বাইরের কাছে যাবো। কেন সাংবাদিক ইউনিয়ন, মালিক পক্ষ, সম্পাদক পরিষদ নয়, তারা তো একসঙ্গে বসতে পারতেন। এক বছর তো গেছে। বসেছে তারা?

বসে বলুন ১৬ বছর আমরা এই ব্যবস্থার মোকাবিলা করেছি, অন্তর্বর্তী সরকারের পরে একটি দলীয় সরকার আসবে। তখন যে এই অবস্থা মোকাবিলা করবো না তার ব্যবস্থাটা কে নেবে? ধরেন অন্তর্বর্তী সরকার ১০টি আইন করে দিয়ে গেল। সেটা সংসদে যাবে, পার্লামেন্টে যদি সেটি পাস না হয় সেটির দুই পয়সার দাম নাই। আইন দিয়ে কীভাবে হবে। আপনি কালচার বদলাচ্ছেন না। মালিকানার ধরন বদলাচ্ছেন না। একজনের কাছ থেকে আরেকজনের দখলে যাচ্ছে।

(৬ জুলাই, রাজধানীর সিরডাপে 'গণমাধ্যমের স্বাধীনতা: অভিযোগ ও স্ব-নিয়ন্ত্রণ অন্বেষণ বিষয়ক সংলাপে'আলী রিয়াজের বক্তব্যেও আলোকে। সেন্টার ফর গভর্ন্যান্স স্ট্যাডিজ এই আলোচনা সভার আয়োজন করে।)




কেন কি পরিস্থিতিতে মিডিয়াগুলো এই ভূমিকা পালন করেছে। কারণ তো একটা আছে। এজন্য আমি কেন বাইরের কাছে যাবো। কেন সাংবাদিক ইউনিয়ন, মালিক পক্ষ, সম্পাদক পরিষদ নয়, তারা তো একসঙ্গে বসতে পারতেন। এক বছর তো গেছে। বসেছে তারা? বসে বলুন ১৬ বছর আমরা এই ব্যবস্থার মোকাবিলা করেছি, অন্তর্বর্তী সরকারের পরে একটি দলীয় সরকার আসবে। তখন যে এই অবস্থা মোকাবিলা করবো না তার ব্যবস্থাটা কে নেবে? ধরেন অন্তর্বর্তী সরকার ১০টি আইন করে দিয়ে গেল। সেটা সংসদে যাবে, পার্লামেন্টে যদি সেটি পাস না হয় সেটির দুই পয়সার দাম নাই। আইন দিয়ে কীভাবে হবে। আপনি কালচার বদলাচ্ছেন না। মালিকানার ধরন বদলাচ্ছেন না। একজনের কাছ থেকে আরেকজনের দখলে যাচ্ছে

# হাসিনা-উত্তর বাংলাদেশের নতুন রাজনৈতিক দৃশ্যপট

নম্রতা বিজি আহুজা

গুরুত্বপূর্ণ দিক হলো- আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের হঠাৎ হারিয়ে যাওয়া। শুধু শারীরিক অনুপস্থিতি নয়, যেন রাজনৈতিক আবহ থেকেই এক নিঃশব্দ নিষ্ক্রমণ ঘটেছে। সেই নিস্তব্ধতা ভাঙবে কীভাবে? এর একমাত্র উপায়- একটি মুক্ত, স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক নির্বাচন। এমন একটি নির্বাচনের মধ্য দিয়েই নতুন বাংলাদেশ গড়ে উঠতে পারে- যেখানে জনগণকে বাদ দিয়ে শাসন আর চলবে না, কিংবা বিরোধী কণ্ঠকে দমন করেও কেউ টিকে থাকতে পারবে না। নাগাল্যান্ডের ভারতীয় নৃতত্ত্ববিদ আব্রাহাম লোথা একদা বলেছেন, যদি আপনি জনগণের কথা না শুনেন, তাহলে আপনি তাদের হয়ে লড়ার অধিকারও হারান। এই শিক্ষা ব্রহ্মপুত্রের দুই তীরেই সমানভাবে প্রযোজ্য

শেখ হাসিনার ১৫ বছরের শাসনের পর বাংলাদেশকে নতুন করে কল্পনা করা সহজ নয়। এটা শুধু তার এই দীর্ঘ সময়ের কর্তৃত্বের জন্য নয়, বরং এ কারণেও যে-বাংলাদেশের মানুষ এখনো অপেক্ষায় আছেন, কী রূপে তারা নির্বাচিত সরকারের মাধ্যমে তাদের দেশকে পুনর্গঠিত করতে পারবেন। ২০২৪ সালের জুলাই মাসে ছাত্র আন্দোলনের মাধ্যমে যে ক্ষোভ বিস্ফোরিত হয়, তা ভুলে যাওয়ার সুযোগ মেলেনি। এমনকি অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকার ক্ষমতায় থাকাকালীনও না। ২০২৫ সালের এপ্রিল মাসে দ্য উইক-এর ঢাকা সফরের সময় দেখা গেছে, প্রধানমন্ত্রীর বাসভবন গণভবনের ভেঙে পড়া প্রাচীর এবং শহরজুড়ে ছড়ানো গ্রাফিতি যেন এটাই জানান দেয়: এবার সময় এসেছে, জনগণই ঠিক করবে তাদের শাসনব্যবস্থা কেমন হবে, সমস্যা কীভাবে সমাধান হবে এবং ভবিষ্যতের বাংলাদেশ কীভাবে গড়ে উঠবে।



শেখ হাসিনার সেই বাসভবনকে একটি জাদুঘরে রূপান্তর করা হয়েছে। নাম দেয়া হয়েছে: 'জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘর'। এই ভিআইপি কমপ্লেক্সটি তৈরি করেন শেখ হাসিনার পিতা, বাংলাদেশের স্থপতি শেখ মুজিবুর রহমান। কিন্তু আজ সেই দেয়ালের গায়ে জর্জরিত ক্ষতের চিহ্নই সাক্ষ্য দেয়, কীভাবে আন্দোলনের ঢেউ সরাসরি হাসিনার দোরগোড়ায় পৌঁছে এবং তাকে দেশ ত্যাগে বাধ্য করে। ধারণা করা হয়, বর্তমানে তিনি দিল্লির একটি অজ্ঞাত স্থানে অবস্থান করছেন।

**নতুন খেলোয়াড়, নতুন কৌশল**

বাংলাদেশে এখন রাজনীতির মঞ্চে নতুন শক্তিগুলি সক্রিয়। সবচেয়ে আগে নজর পড়ে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের ওপর। তিনি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা। তিনি ইতিমধ্যে ঘোষণা দিয়েছেন, ফেব্রুয়ারিতে নির্বাচন হবে। এ বিষয়ে বুধবার থেকেই পদক্ষেপ নেয়া শুরু হবে বলে তিনি জানিয়েছেন জাতির উদ্দেশে দেয়া ভাষণে। ইউনূসের প্রস্তাবিত পথ- সংস্কার, বিচার এবং নির্বাচন। কিন্তু মূল চ্যালেঞ্জটি হচ্ছে- এই সব প্রতিশ্রুতি এবং স্বপ্নের মধ্যে ভারসাম্য বজায় রাখা, যেখানে বিপরীতমুখী স্বার্থ ও আদর্শ একসাথে অবস্থান করছে। এই সুযোগে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি), যারা গত ১৫ বছর রাজনৈতিকভাবে কোণঠাসা ছিল, তারা নতুন উদ্যমে নিজেদের সংগঠিত করছে। দলটি ইতিমধ্যে '৩১ দফা সংস্কার সনদ' উপস্থাপন করেছে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মনে করিয়ে দেন, এই সনদ প্রথম ২০১৬ সালেই তারা প্রকাশ করেন। তার দাবি, বিএনপিই ১৯৭৫ সালে বহুদলীয় ব্যবস্থা প্রবর্তন করে এবং ১৯৯১ সালে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করে। এখন তারা চায়- যত দ্রুত সম্ভব একটি অংশগ্রহণমূলক নির্বাচন হোক।

**জামায়াতের ফিরে আসা এবং উদ্বেগ**

শেখ হাসিনার শাসনামলে নিষিদ্ধ থাকা জামায়াতে ইসলামীর ঘরোয়া রাজনীতি এখন আবার উন্মুক্ত হয়েছে। তবে তারা আদৌ কতটা গ্রহণযোগ্য হবে, সেটি নির্ভর করছে পরবর্তী পদক্ষেপগুলোর ওপর। দলটির আমির ড. শফিকুর রহমান বলেছেন, জামায়াত গঠনমূলক এরপর ২৭ পৃষ্ঠায়



আমরা চাই, কেউ যেন আর না মরে। আমরা চাই, ভবিষ্যতে কোনো স্কুলে আগুন লাগলে সেখানে যেন শিশুদের লাশের গন্ধ না আসে। তাই আমরা জিজ্ঞেস করছি: কেন অনিরাপদ জায়গায় স্কুল চালানো হলো? কেন এতজন শিশু স্কুল ছুটির পরও সেখানে রয়ে গেল? কেন এত বড় আগুনে নিরাপত্তাব্যবস্থা এত নাজুক ছিল? এসব প্রশ্নের উত্তর চাওয়াটাই কি এখন অপরাধ হয়ে গেছে? শেষে কী হবে? কাদা ছোড়াছুড়ি চলবে। মানুষ বিতর্কে মেতে উঠবে। আর মাঝখানে শিশুদের মৃত্যু শুধু একটুখানি 'দুর্ভাগ্যজনক দুর্ঘটনা' হিসেবে পরিণত হবে। এই ব্যর্থতার দায় কেউ নেবে না। কিন্তু আমরা কি এত সহজে ভুলে যাব?

# এক-এগারোর পদধ্বনি নাকি বাঘের গল্প!

> এই লেখার শুরুতেই বলছিলাম মন্তব্যটি এসেছে শেখ হাসিনার সরকার পতনের বর্ষপূর্তির ঠিক একদিন আগে। উপদেষ্টা মাহফুজ আলমের স্ট্যাটাস যখন দেখছি তখন আমি প্রিয় জন্মভূমি থেকে প্রায় আট হাজার কিলোমিটার দূরে ফ্রান্সে অবস্থান করছি। প্রশ্ন রয়ে যায় তাহলে কী এক - এগারো বা শেখ হাসিনার ফ্যাসিস্ট সরকারের শাসন থেকে আমাদের রাজনীতিবিদরা কোন শিক্ষা নেননি? প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আগামী বছর ফেব্রুয়ারি মাসের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের প্রতিশ্রুতি দিলেও দেশের প্রধান রাজনৈতিক দল থেকে শুরু করে সাধারণ মানুষের মধ্যে একটাই প্রশ্ন নির্বাচন হবে তো? আর এই প্রশ্নের মধ্যেই লুকিয়ে আছে উপদেস্টা মাহফুজ আলমের প্রশ্নের উত্তর! যদিও তিনি তার পোস্টে প্রশ্ন রেখে আবার তা সরিয়ে ফেলেছেন

নিয়াজ মাহমুদ



'এক-এগারোর পদধ্বনি শোনা যাচ্ছে!'-এই এক লাইনের স্ট্যাটাসটি ফেসবুকে দিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মাহফুজ আলম। এমন সংক্ষিপ্ত অথচ তাৎপর্যপূর্ণ বার্তাটি মুহূর্তেই সামাজিক যোগাযোগ মাধ্যমে এবং রাজনৈতিক অঙ্গনের পাশাপাশি দেশের বাইরেও আলোচনার জন্ম দিয়েছে। ঘটনাচক্রে, এই মন্তব্যটি এসেছে শেখ হাসিনার সরকার পতনের বর্ষপূর্তির ঠিক একদিন আগে, এমন এক সময়ে যখন জাতীয় রাজনীতিতে উত্তেজনা ও অনিশ্চয়তা বিদ্যমান।

**এক-এগারো: ইতিহাসের প্রতিধ্বনি!**

২০০৭ সালের ১১ জানুয়ারি বাংলাদেশের ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মোড় বদলের দিন। রাজনৈতিক অচলাবস্থার মধ্যে সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতা গ্রহণ করে, যার প্রেক্ষাপটে শুরু হয় এক 'শুদ্ধি অভিযান'। বহু রাজনৈতিক নেতা গ্রেপ্তার হন, গণমাধ্যমের উপর নিয়ন্ত্রণ বাড়ে এবং দীর্ঘ দুই বছর নির্বাচন বন্ধ থাকে। ফখরুদ্দিন আহমেদের নেতৃত্বে সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার গঠিত হলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে তার মায়ের সঙ্গে বন্দী করা হয়। লন্ডনে ১৬ বছরের নির্বাসনকালে জিয়া পরিবার সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হয়। তিনি তার ছোট ভাই আরাফাত রহমান কোকোকে হারান এবং বহু আইনি ও রাজনৈতিক চ্যালেঞ্জের সম্মুখীন হন। আর তাই একে কেউ দেখেন 'সংস্কারের সূচনা' হিসেবে, আবার কেউ বলেন 'গণতন্ত্রের ওপর হস্তক্ষেপ'। সেই পটভূমিতে মাহফুজ আলমের স্ট্যাটাসের তাৎপর্যকে হালকাভাবে নেওয়া যায় না। প্রশ্ন হচ্ছে, তিনি কি কোনো গোপন তথ্যের ইঙ্গিত দিচ্ছেন, নাকি এটি নিছক রাজনৈতিক বার্তা? ওদিকে, দেশ ও জাতির কল্যাণে বিএনপি, জামায়াত ও এনসিপিকে বিভেদ বন্ধ করার আহ্বান জানিয়েছেন আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। গণঅভ্যুত্থানের আহ্বান ও ৪ঠা আগস্ট স্মরণে রাজধানীতে সোমবার পতাকা মিছিল পূর্ব সমাবেশে তিনি এ আহ্বান জানান।



এই লেখা যখন লিখছি তার আগেই নিজের ভেরিফায়েড ফেসবুক আইডি থেকে 'এক-এগারোর পদধ্বনি শোনা যাচ্ছে' শীর্ষক পোস্টটি ডিলিট করেছেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম। তবুও মোটা দাগে প্রশ্ন রয়ে যায়?

**বাঘ আসছে নাকি ভয় দেখানো হচ্ছে?**

বাঙালি সমাজে 'বাঘ আসছে ...রাখাল বালকের গল্প' একটি প্রচলিত রূপক, যা সাধারণত অযথা আতঙ্ক ছড়ানোর জন্য ব্যবহৃত হয়। কিন্তু রাজনৈতিক প্রেক্ষাপটে এই আতঙ্ক যদি সত্যি হয়, তখন তার পরিণাম মারাত্মক হতে পারে। অতীতে একাধিকবার সরকার ও বিরোধী পক্ষ 'সেনা হস্তক্ষেপ', 'বিদেশি চাপ', কিংবা 'অভ্যন্তরীণ চক্রান্ত' নিয়ে পরস্পরকে দোষারোপ করেছে। 'এক-এগারোর মতো পরিস্থিতি হঠাৎ আসে না। তার পেছনে দীর্ঘদিনের অস্থিরতা, জনগণের ক্ষোভ, রাষ্ট্রযন্ত্রের ভেতরের অসন্তোষ ও আন্তর্জাতিক রাজনীতির প্রভাব থাকে। উপদেষ্টার এমন মন্তব্য হয়তো রাজনৈতিক কৌশল বা সতর্কবার্তা হতে পারে।' জুলাই আন্দোলন এবং সরকারের প্রতিক্রিয়া উপদেষ্টা মাহফুজ তার দ্বিতীয় স্ট্যাটাসে জুলাই মাসে দেশের বিভিন্ন আন্দোলনের পেছনের 'প্ররোচনামূলক' ভূমিকাও ইঙ্গিত করেন। অথচ সরকারের ভাষ্যমতে, এসব আন্দোলন 'স্বাভাবিক গণতান্ত্রিক প্রকাশ'। কিন্তু বাস্তবতা বলছে, সিটি নির্বাচন ঘিরে সহিংসতা, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, শিক্ষকদের বেতন আন্দোলনসহ নানা ইস্যুতে জনমনে চাপা ক্ষোভ রয়েছে। বিশ্লেষক মনে করেন, 'যদি সত্যি সত্যি বাঘ আসে, তাহলে সব পক্ষেরই ক্ষতি হবে। ইতিহাস সাক্ষী, এক-এগারোর মতো ব্যবস্থায় শেষ পর্যন্ত কেউই লাভবান হয়নি-না রাজনীতিক, না জনগণ।' বিদেশি প্রভাব এবং আন্তর্জাতিক প্রেক্ষাপট বর্তমান বৈশ্বিক রাজনীতির প্রেক্ষাপটে আন্তর্জাতিক সম্প্রদায়ও বাংলাদেশকে ঘনিষ্ঠভাবে পর্যবেক্ষণ করছে। যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা, ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন সংক্রান্ত উদ্বেগ এবং আঞ্চলিক নিরাপত্তার ইস্যু এসব পদধ্বনির আবহকে আরও গুরুতর করে তোলে। 'রাজনৈতিক স্থিতিশীলতা বিনিয়োগ ও উন্নয়নের পূর্বশর্ত। যদি এক-এগারোর ছায়া আবার ফিরে আসে, তাহলে আন্তর্জাতিক অর্থনৈতিক সম্পর্কও ক্ষতিগ্রস্ত হবে।'

এখন করণীয় কী? গুজব হোক বা সত্য, মাহফুজ আলমের স্ট্যাটাস আমাদের একটি বাস্তবতায় ফিরিয়ে নিয়ে আসে-রাজনৈতিক রেষারেষির পথ দীর্ঘ হলে, চূড়ান্তভাবে ক্ষতিগ্রস্ত হয় গণতন্ত্র ও সাধারণ মানুষ। 'বাঘ আসছে' বলে আতঙ্ক ছড়ানোর আগে রাজনীতিকদের উচিত আস্থা ও আলোচনার পরিবেশ সৃষ্টি করা। না হলে ভবিষ্যতের ইতিহাস হয়তো আবার লিখবে -'একটা সতর্কবার্তা এসেছিল, কেউ শোনেনি।' এই লেখার শুরুতেই বলছিলাম মন্তব্যটি এসেছে শেখ হাসিনার সরকার পতনের বর্ষপূর্তির ঠিক একদিন আগে। উপদেষ্টা মাহফুজ আলমের স্ট্যাটাস যখন দেখছি তখন আমি প্রিয় জন্মভূমি থেকে প্রায় আট হাজার কিলোমিটার দূরে ফ্রান্সে অবস্থান করছি। প্রশ্ন রয়ে যায় তাহলে কী এক - এগারো বা শেখ হাসিনার ফ্যাসিস্ট এরপর ৩৬ পৃষ্ঠায়


SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিষ্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098799

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE 212-808-0790
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

BEST TAX EXPRESS INC.

ট্যাক্স
একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution

FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING
( Business & Non profit )

Call Us
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

Email Us
besttaxexpress@gmail.com

OpenTime
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

Website
www.besttaxexpress.com

Endicott Branch
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

Main Branch
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

Buffalo Branch
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

Jamaica Branch
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

Woodside Branch
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# হাসিনার পতনই যেন একমাত্র প্রাপ্তি না হয়

> হাসিনার স্বৈরশাসনের কল্যাণে আমাদের দেশের রাজনীতিতেও এখন চরম দক্ষিণপন্থার প্রভাব লক্ষণীয় হয়ে উঠেছে। খুব বেশি আশা না করে এখন এই দুই বিপদ ঠেকানোই সম্ভবত আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। নির্বাচনী রাজনীতিই প্রতিক্রিয়াশীল উত্থান ঠেকাতে পারে। সহিংস রাজনীতির যে ধারাবাহিকতা আমরা উত্তরাধিকার সূত্রে বহন করে চলেছি, সেই ঝুঁকি ও দক্ষিণপন্থার উত্থান ঠেকানোর প্রাথমিক ও কার্যকর পথ হতে পারে যত দ্রুত সম্ভব নির্বাচনী রাজনীতির চর্চা শুরু করা। প্রধান উপদেষ্টা অধ্যাপক ইউনূস আগামী রোজার আগে ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচনের সুনির্দিষ্ট সময়সীমা ঘোষণা করেছেন। গণ-অভ্যুত্থানের প্রাপ্তি শুধু হাসিনা পতনে আটকে না থেকে সুষ্ঠু নির্বাচনের দিকে এগিয়ে যাক, গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে আপাতত এটাই চাওয়া

## এ কে এম জাকারিয়া



একনায়ক বা স্বৈরশাসকের পতন স্বাভাবিক বা শান্তিপূর্ণ হয় না। তাকে উৎখাত করতে হয়। বিপ্লব, গণ-অভ্যুত্থান বা ক্যু-এগুলোই পথ।

চার্লস টিলি বা ফ্রাঞ্জ ফানোঁর মতো সমাজ ও রাষ্ট্রতাত্ত্বিকদের কথা ধার করে বলা যায়, সহিংসতা ও সংঘাতের পথেই যেহেতু রাষ্ট্র গড়ে ওঠে, তাই রাষ্ট্রের রাজনীতিতেও ধারাবাহিকতা হিসেবে সহিংসতা টিকে থাকে। বিশেষ করে উপনিবেশ থেকে মুক্ত হওয়া রাষ্ট্র বা স্বাধীনতাসংগ্রামের মধ্য দিয়ে গড়ে ওঠা দেশগুলোতে সহিংসতা উত্তরাধিকার হিসেবেই থেকে যায়। এমন একটি রাষ্ট্রে যখন স্বৈরাচার চেপে বসে, তখন তাকে সরানোর পথটিও হয় সহিংস।

হাসিনার পতন হবে, এটা জানাই ছিল। কিন্তু জানা ছিল না কবে ও কীভাবে তা ঘটবে। সঙ্গে স্বাভাবিকভাবে এই আশঙ্কাও ছিল যে হাসিনার উৎখাত-পর্ব হতে পারে রক্তাক্ত। বিএনপিসহ দেশের বিরোধী রাজনৈতিক শক্তি ১০-১১ বছর ধরে এই শাসনের বিরুদ্ধে লড়াই করার চেষ্টা করেছে। তখনো রক্ত ঝরেছে। গুম, খুন ও নানা কায়দার দমন-নিপীড়ন চালিয়ে হাসিনা তা দমন করেছেন। বিএনপির দীর্ঘ সরকার পতনের আন্দোলন সফল হয়নি। কারণ, শুধু দলের নেতা-কর্মীদের আন্দোলন দিয়ে স্বৈরশাসনের পতন বা গণ-অভ্যুত্থান ঘটানো যায় না। জনগণের অংশগ্রহণ লাগে। মানুষ হাসিনার পতন চাইলেও বিএনপি তাদের আন্দোলনের সাথি করতে পারেনি। পারলে তারাই হতো গণ-অভ্যুত্থানের নেতৃত্ব দেওয়া দল।

২.

দেশের মানুষ স্বৈরশাসন থেকে মুক্তির পথ খুঁজছিল, আবার বিএনপির পেছনে জড়ো হওয়ার ভরসাও পাচ্ছিল না। ২০১৮ সালে শিক্ষার্থীরা যখন নিরাপদ সড়কের দাবিতে রাস্তায় নামে, তখন সাধারণ মানুষ তাদের পাশে এসে দাঁড়ায়। অরাজনৈতিক সেই আন্দোলনের স্বতঃস্ফূর্ততা ও তীব্রতা সরকারের মনে পতনের ভয় ধরিয়ে দিয়েছিল। তারা কোনো ঝুঁকি নেয়নি, আন্দোলন দমনে তারা পুলিশের পাশাপাশি কাজে লাগায় ছাত্রলীগ-যুবলীগের হেলমেট বাহিনীকে। সহিংসতার শিকার স্কুল-কলেজের সেই শিক্ষার্থী, তাদের অভিভাবক ও জনতা ঘরে ফিরলেও তারা অপেক্ষায় ছিল। ছয় বছর পর আবারও শিক্ষার্থীরাই সেই সুযোগ তৈরি করে। অরাজনৈতিক কোটাবিরোধী আন্দোলনে অসমসাহস নিয়ে শিক্ষার্থীরা যখন স্বৈরাচারের মুখোমুখি দাঁড়িয়ে যায়, তখন মানুষ তাদের পেছনে জড়ো হতো শুরু করে। দেশের মানুষ হাসিনা উৎখাতের আন্দোলনে শরিক হওয়ার জন্য এমনই একটি শক্তির অপেক্ষা করছিল। একই সঙ্গে স্বৈরাচারবিরোধী রাজনৈতিক দলগুলোও মাঠে নামে। এবার জনগণ আর কোনো পরিণতি ছাড়া ঘরে ফিরতে রাজি ছিল না। ৫ আগস্ট দেশে গণ-অভ্যুত্থান হয়েছে, কোনো সুসংগঠিত রাজনৈতিক শক্তি বা দলের অধীনে বা কোনো আদর্শের ভিত্তিতে বিপ্লব হয়নি। গণ-অভ্যুত্থানের মূল লক্ষ্য ছিল শেখ হাসিনার বিদায়, স্বৈরশাসনের অবসান। সেই লক্ষ্য অর্জিত হয়েছে।

৩.

৫ আগস্টের পরের রাজনৈতিক অনিশ্চয়তা এবং গণ-অভ্যুত্থানের পক্ষের শক্তিগুলোর মধ্যে বিরোধ ও স্বার্থের দ্বন্দ্ব বিবেচনায় নিয়ে এ বছর ১৫ জানুয়ারি প্রথম আলোতে লেখা এক কলামের শিরোনামেই প্রশ্ন রেখেছিলাম, 'হাসিনার পতন নিয়েই কি খুশি থাকতে হবে'। গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে সম্ভবত এর উত্তর আমাদের কাছে পরিষ্কার হতে শুরু করেছে। ৫ আগস্ট যেহেতু দেশে কোনো বিপ্লব হয়নি, অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া শিক্ষার্থী, সহযোগী রাজনৈতিক দল ও শক্তি এবং সাধারণ মানুষের মনে হাসিনাকে উৎখাত করা ছাড়া আর কোনো দূর-চিন্তাও তাই ছিল না। সরকার গঠন নিয়ে বিভ্রান্তিসহ ৫ আগস্টের পরের ঘটনাবলিই এর প্রমাণ। তবে ৫ আগস্টের পর থেকে আমরা অনেকেই বলতে শুরু করেছি যে গণ-অভ্যুত্থানের কিছু আকাঙ্ক্ষা রয়েছে। প্রশ্ন হচ্ছে, এই আকাঙ্ক্ষাগুলো কী? কে তা ঠিক করে দিয়েছে? শেখ হাসিনার স্বৈরশাসনে বাংলাদেশ থেকে নির্বাচন বিষয়টি হারিয়ে গেছে, সুষ্ঠু নির্বাচন তাই গণ-অভ্যুত্থানের একটি বড় আকাঙ্ক্ষা। কিন্তু এর বাইরেও 'গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা' হিসেবে আরও কিছু বিষয় সামনে চলে এসেছে। এগুলোর অধিকাংশই আমরা পেয়েছি গণ-অভ্যুত্থানের আগে-পরের দেয়াললিখন থেকে। আর ১৫ বছর ধরে যেভাবে আমরা প্রতিষ্ঠানগুলোকে ধ্বংস হতে দেখেছি, সেগুলো মেরামত করার আকাঙ্ক্ষা আমাদের ভেতরে দীর্ঘদিন ধরে তৈরি হয়েছে। এ সময় আমরা যে অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছি, তার মুখোমুখি যেন আমাদের সামনে আর হতে না হয়; অর্থাৎ ভবিষ্যতে স্বৈরশাসন যেন আর কোনোভাবে কেউ কায়েম করতে না পারে, সেই পথ বন্ধ করার আকাঙ্ক্ষাও তৈরি হয়েছে। আমরা ভেবেছি, সংস্কারের মধ্য দিয়ে আমরা আমাদের চাওয়াগুলো পূরণ করতে পারব। গণ-অভ্যুত্থানের রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে অনৈক্য ও বিরোধ এবং রাষ্ট্র পরিচালনায় অন্তর্বর্তী সরকারের দক্ষতার ঘাটতি, প্রয়োজনীয় সক্রিয়তার অভাব, সিদ্ধান্তহীনতা ও অনেক ক্ষেত্রে নির্বিকার অবস্থান-এই সবকিছু মিলিয়ে গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি খুব আশা জাগায় না।

৪.

এখন যখন সংস্কারের প্রক্রিয়া চলছে, তখন আমরা দেখছি, গণতান্ত্রিক রূপান্তর কীভাবে ঘটবে, তা নিয়ে রাজনৈতিক দলগুলো একমত হতে পারছে না। এরপর ২৪ পৃষ্ঠায়



# জুলাই কারও বাপের সম্পত্তি নয়

## কাজী আশফিক রাসেল

জিম্বাবুয়ের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে রবার্ট গাব্রিয়েল মুগাবে ছিলেন একসময়ের মহানায়ক। তবে স্বাধীনতার পর ক্ষমতার মোহ ও স্বৈরতান্ত্রিক আচরণে তিনি নিজ জাতির মানুষের কাছে ঘৃণিত এক শাসকে পরিণত হন। পৃথিবীর ইতিহাসে এ রকম আরও অনেক উদাহরণ দেওয়া যাবে। বাংলাদেশেও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে এ রকম কথা বলা যায়। ১৯৭১ সালের পূর্ব পর্যন্ত যিনি ছিলেন গণমানুষের আশার আলো, সংগ্রামের প্রতীক। তিনি জীবনের অনেকটা সময় ধরে পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠীর বিরুদ্ধে লড়াই-সংগ্রামে নেতৃত্ব দিয়ে এ দেশের মানুষের কাছে অবিসংবাদিত নেতার স্বীকৃতি পেয়েছিলেন। কিন্তু স্বাধীনতা-পরবর্তী সময়ে বাংলাদেশে তাঁর শাসনকাল সে রকম উজ্জ্বল ছিল না।

এই রক্তাক্ত অতীত থেকে শিক্ষা না নেওয়ার ফলেই বাংলাদেশের রাজনৈতিক বৃত্ত আজও ভাঙছে না। স্বৈরতন্ত্র থেকে গণতন্ত্রে উত্তরণের প্রতিটি সংগ্রাম যেন কেবল শাসকের মুখ বদলের নামান্তর হয়ে থাকছে। সর্বশেষ ২০২৪ সালের জুলাই অভ্যুত্থান আমাদের জাতীয় ইতিহাসে এক অনন্য পালাবদল। 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' ব্যানারে শুরু হওয়া আন্দোলনে দেশের সর্বস্তরের মানুষ, ছাত্র, ধর্মীয় ও রাজনৈতিক শক্তিগুলো ঐতিহাসিক ভূমিকা পালন করে এই পরিবর্তনের পথ সুগম করে। মানুষের মনে আশা জাগে, এবার সত্যিকার অর্থেই কিছু বদলাবে। কিন্তু সেই আশা আজ ধীরে ধীরে বিষাদে রূপ নিচ্ছে। কারণ, এই আন্দোলনের ধারক ও বাহক হিসেবে প্রতিষ্ঠিত প্ল্যাটফর্ম 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' থেকে যে নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) গঠিত হয়েছে, তাদের তরুণ নেতারা ইতিমধ্যেই বিতর্কিত কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছেন। জনগণের রক্ত, ঘাম ও চোখের জলে অর্জিত একটি স্বপ্নকে এখন তাঁরা নিজেদের ব্যক্তিগত ক্যারিয়ার তৈরির সিঁড়ি হিসেবে ব্যবহার করছেন, যেমনটি করেছিল বিগত সরকার।

আমার এক শিক্ষক প্রায়ই বলতেন, 'বাংলাদেশ হচ্ছে একটি ডাইনিং টেবিল। এখানে যারাই চেয়ারে বসে, তারাই খেতে চায়।' আজ সেই কথা যেন বারবার সত্য প্রমাণিত হচ্ছে। আমরা আশা করেছিলাম, 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' তার আরাধ্য ভূমিকা শেষ করে স্বতঃসিদ্ধভাবে বিলুপ্ত হবে, ইতিহাসে জায়গা করে নেবে, বিতর্ক এড়িয়ে চলবে। কিন্তু দেখা যাচ্ছে, বিপরীতে এ প্ল্যাটফর্মটি রূপ নিচ্ছে চেতনা-ব্যবসার নতুন দোকানে।

আওয়ামী লীগ যেভাবে মুক্তিযুদ্ধকে নিজের সম্পত্তি বানিয়ে গোটা জাতিকে জিম্মি করেছিল, সেই একই পথে হাঁটছে এই নতুন শক্তি। শুধু মুখোশ পাল্টেছে, চরিত্র নয়। আর ইতিহাস আমাদের বলে, এই রকম চেতনা-ব্যবসায়ীদের পতন অনিবার্য। শেখ মুজিবের 'বাকশাল' যেমন রাষ্ট্রের গণতান্ত্রিক শ্বাসরোধ করেছিল, তেমনি যদি এনসিপি নিজেদের বিপ্লবী পরিচয়কে পুঁজি করে স্বেচ্ছাচারিতা চালায়, তাহলে তাদের পরিণতিও ইতিহাসের ধুলোয় হারিয়ে যাওয়া এক 'ট্র্যাজেডি' হবে।

আলোকচিত্রী ড. শহিদুল আলম একুশে পদক গ্রহণের সময় একটি কথা পাঞ্জাবির পেছনে লিখেছিলেন: 'এই বিপ্লবও কারও বাপের না'। এটি কোনো কাব্যিক উক্তি নয়, বরং বাংলাদেশের বর্তমান রাজনৈতিক বাস্তবতায় এক অনমনীয় সতর্কবার্তা। কারণ এই গণ-আন্দোলন ছিল না কোনো সংগঠনের একক অর্জন, কোনো দলের মালিকানাভুক্ত প্রজেক্ট নয়, এটি ছিল জনগণের দীর্ঘ বঞ্চনার বিস্ফোরণ।



গণ-অভ্যুত্থান তখনই টিকে থাকে, যখন তা নৈতিকতা, মূল্যবোধ ও গণমুখীনতাকে লালন করে। ব্যক্তিস্বার্থ ও গোষ্ঠীবাজি যদি এর ওপর ভর করে, তাহলে সেই গণ-অভ্যুত্থান নিজেই নিজের মৃত্যু ঘটায়। আজকের তরুণ নেতৃত্ব যদি এই ইতিহাস ভুলে যান, তবে তাঁদের ভাগ্য হবে পতিত স্বৈরাচারদের মতোই।

তাই, এখনই সময় আত্মসমালোচনার। এখনই সময় নিজেদের প্রশ্ন করার, 'কেন এই গণ-আন্দোলন'?, 'কার জন্য এই সংগ্রাম'? যে গণ-অভ্যুত্থান বহু রক্ত ও আত্মত্যাগের মাধ্যমে অর্জিত, তাকে কোনো দল, গোষ্ঠী বা নেতা একক মালিকানা দাবি করতে পারেন না। 'জুলাই আন্দোলন' এই দেশের প্রতিটি প্রান্তিক মানুষের, প্রতিটি শহীদের, প্রতিটি প্রতিবাদীর। তাই এই অভ্যুত্থানকে ধ্বংস হতে না দিতে চাইলে আজকের তরুণ নেতৃত্বকে হতে হবে আত্মজিজ্ঞাসাপূর্ণ, নৈতিকতায় অটল এবং জনগণের কাছে জবাবদিহিমূলক। নইলে ইতিহাস আরেকটি চক্রে ঘুরে আসবে, আমরা আবার প্রতারিত হব, আর বিপ্লব হারাবে আত্মা।

লেখক: শিক্ষার্থী, রাজশাহী বিশ্ববিদ্যালয়।




> আজকের তরুণ নেতৃত্ব যদি এই ইতিহাস ভুলে যান, তবে তাঁদের ভাগ্য হবে পতিত স্বৈরাচারদের মতোই। তাই, এখনই সময় আত্মসমালোচনার। এখনই সময় নিজেদের প্রশ্ন করার, 'কেন এই গণ-আন্দোলন'?, 'কার জন্য এই সংগ্রাম'? যে গণ-অভ্যুত্থান বহু রক্ত ও আত্মত্যাগের মাধ্যমে অর্জিত, তাকে কোনো দল, গোষ্ঠী বা নেতা একক মালিকানা দাবি করতে পারেন না। 'জুলাই আন্দোলন' এই দেশের প্রতিটি প্রান্তিক মানুষের, প্রতিটি শহীদের, প্রতিটি প্রতিবাদীর। তাই এই অভ্যুত্থানকে ধ্বংস হতে না দিতে চাইলে আজকের তরুণ নেতৃত্বকে হতে হবে আত্মজিজ্ঞাসাপূর্ণ, নৈতিকতায় অটল এবং জনগণের কাছে জবাবদিহিমূলক। নইলে ইতিহাস আরেকটি চক্রে ঘুরে আসবে, আমরা আবার প্রতারিত হব, আর বিপ্লব হারাবে আত্মা

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS




### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।


আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট


কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট


জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট


কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট


মাহির
ট্রাভেল কনসালটেন্ট


জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট


নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# এ মুহূর্তে সুষ্ঠু নির্বাচন সবচেয়ে গুরুত্বপূর্ণ

আনু মুহাম্মদ

৫ আগস্ট বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা একটি দিন। গত বছর ছাত্র-জনতার মাসাধিককাল চলা সরকারবিরোধী আন্দোলনের সফল পরিণতি ঘটে শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের একটানা শাসনের সমাপ্তির মধ্য দিয়ে। গত বছরের শিক্ষার্থীদের আন্দোলন ছিল বিস্ময়কর এবং নবচেতনায় উদ্দীপ্ত। ছাত্ররা সরকারি চাকরিতে বিদ্যমান কোটা সুবিধা সংস্কারের দাবিতে প্রাথমিকভাবে আন্দোলন শুরু করে। পর্যায়ক্রমে সেই আন্দোলন বৈষম্যবিরোধী আন্দোলনে রূপ নেয়। পরবর্তীকালে সরকারের অসহিষ্ণু আচরণ ও নির্মম নির্যাতনের কারণে বৈষম্যবিরোধী আন্দোলন বেগবান হয় এবং একপর্যায়ে তা সরকার পতনের চূড়ান্ত আন্দোলনে পরিণত হয়। সরকার যদি শিক্ষার্থীদের আলোচনায় ডেকে তাদের যৌক্তিক দাবি মেনে নিত, তাহলে হয়তো শিক্ষার্থীদের আন্দোলন এতটা তীব্র আকার ধারণ করত না। সরকারের শীর্ষপর্যায় থেকে শিক্ষার্থীদের দাবি উপেক্ষা করা হয়। ফলে একপর্যায়ে তারা সরকার পতনের একদফা আন্দোলন গড়ে তোলে।

আমাদের দেশে সাধারণত রাজনৈতিক দলগুলোই সরকার পতনের আন্দোলন করে। কিন্তু গত বছর জুলাই-আগস্টে সরকার পতনের যে আন্দোলন হয়েছিল, তার সূচনা হয়েছিল ছাত্রদের মাধ্যমেই। পরবর্তী সময়ে রাজনৈতিক দলগুলো সেই আন্দোলনে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত হয়। সরকার আন্দোলন দমনের নামে যতই নির্যাতন চালাতে শুরু করে, আন্দোলন ততই বেগবান হয়। একপর্যায়ে সরকারের পতন ঘটে। শেখ হাসিনা পদত্যাগ করে দেশত্যাগে বাধ্য হন। গত বছরের শিক্ষার্থী আন্দোলনের একটি বৈশিষ্ট্য ছিল এতে পাবলিক বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও ব্যাপকভাবে অংশগ্রহণ করে। এমনকি কলেজের শিক্ষার্থীরাও আন্দোলনে যুক্ত হয়েছিল। প্রতিবার গণ-আন্দোলনের মাধ্যমে সরকার পরিবর্তিত হলে একধরনের প্রত্যাশা সৃষ্টি হয়। মানুষ মনে করে, তাদের সমস্যা সম্ভবত এবার নিরসন হবে। গত বছরের আন্দোলনের মাধ্যমে শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের নির্মম শাসনের অবসান হলে সব শ্রেণির মানুষের মনে উচ্চ প্রত্যাশা সৃষ্টি হয়; কিন্তু সেই প্রত্যাশা ইতোমধ্যেই ফিকে হতে শুরু করেছে। অন্তর্বর্তী সরকার মানুষের প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়েছে। কোনো ক্ষেত্রেই দৃশ্যমান অগ্রগতি হয়নি। প্রতিবার আন্দোলনের মাধ্যমে সরকার পতন হলে কয়েকদিন আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলেও অতি দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আসে। কিন্তু এবার এর ব্যত্যয় লক্ষ করা যাচ্ছে। দেশব্যাপী সন্ত্রাস-নৈরাজ্য চলছে। বিশেষ করে মব সন্ত্রাস অতীতের যে কোনো সময়ের চেয়ে বেড়েছে। সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি পাওয়ার দিয়ে অপারেশন ডেভিল হান্ট পরিচালনা করা হয়েছে। কিন্তু এরপরও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হচ্ছে না। মানুষ ঘর থেকে বের হতে সাহস পাচ্ছে না।

দেশের মানুষের মাঝে বিভাজন ও বৈষম্য সৃষ্টির কারণে শেখ হাসিনার পতন হয়েছে। কিন্তু আমরা কি এখন বিভাজনের রাজনীতি থেকে বেরিয়ে আসতে পেরেছি? রাজনৈতিক দলগুলোর মধ্যে জুলাই আন্দোলনের মাধ্যমে যে দৃঢ় ঐক্য গড়ে উঠেছিল, তা শিথিল হয়ে গেছে। মনে হচ্ছে, দেশ আবারও আগের মতো নৈরাজ্যজনক অবস্থার দিকে ধাবিত হচ্ছে। শেখ হাসিনার বিরুদ্ধে সব শ্রেণি-পেশার মানুষ ঐক্যবদ্ধ হয়ে জীবনবাজি রেখে মাঠে নেমেছিল। এমন বিজয় আমরা অতীতেও বারবার দেখেছি। কিন্তু বিশ্বাসঘাতকতার কারণে বারবার বিজয় ব্যর্থ হয়েছে। দেশের রাজনৈতিক দলগুলোর মধ্যে যেভাবে বিভেদ সৃষ্টি হচ্ছে, তার কারণে জুলাই বিপ্লবের উদ্দেশ্যও ব্যর্থ হতে পারে।



অন্তর্বর্তী সরকারের বিভিন্ন অসংগতি নিয়ে কথা বললেই বলা হয় সবকিছু রাতারাতি পরিবর্তন করা সম্ভব নয়। আমরাও জানি সবকিছু রাতারাতি পরিবর্তন করা সম্ভব নয়। কিন্তু আমরা পরিবর্তনের সূচনা দেখতে চাই। কিন্তু সবকিছু আগের মতোই গতানুগতিক ধারায় চলছে। পাহাড় ও সমতলের মানুষ সমানভাবে আক্রান্ত হচ্ছে। কারও নিরাপত্তা নেই। চব্বিশের আন্দোলন হয়েছিল কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্য দূরীকরণের জন্য; কিন্তু এ সরকারের আমলে কোনো ক্ষেত্রেই বৈষম্য দূর হচ্ছে না। ছাত্র-জনতা শুধু এক সরকারের পরিবর্তে আরেক সরকারকে ক্ষমতায় বসানোর জন্য আন্দোলন করেনি। রাজনৈতিক দলগুলো এখনো সংস্কার প্রশ্নে একমত হতে পারেনি। সরকার মব সন্ত্রাস দমন করতে পারছে না। সরকারের কোনো কোনো কর্তাব্যক্তি মব সন্ত্রাসের পক্ষে সাফাই গাইছেন।

আমাদের দেশে দেখা যায়, যারা বিভিন্ন সময় আন্দোলনে গিয়ে প্রাণ হারায়, তাদের পরিবার পরবর্তীকালে নিঃস্ব হয়ে পড়ে। এবারও এর লক্ষণ দেখা যাচ্ছে। যারা জুলাই আন্দোলনে শহীদ হয়েছেন, তাদের সঠিক ও পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করতে হবে। যারা আহত হয়েছেন, তাদের সুচিকিৎসা দিতে হবে। আন্দোলনকারী শিক্ষার্থী এবং যেসব পুলিশ সদস্য নিহত হয়েছেন, তাদের নিহত হওয়ার প্রেক্ষাপটসহ আহত ও নিহতদের পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করতে হবে। বাংলাদেশের মানুষের অতীতের সব লড়াইকে গুরুত্ব দিতে হবে এবং একাত্তরের মুক্তিযুদ্ধকে সবার উপরে রাখতে হবে। যারা একাত্তরের মহান মুক্তিযুদ্ধকে ছোট করে দেখাতে চায়, তারা গণ-অভ্যুত্থানের প্রতিপক্ষ শক্তি। একাত্তরের মুক্তিযুদ্ধ আওয়ামী লীগের সম্পত্তি নয়। তাদের কবল থেকে মুক্তিযুদ্ধকে উদ্ধার করে জনগণের মালিকানায় নিয়ে আসতে হবে। চব্বিশের গণ-অভ্যুত্থানকেও নতুন ধরনের চাঁদাবাজ, দখলদার, সাম্প্রদায়িক ও ধর্মীয় ফ্যাসিবাদী শক্তি অপব্যবহার করা শুরু করেছে। তাদের কাছ থেকেও এ অভ্যুত্থানকে জনগণের মালিকানায় এরপর ২৮ পৃষ্ঠায়




> সংস্কার একটি দীর্ঘমেয়াদি এবং চলমান প্রক্রিয়া। তাই সংস্কারের নামে সবকিছু বন্ধ করে বসে থাকা উচিত হবে না। অন্তর্বর্তী সরকার বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের সূচনা করতে পারে; নির্বাচিত সরকার এসে সংস্কার সম্পন্ন করবে। নির্ধারিত সময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে তাদের দায়িত্ব শেষ করতে পারে। বিগত সরকার আমলে ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে দেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। আগামী দিনে তারা যেন সঠিকভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, এর ব্যবস্থা করতে হবে। আমাদের মনে রাখতে হবে, সুযোগ বারবার আসে না। জুলাই আন্দোলনের মাধ্যমে রাষ্ট্র সংস্কারের যে সুযোগ সৃষ্টি হয়েছে, একে কাজে লাগাতে হবে

# রাজনীতিতে দক্ষিণপন্থার উত্থান নিয়ে ভাবনা-দুর্ভাবনা

বিভুরঞ্জন সরকার

> এখন সময় হয়েছে সতর্ক হওয়ার, আবারও প্রশ্ন তোলার এবং সবচেয়ে বেশি দরকার- আমরা যাঁরা এখনো যুক্তিবাদে বিশ্বাস করি, যাঁরা এখনো অসাম্প্রদায়িকতা ও ন্যায়ের পক্ষে আছি, আমাদের নিজেদের অবস্থান স্পষ্ট করা। মানিয়ে নেওয়া শেষ পর্যন্ত আত্মসমর্পণ হয়ে দাঁড়ায়। ইতিহাসে যাঁদের নামে আমাদের গর্ব, তাঁরা কেউ মানিয়ে নেননি। তাঁরা প্রশ্ন তুলেছেন। তাঁরা জেল-জুলুম উপেক্ষা করেও অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়েছেন। এখনই সময়, আমরা যদি সত্যিকার অর্থে একটি মানবিক, সহনশীল, বিজ্ঞানমনস্ক ও প্রগতিশীল সমাজ গড়তে চাই, তাহলে এই মুহূর্তেই আমাদের জোর গলায় বলতে হবে-উগ্র দক্ষিণপন্থা নয়, মানবতা; দমন নয়, বিতর্ক; ক্ষমতার অন্ধ মোহ নয়, মানুষের অধিকারই হোক রাষ্ট্রের চালিকাশক্তি

একটি জাতীয় দৈনিকের পক্ষ থেকে সম্প্রতি বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের একটি সাক্ষাৎকার নেওয়া হয়। আরও অনেক প্রশ্নের সঙ্গে বিএনপির মহাসচিবের কাছে একটি প্রশ্ন ছিল, 'আওয়ামী লীগের দীর্ঘ ফ্যাসিবাদী শাসনের অবসানের পর দেশের রাজনীতিতে দক্ষিণপন্থীদের উত্থান হতে যাচ্ছে। বিশ্লেষকদের কেউ কেউ বিষয়টি আলোচনায় এনেছেন। আপনি কী দেখেন?'



মির্জা ফখরুল জবাবে বলেন, 'আমিও দেখছি। সে জন্য আমি উদ্বিগ্ন। আমি বাংলাদেশকে সব সময় একটা সত্যিকার অর্থে উদারপন্থী গণতান্ত্রিক বাংলাদেশ হিসেবে দেখতে চাই এবং এখানে গণতন্ত্র হবে সবচেয়ে বড় বিষয়। সেই জায়গায় যদি এখন এমন এমন রাজনৈতিক শক্তির উত্থান হয়, যারা গণতন্ত্রেই বিশ্বাস করে না। পরিষ্কার ঘোষণা দিয়ে করে না। আবার তারা নিজেরা জোর করে চাপিয়ে দিতে চায় মতবাদকে, এটা নিঃসন্দেহে অ্যালার্মিং সিচুয়েশন। কিছু কিছু দলের মধ্যে এমনও কথা আছে যে মহিলাদের তারা কিছুতেই সামনে আনতে চায় না। মহিলাদের তারা রাজনৈতিক ক্ষমতা তো দূরের কথা, তারা সামাজিক ক্ষমতায়নও করতে চায় না। এসব দলের যদি উত্থান হয় এই দেশে, তাহলে তো পিছিয়ে যাওয়া ছাড়া কোনো পথ থাকবে না।'

মির্জা ফখরুলের বক্তব্যে স্পষ্ট যে তিনি দক্ষিণপন্থীদের উত্থানজনিত পরিস্থিতিকে অ্যালার্মিং বা উদ্বেগজনক মনে করছেন। তিনি চান বাংলাদেশ একটি উদার গণতান্ত্রিক রাষ্ট্র হিসেবে টিকে থাকুক, যেখানে নারীর ক্ষমতায়ন ও মৌলিক অধিকার সুরক্ষিত থাকবে। যদি এমন রাজনৈতিক শক্তির উত্থান ঘটে; যারা নারী অধিকার মানে না, গণতন্ত্রে বিশ্বাস করে না, তাহলে বাংলাদেশ অবশ্যই পিছিয়ে পড়বে। আর এই পরিস্থিতির জন্য তিনি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দায়ী করেছেন। কারণ, বিরোধী দল দমন করে দীর্ঘমেয়াদি শাসনের চেষ্টাই এমন পরিণতির দিকে নিয়ে যাচ্ছে। তবে দক্ষিণপন্থার উত্থানের পেছনে বিএনপির কোনো দায় আছে কি না, সেটা নিয়েও আলোচনা হওয়া উচিত। জামায়াতের সঙ্গে বিএনপির দহরম-মহরমের বিষয়টি কোনোমতেই এড়িয়ে যাওয়ার মতো নয়।

অবশ্য আওয়ামী শাসনামলে কারও কারও মধ্যে এমন শঙ্কা ও আলোচনা ছিল যে বিএনপি কিংবা অন্য সেক্যুলারিস্ট দলগুলোকে ধ্বংস করে দিলে রাজনৈতিক শূন্যতা তৈরি হবে, যার সুযোগ নেবে উগ্র দক্ষিণপন্থীরা। বিষয়টি কখনো খুব গুরুত্ব দিয়ে ভাবা হয়েছে বলে মনে হয় না।



এখন পরিস্থিতি কী দাঁড়িয়েছে? গণতন্ত্র ও দুর্নীতি শব্দ দুটি একসঙ্গে উচ্চারণ করে এমন প্রচারণা কোনো কোনো মহল থেকে সুকৌশলে চালানো হচ্ছে, যাতে মানুষের মনে গণতান্ত্রিক রাজনীতির ওপরই বিরূপতা তৈরি হচ্ছে। মনে করা হচ্ছে গণতান্ত্রিক রাজনীতি মানে লুটপাট, দুর্নীতি। ফলে জনগণের একাংশ এখন তথাকথিত 'সৎ শাসক' বা ধর্মীয় নেতৃত্বকেই বিকল্প হিসেবে ভাবছে বলেও প্রচার করা হচ্ছে।

দেশে ধর্মকে ব্যবহার করে রাজনীতি করা অনেক দল আছে। এই ধর্মভিত্তিক রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে এমনও দল আছে, যারা নারীদের সামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়নে বিশ্বাসই করে না। তারা এমন এক শাসনব্যবস্থার স্বপ্ন দেখে, যা বাংলাদেশের সংবিধান বা মুক্তিযুদ্ধের চেতনার সঙ্গে সাংঘর্ষিক। তারা মূলত ইসলামি শাসনে বিশ্বাস করে। সেই শাসনে গণতন্ত্রের কোনো স্কোপ নেই।

গত বছরের গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশের রাজনীতিতে ডানপন্থীদের উত্থানের বিষয়টি আর আড়ালে নেই। সভা-সমাবেশে কিংবা সংস্কার ও নির্বাচনের মতো ইস্যুগুলোতে বেশ সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে ইসলামপন্থীদের। গত ১৯ জুলাই স্বাধীন বাংলাদেশে প্রথমবারের মতো ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশ করেছে ধর্মভিত্তিক রাজনৈতিক দল জামায়াতে ইসলামী।

সেই সমাবেশে দলটির নায়েবে আমির অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, 'আগামী দিনের জাতীয় সংসদে শুধুমাত্র ইসলাম চলবে। কোরআন এবং সুন্নাহর আইন চলবে। মানুষের তৈরি করা কোনো মতবাদকে জাতীয় সংসদে আর যেতে দেওয়া যাবে না।'

জুন মাসের ২৮ তারিখে একই জায়গায় মহাসমাবেশ করে ইসলামী আন্দোলন বাংলাদেশ। সংস্কার, জুলাই হত্যাকাণ্ডের বিচার ও পিআর পদ্ধতিতে জাতীয় নির্বাচন আয়োজনের দাবি জানায় তারা। ৩ মে নারী সংস্কার কমিশন বাতিলসহ চার দফা দাবিতে মহাসমাবেশ করে কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন হেফাজতে ইসলাম। এ ছাড়া সংস্কার, নির্বাচনসহ নানা বিষয়ে সরকারের সঙ্গে আলোচনায় গুরুত্ব পেতে দেখা গেছে ধর্মভিত্তিক দল ও সংগঠনগুলোকে।

এর আগে ২০১৩ সালের ৫ মে মতিঝিলের শাপলা চত্বরে ইসলামপন্থীরা নতুন শক্তি হিসেবে আবির্ভূত হলেও শেখ হাসিনার সরকার তাদের কঠোর হাতে দমন করেছিল। ওই ঘটনায় হত্যা ও গুমের অভিযোগ আছে। এরপর অনেক দিন ইসলামপন্থীরা কণ্ঠস্বর জোরালো করলেও আলোচনায় তেমন একটা স্থান পায়নি।

পরিস্থিতি যেদিকে গড়াচ্ছে তাতে ধর্মভিত্তিক রাজনৈতিক দলগুলোর উত্থানের বিষয় আলোচনায় না আসার মতো নেই। জনমনে এমন ধারণা দেওয়া হচ্ছে যে আওয়ামী লীগ-বিএনপি গণতন্ত্রের নামে লুটপাট করবে, দুর্নীতি করবে, চাঁদাবাজি করবে। সুতরাং আমরা সৎ মানুষের শাসন চাই, ধর্মীয় শাসন চাই। যেন ধর্মভিত্তিক এরপর ২৪ পৃষ্ঠায়


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে CDPAP থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট 833-247-5346 নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য COMMITTED HOME CARE নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814


MANHATTAN DOWNTOWN BANGLADESHI BUSINESS ASSOCIATION INC.
ম্যানহাটান ডাউনটাউন বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন ইন্‌ক
সাংস্কৃতিক পরিবেশনায়:
বিন্দু কনা, রোকসানা মির্জা
বার্ষিক বনভোজন ২০২৫
Annual Picnic-2025
August 13 2025 Wednesday
Venue:
George's Island Park
Pavilion 2
Dutch St, Montrose, NY 10548
বাস ছাড়ার স্থান
৭২-০৯ ব্রডওয়ে, জ্যাকসন হাইটস্
(ডেরা রেস্টুরেন্ট এর সামনে)
সময়: সকাল ৮টা (অনটাইম)
বিশেষ আকর্ষণ
খেলাধুলা
সাংস্কৃতিক অনুষ্ঠান
র‍্যাফেল ড্র
আকর্ষণীয় পুরস্কার
১ম পুরস্কার প্রাইভেট কার
ENTER TO WIN!
প্রাইভেট কার, স্বর্ণের নেকলেস, মোবাইলসহ আকর্ষণীয় সব পুরস্কার
Dear Honorable Guest,
The Manhattan Downtown Bangladeshi Business Association Inc. cordially invite you to attend to our Annual Picnic-2025 on George's Island Park on August 13rd, 2025 Wednesday with your family. We set a various program schedule from 9:00 am - 8:00 pm. An event will be engaged with Sports, Raffle Draw, Memorable Music, Dance and other Cultural Programs to gear all members and distinguished guests.
We are cordially invited to attend our event.
সার্বিক তত্ত্বাবধানে: ডাঃ নুর মোহাম্মদ, এম আজিজ হিরু, রেজাউল মোস্তফা, মোঃ মনির ভাই, মোঃ শফিক খান, মোঃ সবুজ আলম, ফালু ভাই, কামাল উদ্দিন, শেখ জহির, মোঃ নবি, মোঃ মামুন, আব্দুর রফ সরকার, তরুন দাদা, শিবলি সরকার, মোঃ শফিকুল ইসলাম, মোঃ আক্তার, সাঈদ ভাই, মিজানুর রহমান ভাই, সজিব দা, গৌতম দা, মোঃ ইকবাল, মোঃ আলম, মোঃ আলী, মোঃ খায়ের, শ্যামল দা, রুবেল, রাজন দা, মোঃ রাকিব, মোঃ আরিফ, মোঃ রাজিব, মোঃ হোসাইন অপু, নুর মোহাম্মদ, রাফিজুল ইসলাম, মোঃ হাসিব।
আপ্যায়নে: রাম রয়, এম আজীজ হিরু, ইকবাল বেপারী, শ্রী কান্ত দাস, জেকে কামাল, জাহেদুল ইসলাম, স্বপন বিশ্বাস, শাহাবুদ্দিন ঠাকুর, ওবায়দুল ইসলাম, মোঃ কাওসার, মোঃ জহির রহমান, মোঃ জাকির, অজয়, অজিত নাথ, এমরান রাজা, মোঃ সানি, রুবেল ইসলাম, রুদ্র শাহরিয়ার, জুয়েল হোসেন, রাসেল, পারভীন আলম, আশিক।
সার্বিক পরিকল্পনায়: মোঃ কামরুল ইসলাম, সেলিম চৌধুরী, এনামুল হক ভূঁইয়া রিপন, শ্রীকান্ত দাস, মোঃ কাজিম উদ্দিন, শফিকুল ইসলাম উজ্জ্বল, আমিনুল ইসলাম মিঠু।
সার্বিক ব্যবস্থাপনায়: মোঃ তুহিন তালুকদার, মোঃ হান্নান, মোঃআলমগীর শিপন।
সাংস্কৃতিক পরিচালনায়: এস এম ফরহাদ আহমেদ, মোঃ আসিফ।
ক্রিয়া পরিচালনায়: মোঃ আশিক চাঁন, রুদ্র শাহরিয়ার, আবুল কাশেম, পারভীন আলম।
র‍্যাফেল পরিচালনায়: মোঃ হানিফ, জে কে কামাল, শফি ইউ আহম্মেদ।
আমন্ত্রণে
Convenor
Moslah uddin
212-470-5747
যুগ্ম আহ্বায়ক
ওবায়দুল ইসলাম
মোঃ জোনায়েদ
মোঃ কাউসার
মোঃ জোনায়েদ আহমেদ সুমন
প্রধান সমন্বয়কারী
নুরুল হুদা জুয়েল
সমন্বয়কারী
স্বপন বিশ্বাস
মোঃ রাজু
তারেক হাসান
মোঃ রিংকু শিকদার
প্রধান পৃষ্ঠপোষক
সমির ঘোষ
পৃষ্ঠপোষক
শ্রীকান্ত দাস
নূর হোসাইন লিটন,
মোঃ জুয়েল হোসাইন
মাহি মান্না
প্রধান ব্যবস্থাপক
সুমন ভান্ডারী
ব্যবস্থাপক
নুরা আলম
মোঃ শরীফুল ইসলাম শরিফ
আন্টু বর্মন
নজরুল ইসলাম পাটোয়ারী
প্রধান সংগঠক
মোঃ আরিফুর রহমান
সংগঠক
মোহাম্মদ জুবায়ের
রাজিব শাহরিয়ার
সাদি খান
মোঃ জাকির
Member Secretary
Md Uster Ali
929-229-8442
যুগ্ম সদস্য সচিব
অপু রয়
মোঃ মেহেদী
মোঃ রুহি
মোঃ রাসেল
President
Toriqul Hossain Badol
প্রচারে: প্রিন্স মাহমুদ, আবু সালেহ মোঃ রুবেল
Genarel Secretary
Md Riazul k Laskar Mitu

# এই সপ্তাহের কবিতা



# ছোট ছোট স্মৃতিকথা

## বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না



আমার গ্রাম 'সামাই আত্রকানন' ।সেখানকার কাঁঠাল মুচি,আমের মুকুল,চাঁদ,ফুল আর জোছনার মৌতাত ছুঁয়ে দিতো আমার প্রাণ ।ওদের প্রাজ্ঞীয় মনমোহন আলিঙ্গনে জড়িয়ে আমি স্বর্গীয় এক নৈঃশব্দিক ভাবনাতে কাটিয়ে দিতাম আমার সেই ছোট্টবেলা।
সারি সারি আম গাছ,কাঁঠাল গাছ, বিশাল বড় এক বটবৃক্ষ-যার ডালে ডালে ছিল হাজার হাজার কাকের বসবাস, শকুনের উৎসুক দৃষ্টি, তেতুল গাছে ভূত-পরীদের আলসে চোখে ঝিমিয়ে থাকার গল্প ।সোনালু ফুলের শোভা, কড়ি ফুলের শুভ্রতা, বড় বড় সবুজ পাতায় ভরা বিছুটি গাছ,লজ্জায় হাওয়া লজ্জাবতীর ভীরু ভীরু লাজ,রোদে মোড়ানো কলা বাগানে পাতাদের হাওয়ায় হাওয়ায় ভাসতো বুনোফুলের ঘ্রাণ, ছোট্ট পুকুরটাতে সাঁঝের আঁধারে হতো জোনাকিদের মিছিল, জোছনার ঝলোমলো দেহলিতে হেলেঞ্চাদের সাথে ছিলো পানাফুলের আবেগকথন ।বাতাসের গুনগুন সুরে প্রেমপিয়াসী মনে দুলে উঠতো কলমিলতারা।
নিশিরাতে বিছুটি গাছের গভীর ঝোঁপের আড়াল থেকে শোনা যেতো ঝিঁঝি পোকাদের সুর-সে সুর ছিল ঠিক যেন শিশুদের মুখস্ত করা নামতা পড়বার সুর।
আশেপাশে ছিল বেদেদের ছোট ছোট ঘর, নাপিতদের চালাঘর,চাল বিক্রেতাদের বাড়ি,শিল্পপতিদের দালান-কোঠা, দোকান-পাট, ছোট্ট একটা হাসপাতাল, মাঝখানে আমাদের বাড়ি। বাড়ির সামনেই রাস্তা ।হাটের দিনে দূর-দূরান্ত থেকে কাঁচা বাঁশে ঠাসা ক্লান্ত পায়ে হেলে-দুলে সে রাস্তায় আসতো গরু-মহিষের গাড়ি ।গাড়ির চাকার ক্যাচ ক্যাচ শব্দ শুনে ছুটে যেতাম রাস্তায়। গাড়ির পিছনে বাদুড় ঝোলা হয়ে ঝুলে যেতাম কিছুটা দূর। শিল্পপতিদের মালবাহি পাঁচটন পরিবহন ট্রাকের পিছনে পেট্রোলের গন্ধ শুঁকতে শুঁকতে হা করে ছুটে চলতাম, কখনো বা রিকসার পিছনে দিতাম দৌড়।



সব বাড়ির সবার সাথেই ছিল সবার প্রাণের সখ্যতা। তাই সন্ধি করেই খেলতাম সব ভাই-বোন ।গরমে ঘেমে-নেয়ে যখন একাকার-তখন দোলনা টেনে দোল খেতাম আম গাছের ডালে ।লুকোচুরি খেলতে সে কি মজা !কেউ লুকোতাম গোলা ভরা ধানের ভেলায়, কেউ গাছের ডালে,কেউ আয়নার পিছনে,কেউ খাটের নীচে,কেউ বা দরজার কপাটের আড়ালে। আর এই লুকোচুরি খেলার সুবাদে কেউ কেউ জেঠিমার বানানো তেঁতুলের আচার খেতাম চুরি করে। জামতলায় বন্ধুদের জাম খেয়ে খিলখিল হাসি,ওদের দুরন্তপনার পদশব্দ,বাড়ির বৌ-ঝিদের কথার কাকলি, পিছনের বেণুবনের শন শন হাওয়ায় মাঝে মাঝে ভেসে আসতো পাতার ফিসফাস-আমি মুগ্ধ আবেশে হতাম বিমোহিত। তাই ঘরের দরজা বন্ধ করে মনের কপাট দিতাম খুলে। খেয়ালি মনের রঙিন ঘুড়িরা আমায় দিতো অন্তহীন ভাষা ।খোলা বাতায়নে পাতাদের আলাপন এনে দিতো প্রশান্তির নিঃশ্বাস। সবুজ পাতার ফাঁকে ফাঁকে জেগে থাকা কামিনির মন-মোহিনী চাহনীর স্বরলিপি নুপুর নিক্কন হয়ে বাজতো যেন আমার প্রাণে। নীল অপরাজিতা গুলোকে দেখলে মনে হতো-ওরা নীলাকাশের নীল রঙ ধার নিয়ে সেজেছে নীলাম্বরী।
আমি চঞ্চলা তটিনি হতাম কবিতার মোহনাতে। আবেগী উষ্ণতায় না বলা কথাগুলো লিখে যেতাম খাতার পাতায় পাতায়।
বড় আপার হাতে লাগানো বাড়ির ফুল বাগিচায় ছিল নানান জাতের ফুল ।মাঝে মাঝে পাতাবাহারের উঁকিঝুঁকি,মধ্যমনি তৃষাতুর সূর্যমুখি তার হলুদে আন্দুলিত প্রাণ নিয়ে এক পায়ে দাঁড়িয়ে থাকতো সূর্যকে বন্দি করবার অভিপ্রায়ে। আর সূর্য সেথায় আবীর মেখে গোধুলি আঁচলে ছবি আঁকতো,জলরঙে করতো স্নান ।কিন্তু আমার মন টানতো পথের সবুজ বুনোলতায়। যেখানে ফুলের সঙ্গে পতঙ্গের হতো খুনসুটি। ওদের সাথে আনন্দে মাততাম আমি আর হিজল ফুল। ঝুমকো ফুলের রঙে সাজতো প্রজাপতির পাখা। আলপথের জংগলি ফুল যখন পাঁপড়ি মেলতো অলি এসে তখন গান ধরতো ।সে সময় কাঁঠালচাপার গন্ধ আমায় ভীষন ভাবে টানতো দুপুর সঙ্গী হতে।
বাড়ির মেইন গেটের সামনেই ছিল শিউলি গাছ। জলজ হাওয়া গায়ে মেখে শিউলি যখন টুপটুপ করে ঝরে পরতো-আমি শরৎ প্রাতে প্রসন্ন হাওয়ায় ভেসে ভেসে নয়নপাতে শিশির বিন্দুর পরশ মেখে ভেজা সবুজ ঘাসে আদুল পায়ে আলোক সকালে মিঠেল রোদে হাঁটতাম। কখনও আবার বৃষ্টি ঝরা ঐ কাদা পথে ঐশ্বিক তন্ময়তাতে মনে মনে সাজানো কবিতা গুলোকে করতাম পথের সহচরী ।মায়াবী রঙধনুর সাত রঙা রঙ ছড়াতাম আলপনাতে। কখনও বা প্রখর রোদের তপ্ততায় ধুলো ওড়া পথের ধারে সূর্যরশ্মির আড়াল হয়ে শিমুল গাছের অথবা আতা গাছের ছায়ায় কি এক নিবিড় মায়ায় রচনা করতাম সুরভিত কাব্য। সে কাব্যের মাঝে আমি নিজেই যেন অনুরাগী মননে পদ্য হয়ে থাকতাম, ললাটে আঁকতাম স্বর্গের নন্দন টিপ।

লেখক : কবি ও কথাসাহিত্যিক, কুইন্স, নিউইয়র্ক।



## জীবনের গল্প

### ডাক্তার চৌধুরী মো. সারওয়ারুল হাসান

এই জীবনের গল্প
আছে বাকি অল্প
সময় প্রায় শেষ
হয়ে যাবে নিঃশেষ।

কিছু নাহি পাবে
মনে থেকে যাবে
স্বপ্নের দিনগুলি
যা হারিয়ে ছিলি

অতীতের কথা
আনবে নতুন ব্যথা
স্মরণে নতুন করে
হৃদয় যাবে মরে।

চলার পথে দাঁড়িয়ে
সব একেবারে হারিয়ে
আমরা যাই চলে
শুধু স্মৃতিটুকু ফেলে।

লেখক: জ্যামাইকা, নিউইয়র্ক।



## মেঘবরণ কন্যা হাসে

### সুফিয়ান আহমদ চৌধুরী

মেঘবরণ কন্যা হাসে
বর্ষা দিনে হাসে,
ঝুমুর ছন্দে মেঘবরণ
কন্যা স্বপ্নে ভাসে।

টুপুর টাপুর মেঘের কান্না
বর্ষা দিনে ঝরে,
কদম ফুলের ছড়ায় ঘ্রাণ
খোকন বই পড়ে।

বৃষ্টির সাথে দমকা হাওয়া
ব্যাঙের ডাকাডাকি,
সবুজ শোভা রঙের মেলা
খোকার আঁকাআঁকি।

নোলক নাকে গাঁয়ের বধূ
আলতা রাঙা পায়,
বৃষ্টির দিনে আকাশে মেঘ
শ্যামল কী রাঙায়।

ধানের মাঠে ধানের চাষে
রঙিন মন কী যে,
গাঁয়ের চাষি এমনি থাকে
বৃষ্টির জলে ভিজে।

লেখক: কুইন্স, নিউইয়র্ক।



## কাঁদে বাবা মা

### সুধাংশু কুমার মন্ডল

বিমান পড়ে ভাঙে কলেজ
আগুন মাথার কাছে,
পোড়া দেহে দৌড় মারে শিশু
কোথা পিতামাতা আছে।
দাউ দাউ আগুন ভীষণ
শিশু পুড়ে হল ছাই।
ছুটিছে সবে চিৎকার করে
বাঁচাবার কেউ নাই।
পোড়া দেহ চেনা নাহি যায়
সেথা কার কোন রূপ,
এমন দিনেতে কেহ নাহি
দূরেতে একা নিশ্চুপ।
অরিয়ন ছোটে পোড়া দেহে
চামড়া পুড়িয়া ছাই।
কাঁদিয়ে সে চলে গেল আজ
মা বাবার বুকে নাই।
মাতা কাঁদে আয় মোর বুকে
ওরে আয় ছুটে আয়।
আছি পাশে ভয় নাই বাবা
দেখ চেয়ে তোর মায়।
পোড়া দেহে শিশু বলে মাকে
মাগো মোর পাশে থাকো।
হাসপাতাল কেন যে দূরে
জলদি ডাক্তার ডাকো।
পানি পিপাসায় ছট্ ফট্ করে
বলে প্রাণ যায়।
এই দুঃখ কাহিনী লিখিয়া
মোর বড় ব্যথা পায়।

লেখক : কবি, নিউইয়র্ক।



## সবুজ দুটি পাতা

### লুৎফুর রহমান চৌধুরী

ছুঁইতে গেলে নুয়ে পড়ে
সবুজ দুটি পাতা
ছলনাময়ীর ভালোবাসা
শুধু ছেঁড়া কাঁথা।

ধেয়ে আসে ঝড়ের বেগে
করে মনটা তছনছ
মিথ্যা আশায় জুটি বাধে
গড়তে সে মসনদ।

দুর্বলতার সুযোগ নিয়ে
নীড় গড়ে মনে
ভেঙে পেলে স্বপ্নগুলো
প্রতি ক্ষণে ক্ষণে।

ধীরে ধীরে কাছে এসে
হাতটি হাতে ধরে
সুযোগ বোঝে ছেড়ে যায়
পেলে বালুচরে।

চোখের কোণে অশ্রু জমে
কষ্টের ধাক্কা লেগে
দেহের যন্ত্রাংশ ছিঁড়ে তাই
ট্রেন চলে বেগে।



## Rain in Summer

### Abdul Awal Mintoo

The summer sun, a memory now,
Fades behind a cloudy brow.

The rain descends, a steady pour,
Drenching the world, and wanting more.

Muted greens and grays appear,
Replaced the bright, the summer cheer.

The air is thick, the world subdued,
A somber mood, misunderstood.

I watch the drops on window pane,
And dream of sun, and skies again!

# বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা কর্পোরেশন
# BANGLADESHI SPORTS COUNCIL OF AMERICA CORP.

# GOLDEN AGE FOOTBALL TOURNAMENT-2025

**VENUE : RANDALL'S ISLAND PARK & ICAHN STADIUM, ADDRESS: 10 CENTRAL ROAD, NEW YORK 10035**

## GRAND SPONSOR

GOLDEN AGE
HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE
সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল
করে নেব এবং সব ধরনের সেবা প্রদান করবো



Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-589-5003, Fax: 347-275-6834

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

## GROUP-A

BRONX UNITED FC | AYSAB | NYRSC | Sandwip United

## GROUP-B

FIGHTER'S CLUB | জুবো সংঘ | GARDEN STATE FC | NT

## GAME SCHEDULE

**WEEK 1 SCHEDULE JUNE 15, 2025 FIELD #10 (OPENING CEREMONY)**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS AYSAB |
| 7:30 PM | Jubo Songo VS Garden State FC |

**WEEK 2 SCHEDULE JUNE 22, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | NY RIVALS SC VS SANDWIP UNITED |
| 7:30 PM | FIGHTERS CLUB VS NOAKHALI TIGERS |

**WEEK 3 SCHEDULE JUNE 29, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | BRONX UNITED VS NY RIVALS SC |
| 7:30 PM | GARDEN STATE FC VS NOAKHALI TIGERS |
| 8:30 PM | JUBO SONGO VS FIGTHERS CLUB |

**WEEK 4 SCHEDULE JULY 6, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | JUBO SONGO VS NOAKHALI TIGERS |
| 7:30 PM | BRONX UNITED VS SANDWIP UNITED |
| 8:30 PM | AYSAB FC VS NY RIVALS SC |

**WEEK 5 SCHEDULE JULY 13, 2025 FIELD #75**

| GAME TIME | MATCH |
|---|---|
| 6:30 PM | FIGHTERS CLUB VS GARDEN STATE FC |
| 7:30 PM | SANDWIP UNITED VS AYSAB FC |

**QUARTERFINAL GAME SCHEDULE FIELD #75 (BASED ON POINTS)**

| MATCH | TEAM 1 (RANK) | TEAM 2 (RANK) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| Quarterfinal 1 | 1 | 8 | JULY 20, 2025 | 6:30 PM |
| Quarterfinal 2 | 2 | 7 | JULY 20, 2025 | 7:30 PM |
| Quarterfinal 3 | 3 | 6 | JULY 27, 2025 | 6:30 PM |
| Quarterfinal 4 | 4 | 5 | JULY 27, 2025 | 7:30 PM |

**SEMI-FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On Quarterfinal Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME TIME | GAME TIME |
|---|---|---|---|---|
| SEMI-FINAL 1 | QF 1 (1 VS 8) | QF 3 (3 VS 6) | AUGUST 3, 2025 | 6:30 PM |
| SEMI-FINAL 2 | QF 2 (2 VS 7) | QF 4 (4 VS 5) | AUGUST 3, 2025 | 7:30 PM |

**FINAL GAME SCHEDULE FIELD #10 (Based On SEMI-FINAL Results)**

| MATCH | TEAM 1 (WINNER OF) | TEAM 2 (WINNER OF) | GAME DATE | GAME TIME |
|---|---|---|---|---|
| FINAL GAME | SF 1 | SF 2 | AUGUST 10, 2025 | 7:00 PM |

সম্মানিত সুধী, আসসালামু আলাইকুম,
বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র উদ্যোগে ২০২৫ সালের ফুটবল টুর্নামেন্ট এর আয়োজন করা হয়েছে। আগামী ১৫ই জুন, ২০২৫ রবিবার ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন উপলক্ষে বাংলাদেশী স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা'র কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি একান্তভাবে কামনা করছি। ফুটবল টুর্নামেন্ট এর শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি শাহ নেওয়াজ, এমবিএ, প্রেসিডেন্ট এন্ড সিইও, গোল্ডেন এইজ হোম কেয়ার, চেয়ারম্যান বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক।

উক্ত ফুটবল টুর্নামেন্টে, কার্যনির্বাহী কমিটি, বোর্ড অব ট্রাস্টি'র সদস্যবৃন্দ ও কমিউনিটির সকল নেতৃবৃন্দকে সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

**Event Venue & Date:**
June 15th 2025, Sunday @ 6pm
Randall's Island Icahn Stadium, Field #10, Address: 10 Central Road, New York 10035

**Dulal Miah Enam**
President
Cell : 718-450-5394

**Khairul Islam Kukon**
General Secretary
Cell : 347-672-2256

# Election 2026: Yunus office sends letter to Election commission

Ajkal Desk

The Chief Adviser's Office today sent a letter to the Election Commission to complete all necessary preparations for holding the national parliamentary election before the beginning of Ramadan in February 2026.

In a letter sent to Election Commission's senior secretary, Principal Secretary to the Chief Adviser M Siraz Uddin Miah requested the EC to take necessary measures to organise a free, fair, peaceful, and festive national election of expected standard within the mentioned time frame, CA's Press Wing said in a release this afternoon.

With this letter, the government has formally requested the Election Commission to arrange the election, added the release.

On August 5, on the occasion of July Mass Uprising Day, Chief Adviser Professor Muhammad Yunus, in his address to the nation, said that the Election Commission would be sent a letter to organise the election before Ramadan in February next year.

Referring to the speech, the letter mentions that the chief adviser had instructed to immediately begin all preparations and institutional arrangements in this regard.

In the context of people not being able to vote in the past fifteen years, the chief adviser emphasised making the upcoming election a memorable day of joyous voting.

It also informs the EC of the government's full commitment to providing all necessary support for organising a desired free, fair, peaceful, and festive election, alongside the importance of using appropriate technology.





Russian oil purchase

# Trump raises India tariffs to 50%

Shah Nawaz

US President Donald Trump imposed an additional 25 percent tariff on Indian goods, citing New Delhi's continued imports of Russian oil in a move that sharply escalated tensions between the two nations after trade talks reached a deadlock.

The new import tax, effective 21 days after August 7, will raise duties on some Indian exports to as high as 50 percent -- among the highest levied on any US trading partner.

Trump's executive order imposing the extra tariff did not mention China, which also imports Russian oil.

Exemptions remain, however, for goods targeted under sector-specific duties, such as steel and aluminium, as well as categories that could be affected later, including pharmaceuticals and semiconductors. Smartphones are among this list of exempted products for now, notably shielding Apple from a major hit as the US tech titan shifts production from China to India.

India's foreign ministry condemned Trump's tariff announcement, calling the move "unfair, unjustified and unreasonable."

"India will take all necessary steps to protect its national interests," it said.

The ministry previously said India began importing oil from Russia as traditional supplies were diverted to Europe over the war -- noting that Washington had "actively encouraged" such imports to strengthen "global energy market stability."

Analysts said Trump's move marks the most serious downturn in US-India relations since his return to office in January. The tariffs threaten to disrupt India's access to its largest export market, where shipments totalled nearly $87 billion in 2024, hitting sectors like textiles, footwear, gems and jewelry.

The development comes as Indian Prime Minister Narendra Modi prepares for his first visit to China in over seven years, suggesting a potential realignment in alliances as relations with Washington fray.

India's national security adviser was in Moscow yesterday, media in New Delhi reported, coinciding with US envoy Steve Witkoff's visit.

Last week, US Treasury Secretary Scott Bessent warned China that continued Russian oil purchases could trigger new tariffs, as Washington prepares for the expiry of a US-China tariff ceasefire on August 12.

Trade between the United States and India, the world's biggest and fifth-largest economies, respectively, is worth over $190 billion.

The increased duties place Indian exporters at a 30–35% disadvantage versus trade rivals in Vietnam, Bangladesh and Japan.

"We still have a window," said a senior Indian official, requesting anonymity. "The fact that the new tariffs take effect in 21 days signals the White House is open to talks."

Another official said there were no immediate plans for Modi or senior leaders to travel to Washington, nor were any retaliatory measures being considered.

A sharp drop in US-bound shipments could drag India's GDP growth below 6 percent this year, down from the central bank's 6.5 percent forecast, said Sakshi Gupta of HDFC Bank.*(Source-Daily Star)*



# Chanchal Chowdhury joins Bratya Basu's new film 'Taan'

Anik Raj

After working with Mosharraf Karim on two back-to-back films, celebrated Bengali director, playwright and politician Bratya Basu has now chosen Chanchal Chowdhury to lead his upcoming project titled "Taan". The film is scheduled to go on floors after Durga Puja, as reported by Anandabazar Online. Bratya's previous films, "Dictionary" and "Hubba"—both starring Mosharraf Karim—earned acclaim for their fresh portrayal of human complexity. Although the director previously hinted that Mosharraf would return in his next as well, the baton has been passed to Chanchal, who continues to build momentum in both Bangladesh and India with a string of powerful roles. "Taan" is based on a story by legendary Bengali writer Bibhutibhushan Bandyopadhyay. The narrative revolves around an elderly man who is suddenly reunited with a long-lost lover, shaking the foundations of his family life. The emotional fallout from her return brings layers of drama, tension, and introspection. Veteran actor Loknath Dey will play the elderly protagonist, while Seema Biswas—best known for her fearless portrayal in "Bandit Queen"—will portray the former lover. Chanchal Chowdhury has been cast as the son of Loknath Dey's character, while Indian politician Kunal Ghosh is also expected to appear in a supporting role. Scriptwriting is currently underway, along with casting and look tests. An official announcement with character visuals is expected soon. Meanwhile, Chanchal Chowdhury is also gearing up for "Tridhara", directed by Amitabh Bhattacharjee. This relationship drama will mark his first on-screen collaboration with celebrated actor Rituparna Sengupta, alongside Kaushik Ganguly. The film will explore the intersecting lives and emotions of three distinct individuals and is expected to begin shooting later this year.

# Queens Student Returns Home After 5 Weeks in ICE Custody

Ajkal Desk

It was an emotional Friday at New York's Port Authority. Tears, hugs, and overwhelming relief as Derlis Snaider Chusin Toaquiza rushed into his mother's arms. After more than five weeks in ICE detention, the 19-year-old was back home. The eleventh grader at Grover Cleveland High in Ridgewood, Queens, attended a scheduled asylum hearing in Manhattan on June 4, where ICE agents arrested him. He was taken to 26 Federal Plaza, then transferred to a Texas facility. "No criminal record, outstanding student, here with his family, was literally complying with his legal obligations at the moment he was detained he had just finished her court hearing and had been given another date to attend," said Lauren Rave, Associate Director of Immigrant Protection at NY Legal Assistance Group.

His legal team says the conditions were harsh and overcrowded, with little food or room to sleep. The emotional toll was even worse. His biggest fear... being deported to Ecuador and torn from his parents and two younger sisters.

Derlis and his family came to the U.S. in March of last year. Now, he's home, ready to go back to school, play soccer, swim, and be a teen again. His return marks a victory amid a wave of ICE courthouse arrests.

As for what's next, Derlis' lawyers are fighting to move his case from Texas back to New York. They're hopeful he'll win asylum and finally have the chance to build a future, right here.

# Texas House Dems faced potential bomb threat

Ajkal Desk



A delegation of Texas House Democrats had to evacuate their hotel in Illinois Wednesday morning due to a potential bomb threat, according to multiple lawmakers and local police. St. Charles Police in a statement says the department "responded to a potential bomb threat at the Q-Center hotel and convention complex." The statement goes on to say that 400 people were evacuated and that the area was secured but that the bomb squad did not find any device after a thorough search.

"This morning, a threat was made against the safety of the members of the Texas House Democratic Caucus. We are safe, we are secure, and we are undeterred. We are grateful for Governor Pritzker, local, and state law enforcement for their quick action to ensure our safety," Texas House Democratic caucus chair Rep. Gene Wu, Mexican American Legislative Caucus Chair Rep. Ramón Romero, and Texas Legislative Black Caucus Chair Rep. Barbara Gervin Hawkins said in a statement.

Several Texas House Democrats have assembled in Illinois for a quorum break amid their standoff with Texas House Republicans over proposed changes to the congressional maps in the state that would favor Republicans.

Two state reps - John Bucy and Ann Johnson – said Texas House Democrats faced a bomb threat and were evacuated from their hotel in Illinois, where several Democratic lawmakers have traveled this week amid their quorum break.

"We were promptly evacuated, and thankfully, everyone is safe," Bucy said in a statement. "Unfortunately, this is what happens when Republican leaders, like our corrupt Attorney General, call on their supporters to 'hunt us down.' We've been threatened by the governor, the attorney general, and our colleagues in the House. This harmful discourse emboldens bad actors and encourages violence. It's unacceptable and needs to end."




# Kelly Mack, 'The Walking Dead' Actress dies at 33

Ajkal Desk

Kelley Mack, an actress who appeared on shows including "The Walking Dead," "9-1-1," and "Chicago Med" has died, according to a message posted to her official Instagram account. Mack died Saturday, according to her sister. She was 33. "It is with indelible sadness that we are announcing the passing of our dear Kelley," reads the post, which included a photograph of Mack. "Such a bright, fervent light has transitioned to the beyond, where we all eventually must go." Mack had suffered from glioma, a tumor that affected her central nervous system, according to a two-page announcement of her passing shared by family. There are several types of gliomas, according to the Cleveland Clinic; all types they are malignant, and usually grow in the brain or spinal cord. Kelley and her family had also been documenting her treatments, which included surgery and proton radiation therapy. (Gliomas usually require a "combination of treatments," according to the Cleveland Clinic.)

Mack, whose IMDb resume goes back to 2008, had appeared in a number of shorts, feature films and television series, but was perhaps best known for her role as Addy in "The Walking Dead." She also appeared on "Chicago Med" and "9-1-1." Co-stars of Mack's shared their memories of working with the actress on social media.

"What an incredible human," Alanna Masterson, of "The Walking Dead," wrote of Mack. "So proud to have fought alongside her in our final episode together." "I feel so blessed to have crossed paths with you Kelley," said "Walking Dead" alum Gustavo Gomez. "You were such a bright light. Rest peacefully, friend." Mack's family has announced that a celebration of life will be held on August 16 in Glendale, Ohio. Another celebration will be planned for Los Angeles at a later date, they said. "She will be deeply missed but forever remembered for her talent, kindness and vibrant spirit," they wrote.

# 5 Soldiers Wounded in Mass Shooting at Fort Stewart in Georgia

Ajkal Desk

Five soldiers were wounded Wednesday morning in a shooting at Fort Stewart in Georgia, one of the highest-profile Army installations in the South, according to service officials. The incident occurred around 11 a.m. in the 2nd Armored Brigade Combat Team area of the base, which is home to the 3rd Infantry Division, and spurred a lockdown of the installation and local schools. Police detained the suspected gunman, Sgt. Quornelius Radford, 30 minutes after the initial response, authorities said. The Army did not immediately release details about the alleged shooter or a possible motive. All five injured soldiers were in stable condition. "We are keeping the victims, their families, and all those who answer the call to serve in our hearts and prayers, and we ask that Georgians everywhere do the same," Georgia Gov. Brian Kemp, a Republican, said in a statement. Radford, 28, was subdued by soldiers when he walked into his workplace with a personally owned handgun and began firing, Brig. Gen. John Lubas, the 3rd Infantry Division commander, told reporters during a news conference Wednesday. Radford serves as an automated logistical specialist. In addition to thanking local law enforcement, Lubas also highlighted the troops who he said played a role in stopping Radford. "I would also like to thank the brave soldiers who immediately intervened and subdued the shooter," Lubas said. "These soldiers, without a doubt, prevented further casualties." Lubas said an investigation is ongoing, but expressed confidence in the base's security.




"I'm very confident in the security of this installation," Lubas said. "This one's a bit difficult, and we're going to have to determine how he was able to get a handgun to his place of duty." President Donald Trump was briefed on the shooting, White House Press Secretary Karoline Leavitt said. Fort Stewart, one of the Army's largest installations, is located roughly 40 miles away from Savannah. "I'm heartbroken to see the news of an active shooter incident at Fort Stewart today," Sen. Raphael Warnock, D-Ga., said in a statement. "I'm monitoring the situation closely and join all of Georgia as we pray for the safety of our service members, staff and their families." The incident is a little more than a decade removed from the deadly Sept. 16, 2013, mass shooting at the headquarters of Naval Sea Systems Command inside the Washington Navy Yard in D.C. – where the shooter killed 12 people and injured three others. The deadliest mass shooting on a military base took place at Fort Hood in Texas on Nov. 5, 2009, when a then-Army major shot and killed 13 people and injured more than 30. He was subsequently sentenced to death and is awaiting execution.

# Mexican sex trafficker sentenced to more than 16 years in prison

Ajkal Desk



An Astoria man was sentenced in Brooklyn federal court to nearly 16 years in prison last month for running a Mexican sex trafficking crew for years. Hugo Hernandez-Velazquez, 48, was extradited from Mexico, where he had a second home, back to the United States in February 2021, for sex trafficking multiple victims by force, fraud, and coercion. He pleaded guilty to one count of sex trafficking in April 2023, and he will be deported back to Mexico after completing his sentence. Hernandez-Velazquez is the last member of the family-run sex trafficking ring to be sentenced.

"For years, the defendant and his siblings operated an illegal, abusive, and exploitative sex trafficking operation that stripped victims of their dignity and subjected them to inhumane violence," U.S. Attorney Joseph Nocella said. "It is my hope that the prosecution of their tormentors and the punishment meted out will provide a measure of closure for the brave survivors who assisted the investigation and will help them on their path to healing." Between 2001 and 2009, Hernandez-Velazquez and his siblings, Ernesto, Giovanni, and Arcelia, ran the organization based in Mexico and trafficked young women in Mexico to engage in prostitution in the U.S. Members of the crew lured victims into romantic relationships through false promises of love and support. The victims were pressured to travel to the U.S. with promises of a better life with their trafficker. Once smuggled into the United States, the victims were forced to engage in prostitution. The family-run ring maintained a base in Astoria, where the victims would reside while they were forced to work in New York and other states, including Alabama, Connecticut, Florida, Georgia, Louisiana, Maryland, Massachusetts, Mississippi, New Jersey, North Carolina, Pennsylvania, Rhode Island, South Carolina, Tennessee and Virginia. Hernandez-Velazquez subjected his victims to physical beatings, forced abortions, and threats. He also threatened violence to the victims' families to force them to continue prostituting on his behalf. "For nearly a decade, the defendant and his family oversaw a vicious sex trafficking campaign wrought with violence, manipulation, coercion, and outright force against women whom they lured into romantic relationships through false promises of love and support," Homeland Security Investigations, New York Special Agent in Charge Ricky Patel said. "Today's sentencing is no doubt a direct result of the bravery of each survivor who courageously spoke up." Ernesto Hernandez-Velazquez, 45, from Queens, and Giovanni Hernandez-Velazquez, 37, of Mexico, also pleaded guilty to sex trafficking and were each sentenced to 17 ½ years in federal prison. Arcelia Hernandez-Velazquez, 46, of Queens, who pleaded guilty to a Mann Act Violation, was sentenced to time served after approximately 60 months in federal custody.

"Every day, victims are targeted for human trafficking and other vile forms of exploitation and abuse, often at the hands of their own spouses or purported caretakers," Patel said. "Together with our partners, HSI is unflinchingly committed to investigating and vigorously pursuing anyone, anywhere, who sexually exploits the very individuals they claim to care for." *(Source-Astoria post)*

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC B02902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনায় ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খযরজের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যাতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক দিয়ে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি এসে মিলতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাউযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, ইতিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাউযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহক্কেরানপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেজার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www. mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www. ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)










## ছাত্রলীগকে পুলিশের ধাওয়া

৬৪ পৃষ্ঠার পর

স্থানীয় শিল্পীরা গান গাইছিলেন। হঠাৎ করেই ১৫-২০ ছাত্রলীগ কর্মি শেখ হাসিনা ও জয়বাংলা স্লোগান' দিতে দিতে মঞ্চের কাছাকাছি চলে আসে। অতর্কিত এ ঘটনায় সমাবেশ স্থলে উপস্থিত প্রায় ৩ শতাধিক লোক আতংকগ্রস্থ হয়ে পড়েন। সংগীতানুষ্ঠানেরও ব্যাঘাত ঘটে। ছাত্রলীগের ছেলেদের স্লোগানের মধ্যেই অনুষ্ঠান চলতে থাকে। অনুষ্ঠানের আয়োজকরা







উত্তেজিত হলে বড় ধরনের সংঘর্ষ হতে পারতো। তারা সেদিকে না গিয়ে ৯১১ কল করে। ৩ মিনিটের মধ্যে পুলিশ এলে ছাত্রলীগের ছেলেরা দৌড় দেয়। পুলিশও তাদের ধাওয়া করে। আয়োজকরাও ছাত্রলীগের ছেলেদের ধরধর বলে ধাওয়া করে। অনুষ্ঠান স্থল থেকে ২০০ গজ দূরে ৭৩ স্ট্রিটে পুলিশের উপস্থিতিতেই ২ পক্ষের মধ্যে হাতাহাতি শুরু হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

পেট্রিয়টস অফ বাংলাদেশ-এর ব্যানারে আয়োজিত অনুষ্ঠানের চিত্র প্রদর্শনী উদ্বোধন করেন ব্যবসায়ী ও রাজনীতিক আখতার হোসেন বাদল। বিকেলে বিশেষ দোয়া পরিচালনা করেন জ্যামাইকা মুসলিম সেন্টারের খতিব ও ইমাম মির্জা আবু জাফর বেগ। এ সময় সকল শহীদ ও নিউইয়র্কে বন্দুকধারীর গুলিতে নিহত বাংলাদেশী পুলিশ অফিসার দিদারুল ইসলাম রুবেল সহ দেশের সার্বিক কল্যাণ কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। অনুষ্ঠান




আয়োজক কমিটির আহ্বায়ক আব্দুল সবুরের সভাপতিত্বে অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর জন লিন্ড্যু। অনুষ্ঠানের মূল আলোচনায় অংশ নেন বিশিষ্ট রাজনীতিক আব্দুল লতিফ সম্রাট, আলী ইমাম শিকদার, অধ্যাপক ড. শওকত আলী, মূলধারার রাজনীতিক এটর্নী মঈন চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মীর মশিউর রহমান, টিবিএন২৪ চ্যানেল-এর ভাইস প্রেসিডেন্ট এএকএম মিসবাহউজ্জামান, কবি জহিরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট মিনা ফারাহ, মোশাররফ হোসেন সবুজ, জয়নাল আবেদীন, মাহতাব উদ্দিন, শাহানা মাসুম, জাকির হাওলাদার, তোফায়েল চৌধুরী, জয়নাল আবেদীন,আহসান হাবিব, নতুন প্রজন্মের প্রতিনিধি ইউটিউবার প্রিন্সেস, মাহতাব খান প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পেট্রিয়টস অফ বাংলাদেশ-এর সভাপতি আব্দুল কাদের ও সেক্রেটারি হোসেন লিপন অনুষ্ঠানে বিশিষ্ট চিকিৎসক ডা. জুন্নুন চৌধুরী, বিশিষ্ট রিয়েল এস্টেট ব্যবসায়ী এবিএম ওসমান গণি, রাজনীতিক আনোয়ার হোসেন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট প্রকৌশলী সৈয়দ আজাদ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।




অনুষ্ঠানে উনবাঙাল-এর শিল্পীরা ছড়া, কবিতা পাঠ ও সঙ্গীত পরিবেশন করেন। এসময় ছড়া পাঠ করেন কবি জহিরুল ইসলাম, কবিতা পাঠ করেন আহসান হাবীব, মোহাম্মদ সাদিক, সোহেল হাবীব ও রেনু রোজা। সঙ্গীতাংশে জুলাই আন্দোলন-২০২৪ নিয়ে লেখা গান আর দেশের গান সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, মুক্তি জহির, রেজা কামাল, নজরুল ইসলাম, চমক ইসলাম, মুন্না চৌধুরী ও রোজী, রেনু রোজা। অনুষ্ঠানের মাঝে জুলাই বিপ্লবের আন্দোলনের ভিডিও চিত্র প্রদর্শন করা হয়। সঙ্গীতানুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানের আলোচনা পর্বে মিনা ফারাহ বিএনপি সম্পর্কে 'আপত্তিকর' বক্তব্য দিলে সেখানে উপস্থিত যুক্তরাষ্ট্র বিএনপি নেতা-কর্মীরা বাধা দিলে খানিকটা উত্তেজনার সৃষ্টি হয়। পরে মিনা ফারাহর বক্তব্য আয়োজকরা প্রত্যাহার করার পর যথারীতি অনুষ্ঠান শুরু হয়। অপরদিকে সঙ্গীত পরিবেশনের সময় যুক্তরাষ্ট্র আওয়ামী-যুবলীগের কতিপয় কর্মী অনুষ্ঠান স্থলে এসে 'জয় বাংলা' স্লোগান তুলে 'শেখ হাসিনার পক্ষে এবং ড. ইউনূসের বিরুদ্ধে' নানা স্লোগান দিতে শুরু করে। অপরদিকে উনবাঙাল-এর শিল্পীরা দলীয় সঙ্গীত চালিয়ে যেতে থাকে। ফলে আবার খানিকটা উত্তেজনার সৃষ্টি হয়। এসময় অনুষ্ঠান আয়োজকদের কর্তৃক নিয়োজিত নিরাপত্তা কর্মীরা আওয়ামী কর্মীদের ঘেরাও করে রাখে এবং এক পর্যায়ে তারা অনুষ্ঠান স্থল ত্যাগ করে এবং আবার যথারীতি অনুষ্ঠান শুরু হয়। এসময় অনুষ্ঠান মঞ্চ থেকে পাল্টা স্লোগান তুলা হয় 'পালাইছেরে পালাইছে, শেখ হাসিনার, . সন্তানরা পালাইছে', 'পালাইছেরে পালাইছে, হাসিনার মতো পালাইছে'। পরবর্তীতে অনুষ্ঠান স্থলের নিকটেই ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এসময় সিটি পুলিশ উপস্থিত হয়ে পরিস্থিতি আনে।




## প্রবাসীদের পোস্টাল ব্যালটে ভোট

১ পৃষ্ঠার পর

ব্যালটের মাধ্যমে প্রবাসীরা ভোট দেবেন। এ ব্যাপারে বিস্তারিত কাজ এখনও চলছে। পোস্টাল ব্যালটে প্রবাসীরা ভোট দিতে পারবেন বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

প্রবাসীদের অনেকে এবার ভোটে প্রার্থী হচ্ছেন। এবার বিএনপি'র মনোনয়ন পাওয়াটাই সবচেয়ে বড় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। বিএনপি'র মনোনয়ন লাভের লক্ষ্যে প্রার্থীদের মধ্যে দৌড়ঝাঁপ প্রবল। সবচেয়ে বেশি সংখ্যক প্রবাসী অংশ নেবেন যুক্তরাজ্য বিএনপি'র পক্ষ থেকে। বিএনপি'র ভারপ্রাপ্ত সভাপতি তারেক রহমান লন্ডন প্রবাসী হওয়ায় এই সব প্রবাসী প্রার্থীরা জোড়জোড় শুরু করেছেন। যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদেও মধ্যেও কেউ কেউ প্রার্থী হতে চাইছেন।

অর্ন্তবর্তি সরকার আওয়ামী লীগকে নিষিদ্ধ না করলেও দলটির কার্যক্রম নিষিদ্ধ করেছে। ফলে এই দল কোথাও নেই। ভোটে আওয়ামী লীগের অংশগ্রহণ হচ্ছে না। আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিতে না পারলে একতরফা নির্বাচনে বিএনপি ক্ষমতায় যাবে এটা প্রায় নিশ্চিত। ইসলামী দলগুলো জোট বাঁধতে পারে। বিশেষ করে জামায়াতে ইসলামী, এবারের নির্বাচনে ইসলামী দলগুলোর মধ্যে জোট করা নিয়ে আলোচনা হচ্ছে।

উপদেষ্টা পরিষদ বৈঠকেও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, এখন থেকে নির্বাচনই হবে মূল ফোকাস। সংস্কার ও বিচারও পাশাপাশি চলতে থাকবে। ইউনূসের লক্ষ্য, সর্বস্তরের ভোটারের উপস্থিতির মাধ্যমে সবচেয়ে ভাল ভোট দিতে তিনি অঙ্গীকারবদ্ধ। তবে বাংলাদেশে কমপক্ষে ২০ শতাংশ ভোটার আওয়ামী লীগকে ভোট দিয়ে থাকে। আওয়ামী লীগ ভোটে সুযোগ না হলে অর্ন্তভূক্তিমূলক নির্বাচন কীভাবে হবে?

## পাক-ভারত যুদ্ধ বিরতির অন্দরে যা ঘটেছিল

১ পৃষ্ঠার পর

বৃহস্পতিবার ৭ আগস্ট, কম্বোডিয়া-থাইল্যান্ড যুদ্ধ বিরতি চুক্তি হয়েছে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে। গত ১ আগস্ট, ২০২৫ রক্তক্ষয়ি রোয়ান্ডা-কঙ্গো যুদ্ধ থামিয়ে শান্তির সুবাতাস বইয়ে দিতে সক্ষম হয় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। এর আগে গত ২২ এপ্রিল কাশ্মিরের পহেলগামে ২৬ জন পর্যটক নিহত হবার ঘটনায় ভারত গত ৭ মে গভীর রাতে পাকিস্তানে আকস্মিক ক্ষেপণাস্ত্র হামলা চালায়। পাকিস্তান সেনাবাহিনী ও বিমানবাহিনী ত্বরিতগতিতে পাল্টা হামলা চালালে ভারত আধুনিক যুদ্ধ বিমান রাফালসহ ব্যাপক ক্ষতির মুখে পড়ে। সূত্রে জানা গেছে, এ সময় প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দেশে ভারত ও পাকিস্তানের যুদ্ধ থামাতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রোবিও পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ, সেনাবাহিনীর প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির এবং ন্যাশনাল সিকিউরিটি এডভাইজার আসিম মালিককে জরুরী ফোন করেন এবং যুদ্ধ বিরতিতে সম্মত হতে বলেন। অন্যদিকে একই সময়ে যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও তার সরকারের শীর্ষ কর্মকর্তাদের সাথে জরুরী বার্তা দিতে কল করে তাদেরকে যুদ্ধ বিরতিতে অংশ নিতে বলেন। ভাইস প্রেসিডেন্ট জে ডি ভান্স ও পররাষ্ট্র মন্ত্রী মার্কো রোবিও প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশনা ও তাঁর সিদ্ধান্ত দু'দেশকে পরিস্কার জানিয়ে কঠোর বার্তা দেন। এর ফলে গত ১০ মে ভারত ও পাকিস্তান সরকারের শীর্ষ পর্যায়ে আলোচনার এক ঘন্টা পর বিশ্বকে অবাক করে দিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প সোশ্যাল মিডিয়ায় ঘোষণা দেন যে, 'কিছুক্ষণের মধ্যে পাক-ভারত যুদ্ধ বিরতি কার্যকর হতে যাচ্ছে'। এর পরপরই পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরীফ সোশ্যাল মিডিয়ায় বলেন, 'প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঐতিহাসিক 'পিভুটাল এন্ড প্যারামাউন্ট রোল' বা অতি গুরুত্বপূর্ণ প্রধান ভূমিকার জন্য এই যুদ্ধ বিরতি কার্যকর হয়। তবে এখানে পর্দার আড়ালে সৌদি আরবের সরব ভূমিকাও ছিল। অন্যদিকে ওইদিনই ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিস্ত্রী ও পাকিস্তানের পররাষ্ট্র সচিব ইশহাক দার দু'দেশের মধ্যে যুদ্ধ বিরতির কথা সরকারীভাবে ঘোষণা করেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বারবার দাবি করেন, পাক-ভারত যুদ্ধ থামিয়ে দিতে তিনি অগ্রণী ভূমিকা পালন করেছেন। তবে ভারত সরকার বরাবরই তাঁর এই মন্তব্যের বিরোধিতা করতে থাকে। যুদ্ধবিরতির পর পাকিস্তানের সেনা প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরকে গত জুনে যুক্তরাষ্ট্রে আমন্ত্রণ জানানো হয়। তিনি হোয়াইট হাউজে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন। দুই মাস পার না হতেই পাকিস্তান সেনাবাহিনীর প্রধান আসিম মুনির আগামী সপ্তাহে আবার যুক্তরাষ্ট্র সফরে আসছেন বলে এনডিটিভি সূত্রে জানা গেছে। তবে পাক সেনা প্রধানের এসব সফরকে ভারত সরকার অণুবিক্ষণ যন্ত্রের নিচে ফেলে বিশ্লেষণ করছে এবং বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে।

কম্বোডিয়া ও থাইল্যান্ডের যুদ্ধ বিরতি নিয়ে যুক্তরাষ্ট্র গতকাল বৃহস্পতিবার কুয়ালালামপুরে সাধারণ সীমান্ত কমিটির বৈঠককে যুদ্ধবিরতি ব্যবস্থা দৃঢ় করতে এবং আসিয়ান পর্যবেক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে স্বাগত জানিয়েছে। মার্কো রোবিও বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প এবং আমি আশা করি কম্বোডিয়া ও থাইল্যান্ডের সরকার এই সংঘাতের অবসান ঘটাতে তাদের অঙ্গীকারকে পুরোপুরি সম্মান জানাবে। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের নেতৃত্বের জন্য এবং যুদ্ধবিরতি প্রক্রিয়া আয়োজনের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ রয়েছি। যা সংঘাত মোকাবেলায় যুক্তরাষ্ট্রের সাথে গত ২৮ জুলাই বিশেষ বৈঠকের একটি প্রত্যক্ষ ফলাফল'।

এদিকে ডেমোক্রেটিক রিপাবলিক অব দ্য কঙ্গো (ডিআরসি) এবং রুয়ান্ডা প্রজাতন্ত্রের মধ্যে শান্তি চুক্তি বাস্তবায়নে গত ২৭ জুন, ২০২৫ তারিখে ওয়াশিংটন ডিসিতে চুক্তি স্বাক্ষরিত হয়। এর আগে যুক্তরাষ্ট্র ৩০ জুলাই থেকে গত ১ আগস্ট, ২০২৫ পর্যন্ত দুটি বৈঠকের আয়োজন করে সফলভাবে। যা ওই অঞ্চলে দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা এবং টেকসই শান্তি অর্জনের জন্য গুরুত্বপূর্ণ বার্তা বহন করছে। গত ১ আগস্ট, কঙ্গো এবং রুয়ান্ডার প্রতিনিধিরা যুক্তরাষ্ট্রের সহায়তায় আঞ্চলিক অর্থনৈতিক সংহতকরণ কাঠামোর নীতিমালার বিষয়টি শুরু করেন। যা শান্তি চুক্তিতে বর্ণিত একটি প্রয়োজনীয় অংশ। এদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে চাপ দিচ্ছেন ইউক্রেন যুদ্ধ অবসানের জন্য। সংশ্লিষ্টরা আশা করছেন, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ অবসানে ওই অঞ্চলে শান্তি ফিরে আসবে।

# হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

## এ. ভুঁইয়া

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

**আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন? তাহলে আজই যোগাযোগ করুন। আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।**

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

**আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি**

**আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি**

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

**জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়**



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরকিান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
**Franchise & Business Consulting Firm**
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

## রাজনীতিতে দক্ষিণপন্থার উত্থান নিয়ে ভাবনা-দুর্ভাবনা

১২ পৃষ্ঠার পর

রাজনীতি যাঁরা করেন তাঁরা সবাই বুঝি খুবই সৎ মানুষ! দেশের বিভিন্ন স্থানে জামায়াতের বিরুদ্ধে কি চাঁদাবাজির অভিযোগ উঠছে না? সুযোগ না পেয়ে সৎ থাকা আর সুযোগ পেয়ে সৎ থাকার মধ্যে পার্থক্য আছে নিশ্চয়ই।

ক্ষমতাচ্যুত হওয়ায় আওয়ামী লীগ এখন সেভাবে আলোচনায় নেই। ক্ষমতার রাজনীতির আলোচনায় এগিয়ে আছে বিএনপি। এখন বিএনপিকে আওয়ামী লীগের সঙ্গে দুর্নীতির ইস্যুতে ব্র্যাকেটবন্দী করার পেছনে সুদূরপ্রসারী পরিকল্পনা থাকাই স্বাভাবিক। দক্ষিণপন্থীদের উত্থান নিয়ে বিএনপির মহাসচিবের উদ্বেগও তাই স্বাভাবিক।

এই উদ্বেগ আরও অনেকের মধ্যেই দেখা যাচ্ছে। লেখক, গবেষক ও বামপন্থী রাজনীতিক বদরুদ্দীন উমর বলেছেন, বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে দেশে দক্ষিণপন্থীদেরই রাজত্ব চলছে। দক্ষিণপন্থীরাই বাংলাদেশের রাজনীতি কবজা করে রেখেছে। আওয়ামী লীগ সরকারের সময়ে তিনটি প্রশ্নবিদ্ধ নির্বাচনের কারণে দেশে রাজনীতির স্বাভাবিক গতি ব্যাহত হয়েছিল এবং ভিন্নমত দমিয়ে রেখে একধরনের কর্তৃত্ববাদী ব্যবস্থা চালু হয়েছিল। বিএনপি ছাড়াও জামায়াত ও ইসলামপন্থী অনেক দল সভা-সমাবেশ করতে পারেনি। মামলা-হামলা এবং গ্রেপ্তারে দলগুলো কাবু হয়ে পড়েছিল। মানুষের পুঞ্জীভূত ক্ষোভ থেকেই একপর্যায়ে গণ-অভ্যুত্থান সংঘটিত হয়।

অভ্যুত্থান-পরবর্তী পরিস্থিতিতে একধরনের রাজনৈতিক শূন্যতা তৈরি হয়েছে। বিদ্যমান এই শূন্যতার কারণেই এত দিন চাপের মুখে থাকা ধর্মাশ্রয়ী দলগুলো অনেক বেশি শক্তি নিয়ে আবির্ভূত হয়েছে।

বাংলা একাডেমির সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সাবেক অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক মনে করেন, 'শেখ হাসিনার আমলে নির্বাচন কমিশনের নামে নানা প্রচার হয়েছে। নির্বাচনপ্রক্রিয়া ঠিক থাকলে দক্ষিণপন্থীদের উত্থানের সুযোগ আসত না। আমরা যদি বাংলাদেশে স্বাভাবিক অবস্থা আনতে পারতাম, রাজনীতি যদি সঠিক ধারায় নেতৃত্ব দেওয়ার চেষ্টা করতে পারতাম, তাহলে এই পরিস্থিতি হতো না। আমাদের রাজনৈতিক দুর্বলতার কারণেই দক্ষিণপন্থীদের উত্থান হয়েছে।'

রাজনৈতিক বিশ্লেষক অধ্যাপক দিলারা চৌধুরী মনে করেন, তিন কারণে দক্ষিণপন্থীদের উত্থান হয়েছে। এক. বিএনপি ও আওয়ামী লীগের রাজনীতিতে দুর্বৃত্তায়ন ও দুর্নীতির জন্য মানুষ ক্লান্ত হয়ে পড়েছে। অনেকে মনে করছেন, জামায়াতসহ ইসলামি দলগুলো তো চাঁদাবাজি বা দুর্নীতি করে না। দুই. ভারতে কট্টর হিন্দুত্ববাদী সরকার রয়েছে। সেটার রিঅ্যাকশন হিসেবে এখানে ইসলামপন্থীদের উত্থান হতে পারে। তিন. বাংলাদেশকে ভারতের আধিপত্যের হাত থেকে বাঁচাতে ইসলামপন্থীদের উত্থান হতে পারে।'

আবার বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সাবেক সভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম মনে করেন, 'বিগত সরকারই দক্ষিণপন্থীদের লালনপালন করেছে। ক্ষমতার প্রয়োজনে তারা এর কাঁধে বন্দুক রেখেছিল, আবার ওর কাঁধেও বন্দুক রেখেছিল। হেফাজতের সঙ্গে কম্প্রোমাইজ করে সিলেবাস বদল করেছিল। ইসলামী আন্দোলনকে গত ১৫ বছর নির্বিঘ্নে রাজনীতি করার সুযোগ দিয়েছিল।'

দক্ষিণপন্থীদের উত্থান নিয়ে বিএনপির মহাসচিবের উদ্বেগের বিষয়টি আলোচনায় এলে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে বলেন, 'দক্ষিণপন্থী বলতে আপনি কাকে মিন করছেন? উত্থান শব্দের ব্যাখ্যা কী? এখানে কোনো শক্তি এমন নেই যে নতুন করে এ দেশে জন্ম নিয়েছে। কোনো আনএক্সপেক্টেড পাওয়ার (অপ্রত্যাশিত শক্তি) তো এখানে আসেনি। এরা তো সবাই এ দেশে ছিল, এ দেশে রাজনীতি করত। আপনি ১৫ বছর তাকে কথা বলতে দেননি। সে যদি আজকে বড় একটা সমাবেশ করে, আপনি তাকে কি বলবেন একটা শক্তির উত্থান? বরং সে অধিকার ফিরে পেয়েছে।'

গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশের রাজনীতি ও ধর্মীয় স্বাধীনতা নিয়ে গত ২১ জুলাই একটি প্রতিবেদন প্রকাশ করে ধর্মীয় স্বাধীনতাবিষয়ক যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক কমিশন (ইউএসসিআইআরএফ)। এতে বলা হয়, অন্তর্বর্তী সরকার রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করতে প্রয়োজনীয় সংস্কারকাজ এগিয়ে নিলেও রাজনৈতিক উত্তেজনা ও ধর্মীয় স্বাধীনতা নিয়ে বাংলাদেশে এখনো উদ্বেগ রয়ে গেছে। এর আগে, গত ১ এপ্রিল যুক্তরাষ্ট্রভিত্তিক দ্য নিউইয়র্ক টাইমসের খবরের শিরোনামেও বলা হয়, অভ্যুত্থানের পর কট্টরপন্থীরা বাংলাদেশে নতুন করে সুযোগ নিচ্ছে।

আমরা ভুলে যাচ্ছি, স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের শুরুর দিনগুলোতে কী স্বপ্ন নিয়ে চলা শুরু হয়েছিল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন-'বাংলাদেশ কোনো ধর্মীয় রাষ্ট্র হবে না'। তিনি স্পষ্টভাবে বলেছিলেন, ধর্ম থাকুক ব্যক্তিজীবনে, রাষ্ট্র থাকবে ধর্মনিরপেক্ষ। কিন্তু আজ এই বক্তব্য কোথায়? আজ যদি কেউ এই কথাগুলো উচ্চারণ করেন, তখন তাঁকে বলা হয় 'সংবেদনশীল বিষয়ে উসকানি দিচ্ছেন'। ধর্ম মানুষের ব্যক্তিগত আচরণের বিষয়। ধর্মকে রাজনীতির বাইরে রাখার কথা বললেই তাকে 'ধর্মবিরোধী' তকমা দেওয়া হয়। আর এখানেই বিপদ।

একটি অসাম্প্রদায়িক সমাজ গড়ে তোলার প্রথম শর্ত হলো-মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করা। যুক্তির জায়গা তৈরি করা। ভিন্নমতকে সহ্য করার সাহস অর্জন করা। রাষ্ট্র বা রাষ্ট্রক্ষমতায় থাকা কেউ যদি এই ন্যূনতম শর্তগুলো পূরণ না করেন, তাহলে তা 'প্রগতিশীল ফ্যাসিজম' হয়ে ওঠে-যার মুখে গণতন্ত্র, কিন্তু ভেতরে ভয়ংকর এক জোরজবরদস্তি।

এখন সময় হয়েছে সতর্ক হওয়ার, আবারও প্রশ্ন তোলার এবং সবচেয়ে বেশি দরকার-আমরা যাঁরা এখনো যুক্তিবাদে বিশ্বাস করি, যাঁরা এখনো অসাম্প্রদায়িকতা ও ন্যায়ের পক্ষে আছি, আমাদের নিজেদের অবস্থান স্পষ্ট করা। মানিয়ে নেওয়া শেষ পর্যায় আত্মসমর্পণ হয়ে দাঁড়ায়। ইতিহাসে যাঁদের নামে আমাদের গর্ব, তাঁরা কেউ মানিয়ে নেননি। তাঁরা প্রশ্ন তুলেছেন। তাঁরা জেল-জুলুম উপেক্ষা করেও অন্যায়ের বিরুদ্ধে দাঁড়িয়েছেন। এখনই সময়, আমরা যদি সত্যিকার অর্থে একটি মানবিক, সহনশীল, বিজ্ঞানমনস্ক ও প্রগতিশীল সমাজ গড়তে চাই, তাহলে এই মুহূর্তেই আমাদের জোর গলায় বলতে হবে-উগ্র দক্ষিণপন্থা নয়, মানবতা; দমন নয়, বিতর্ক; ক্ষমতার অন্ধ মোহ নয়, মানুষের অধিকারই হোক রাষ্ট্রের চালিকাশক্তি।

লেখক: সাংবাদিক।

## ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' পালিত

৩ পৃষ্ঠার পর

প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। পরে রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার বাণী পাঠ করেন দূতাবাসের প্রথম সচিব আতিকুর রহমান ও প্রথম সচিব নাজনীন সুলতানা।

এরপর জুলাই গণঅভ্যুত্থানের উপর নির্মিত দুটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। তথ্যচিত্রগুলোতে ফ্যাসিবাদী শাসনের বিভিন্ন নির্যাতনের চিত্র তুলে ধরা হয়। পাশাপাশি, জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন সংক্রান্ত অপপ্রচার প্রতিরোধে সঠিক তথ্য তুলে ধরা হয়।

জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত দি.এম. সালাহ উদ্দিন মাহমুদ শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বৈষম্যহীন, দুর্নীতিমুক্ত ও সুখী সমৃদ্ধ বাংলাদেশ গঠনে সকলকে নিজ দায়িত্ব পালনের আহ্বান জানান।

অনুষ্ঠানে শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন মিনিস্টার ও দূতালয় প্রধান মো. আরিফুর রহমান। অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

## হাসিনার পতনই যেন একমাত্র প্রাপ্তি না হয়

১০ পৃষ্ঠার পর

রাজনৈতিক দলগুলোর ভিন্ন ভিন্ন আদর্শ রয়েছে, মতপার্থক্য হতে পারে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, আদর্শের চেয়ে ক্ষমতায় যাওয়া না-যাওয়ার হিসাব-নিকাশই মুখ্য হয়ে উঠেছে। সংস্কারের আলোচনাও চলছে এসব ঘিরে।

কোনো দলের ক্ষমতায় যাওয়া না-যাওয়া বা কোনো দলের ক্ষমতায় যাওয়া ঠেকানো-এই কলরবের মধ্যেই এখনো ঘুরপাক খাচ্ছে সংস্কারের উদ্যোগ। শ্রম, নারী, গণমাধ্যম, স্থানীয় সরকার ও স্বাস্থ্য বিষয়ে গঠিত কমিশনগুলোর সংস্কার প্রস্তাব নিয়ে কোনো আলোচনা নেই।

রাজনৈতিক দলগুলোর নিজেদের মধ্যে কোনো পরিবর্তন বা সংস্কারের আকাঙ্ক্ষা বা এ নিয়ে কোনো উদ্যোগ আমরা দেখছি না, অথচ সামনে দেশ চালানোর দায়িত্ব তাদের হাতেই গিয়ে পড়বে। পুরোনো ও বড় রাজনৈতিক দলগুলো ক্ষমতায় যাওয়া বা ক্ষমতার অংশীদার হওয়ার আগেই দখলদারি ও চাঁদাবাজি থেকে শুরু করে সব ধরনের প্রতিষ্ঠানে নিজেদের লোক বসানো ও কর্তৃত্ব প্রতিষ্ঠায় উঠেপড়ে লেগেছে।

পুরোনো রাজনৈতিক দলগুলো না হয় আগের মতোই চলতে চাইছে, কিন্তু নতুন দলগুলোর কী অবস্থা? গণ-অভ্যুত্থানের নেতৃত্ব দেওয়া ছাত্ররা দল করেছে, আরও নতুন দল (১৪৮টি দল নিবন্ধনের জন্য আবেদন করেছে) হচ্ছে, সেখানে কি নতুন কোনো লক্ষণ বা সম্ভাবনা দেখা যাচ্ছে? সেই একই পুরোনো কায়দা। চাঁদাবাজি, জমায়েতের জন্য লোক ভাড়া করা-এসবই তো চলছে।

গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি হলো। সাম্প্রতিক সময়ের বিশ্বের বিভিন্ন দেশের গণ-অভ্যুত্থানের পরিণতি বিবেচনায় নিলে আমরা দেখব, গণ-অভ্যুত্থান হলেই যে সংস্কার বা গণতান্ত্রিক রূপান্তর খুব সফল হয়, তেমন নয়। আমরাও সম্ভবত সেই পথেই হাঁটছি। ফ্যাসিবাদী আমল, যাকে আমরা 'অতীত' হিসেবে দেখতে চাই, তার সঙ্গে গণ-অভ্যুত্থান-পরবর্তী 'বর্তমান'-এর একটি আপসরফা করেই সম্ভবত আমাদের এগোতে হচ্ছে। এটাই সম্ভবত এখনকার বাস্তবতা।

৫.

গণ-অভ্যুত্থানের রাজনৈতিক শক্তিগুলোর মধ্যে অনৈক্য ও বিরোধ এবং রাষ্ট্র পরিচালনায় অন্তর্বর্তী সরকারের দক্ষতার ঘাটতি, প্রয়োজনীয় সক্রিয়তার অভাব, সিদ্ধান্তহীনতা ও অনেক ক্ষেত্রে নির্বিকার অবস্থান-এই সবকিছু মিলিয়ে গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তি খুব আশা জাগায় না।

তবে এরপরও ঐকমত্য কমিশনে রাজনৈতিক দলগুলোর মধ্যে দীর্ঘ আলোচনা এবং যতটুকু 'ঐক্য' হয়েছে, তাকেই এখন আমাদের হাসিনার পতনের বাইরে গণ-অভ্যুত্থানের প্রাপ্তি হিসেবে বিবেচনা করতে হবে। এই প্রাপ্তিকে আরও একধাপ এগিয়ে নিয়ে যেতে পারে একটি অবাধ, সুষ্ঠু, সবার কাছে গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন।

আগেই বলেছি, রাজনীতিতে সহিংসতার উপস্থিতি রাষ্ট্রগঠনের পথ ধরে আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি। সহিংসতা আমাদের রাজনীতির অংশে পরিণত হয়েছে। অন্যদিকে দীর্ঘ স্বৈরশাসন যেকোনো দেশে প্রতিক্রিয়াশীল ও উগ্রবাদী রাজনীতিকে ভেতরে-ভেতরে শক্তিশালী করে। হাসিনার পতনের পর তার লক্ষণ আমরা দেখতে পাচ্ছি।

হাসিনার স্বৈরশাসনের কল্যাণে আমাদের দেশের রাজনীতিতেও এখন চরম দক্ষিণপন্থার প্রভাব লক্ষণীয় হয়ে উঠেছে। খুব বেশি আশা না করে এখন এই দুই বিপদ ঠেকানোই সম্ভবত আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। নির্বাচনী রাজনীতিই প্রতিক্রিয়াশীল উত্থান ঠেকাতে পারে।

সহিংস রাজনীতির যে ধারাবাহিকতা আমরা উত্তরাধিকার সূত্রে বহন করে চলেছি, সেই ঝুঁকি ও দক্ষিণপন্থার উত্থান ঠেকানোর প্রাথমিক ও কার্যকর পথ হতে পারে যত দ্রুত সম্ভব নির্বাচনী রাজনীতির চর্চা শুরু করা।

প্রধান উপদেষ্টা অধ্যাপক ইউনূস আগামী রোজার আগে ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচনের সুনির্দিষ্ট সময়সীমা ঘোষণা করেছেন। গণ-অভ্যুত্থানের প্রাপ্তি শুধু হাসিনা পতনে আটকে না থেকে সুষ্ঠু নির্বাচনের দিকে এগিয়ে যাক, গণ-অভ্যুত্থানের বর্ষপূর্তিতে আপাতত এটাই চাওয়া।

লেখক : উপসম্পাদক, প্রথম আলো।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD

Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office

30-04 36th Avenue

LIC, NY 11106

Tel: 718-383-4500

www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office

170-12, Highland Ave,

Jamaica NY 11432

Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE

170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# হজ ও বিশ্ব মুসলিমের ঐক্য

আবদুল্লাহ বিন আলমগীর



হজের শাব্দিক অর্থ- ইচ্ছা করা, গমন করা। পরিভাষায় হজ বলা হয় : নির্দিষ্ট সময় নির্দিষ্ট কাজের মাধ্যমে নির্দিষ্ট স্থানের জিয়ারত করা। হজের প্রকারভেদ : হজ তিন প্রকার ১. হজ্জে ইফরাদ ২. হজ্জে কিরান ৩. হজ্জে তামাত্তু। এ তিন প্রকারের মধ্যে উত্তম হল হজ্জে কিরান।

হাদিস শরিফে এসেছে,আবু হুরাইরা রা. হতে বর্ণিত:তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি যে ব্যক্তি আল্লাহর উদ্দেশ্যে হজ করলো এবং অশালীন কথাবার্তা ও গুনাহ হতে বিরত রইল, সে ঐ দিনের মত নিষ্পাপ হয়ে হজ হতে ফিরে আসবে যেদিন তার মা তাকে জন্ম দিয়েছিল। (সহিহ বুখারিঃ ১৫২১)। বিশ্ব মুসলিমের ঐক্য, বিশ্ব মুসলমান বর্তমানে হজের যে নিয়মাবলী অনুসরণ করে তা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে, হজ মানুষের চিন্তা চেতনাকে পরিশুদ্ধ করে দেয়। মানুষের নিজেদের চেহারা, দেশ,ভাষা, নিয়ে অনেক গর্ব করে, কিন্তু একজন মুসলমান যখন হজে যায়, তখন তার কাছে সব অহংকার তুচ্ছ হয়ে যায়। আর এই পবিত্র গৃহের কাছে কেউ কারো সামনে উঁচু নয়।

সবাই এক ইমামের পিছনে নামাজ আদায় করে। যতই ধনী হোক না কেন সবাই সিলাইবিহীন কাপড় পরিধান করে এই ঘরে উপস্থিত হয়। আর মুখে বলতে থাকে লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক, পৃথিবীতে আর কোন ধর্মে এক পোশাকে এত মানুষ গণ জমায়েত হয় না। এমন অপূর্ব সুন্দর কেবল মুসলিমদের ধর্মেই দেখা যায়। হাদিসে এসেছে আরাফাতের দিন সবচেয়ে বেশিসংখ্যক মানুষ জাহান্নাম থেকে মুক্তি লাভ করে। ইবনুল মুসাইয়্যাব (রহ.) থেকে বর্ণিত। তিনি বলেন, হজরত আয়েশা রাজিআল্লাহু আনহা বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আরাফার দিবসের তুলনায় এমন কোন দিন নেই,যেদিন আল্লাহ তা'আলা সর্বাধিক সংখ্যক লোককে দোযখের আগুন থেকে মুক্তি দান করেন। আল্লাহ তা'আলা নিকটবর্তী হন, অতঃপর বান্দাদের সম্পর্কে ফেরেশতাদের সামনে গৌরব প্রকাশ করেন এবং বলেনঃ তারা কী উদ্দেশ্যে সমবেত হয়েছে (বা তারা কী চায়)? (সহিহ মুসলিম, হাদিস : ১৩৪৮)

তাই আল্লাহর নৈকট্য লাভের এমন সুযোগ কোন ধর্মপ্রাণ মুসলমানই হাতছাড়া করতে চায় না। অপরদিকে হজের মাধ্যমে মুসলিম বিশ্বের মানুষের মাঝে এক ব্যক্তিত্ববোধ গড়ে ওঠে। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বিদায় হজের ভাষণে বলেছেন, হে লোক সকল তোমরা প্রত্যেক মুসলমান ভাই ভাই, তোমরা সবাই সমান, তোমাদের পালনকর্তা এক, তোমাদের পিতা এক, তোমরা সকলে এক আদমের সন্তান এবং আদম মাটি হতে সৃষ্ট। কোন আরব কোন অনারবের উপর খোদা-ভীরুতা ব্যতীত অধিক মর্যাদাবান ও সম্মানী হতে পারে না। নবীজির এই বাণীই যেন সত্য হয়ে দেখা যায় হজের সময়।

আবদুল্লাহ, শিক্ষার্থী : জামিয়া কোরআনিয়া আরাবিয়া লালবাগ মাদরাসা, ঢাকা।



# ঘরে বসে মসজিদে নববীতে হাদিস পড়ার সুযোগ

নিহার মামদুহ



ঘরে বসেও অংশ নেওয়া যাবে মসজিদে নববীর হাদিসের দরসে। আগামী ৭ জুলাই ২০২৫ মোতাবেক ১১ মহররম ১৪৪৭ শুরু হতে যাচ্ছে মসজিদে নববীর গ্রীষ্মকালীন হাদিসের দরস (বা কোর্স)। বিশ্বের যেকোনো স্থান থেকে রেজিস্ট্রেশন করে নারী-পুরুষ সবাই ঘরে বসে মসজিদে নববীতে হাদিস পড়ার সুযোগগুলোতে অংশ নিতে পারবে। ছবিতে দেওয়া বারকোড স্ক্যান করে নির্ধারিত ওয়েবসাইটে যেতে হবে। সেখানে ফরম পূরণের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। নিচের লিংকে প্রবেশ করেও রেজিস্ট্রেশন করা যাবে। তা হলো-https://reg.qm.edu.sa/Minton/Account/Login আসন্ন দরসে 'আল জামি লিমা ফিস সহিহাইন' পাঠ দান করা হবে এবং তা অংশগ্রহণকারীদের মুখস্থ করানো হবে। গ্রন্থটি রচনা করেছেন মসজিদে নববীর ইমাম ও খতিব ড. আবদুল মুহসিন বিন মুহাম্মদ আল কাসিম।

এতে তিনি সেসব হাদিস একত্র করেছেন যেগুলো 'সহিহ বুখারি' ও 'সহিহ মুসলিম' উভয় গ্রন্থে স্থান পেয়েছে। নিম্নোক্ত লিংকে গিয়ে 'আল জামি লিমা ফিস সহিহাইন' গ্রন্থটির পিডিএফ ডাউনলোড করা যাবে। লিংকটি হলো-https://surl.li/raudqu



# ইসলামে পিতার সম্মান

রাইহান উদ্দিন

ইসলামে বাবাকে দেওয়া হয়েছে অনন্য মর্যাদা। ইসলামে আপন বাবা ছাড়া অন্য কারও সঙ্গে জন্ম পরিচয় সম্পর্কযুক্ত করতে কঠোরভাবে নিষেধ করা হয়েছে। বংশের ধারাবাহিকতা রক্ষার ক্ষেত্রেও বাবাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছে ইসলাম। এমনকি ইচ্ছায়-অনিচ্ছায়, শ্রদ্ধা-ভক্তি বা সম্মান প্রদর্শনের জন্য জন্মদাতা বাবা ছাড়া অন্য কাউকে বাবা বলে ডাকতে বা পরিচয় দিতে নিষেধ করা হয়েছে। এ দৃঢ় অবস্থানের মাধ্যমেই বোঝা যায়, ইসলাম বাবাকে কতটুকু মর্যাদার আসনে সমাসীন করেছে।

রাসূল (সা.) বাবার মর্যাদা সম্পর্কে বলেছেন, 'বাবার সন্তুষ্টিতে আল্লাহতায়ালা সন্তুষ্ট হন; বাবার অসন্তুষ্টিতে আল্লাহতায়ালা অসন্তুষ্ট হন'। এ কারণেই ইসলাম বাবা-মায়ের সঙ্গে অন্যায় আচরণকে গুনাহের কাজ বলে বিবেচনা করেছে। পবিত্র কুরআনে অনেকবার বাবা-মার প্রতি সন্তানের সদ্ব্যবহার করা অসৎ আচরণ থেকে বিরত থাকতে বলা হয়েছে। আল্লাহতায়ালা বলেন, 'তোমার পালনকর্তা আদেশ প্রদান করছেন যে, তাকে ছাড়া অন্য কারও ইবাদত করো না এবং বাবা-মায়ের সঙ্গে সদ্ব্যবহার কর। তাদের মধ্যে কেউ বা উভয় যদি জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হয়। তবে তাদের 'উহ' শব্দটিও বলো না এবং তাদের

এরপর ৪৫ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City আগস্ট ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৯ | ৪:৩৫ | ৬:০১ | ০১:০১ | ৪:৫৩ | ৮:০২ | ০৯:২৭ |
| ১০ | ৪:৩৬ | ৬:০২ | ০১:০১ | ৪:৫৩ | ৮:০০ | ০৯:২৬ |
| ১১ | ৪:৩৮ | ৬:০৩ | ০১:০১ | ৪:৫২ | ৭:৫৯ | ০৯:২৪ |
| ১২ | ৪:৩৯ | ৬:০৪ | ০১:০১ | ৪:৫২ | ৭:৫৮ | ০৯:২২ |
| ১৩ | ৪:৪০ | ৬:০৫ | ০১:০১ | ৪:৫১ | ৭:৫৬ | ০৯:২১ |
| ১৪ | ৪:৪২ | ৬:০৬ | ০১:০১ | ৪:৫০ | ৭:৫৫ | ০৯:১৯ |
| ১৫ | ৪:৪৩ | ৬:০৭ | ০১:০০ | ৪:৫০ | ৭:৫৪ | ০৯:১৭ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



## হাসিনা-উত্তর বাংলাদেশের নতুন রাজনৈতিক দৃশ্যপট

৬ পৃষ্ঠার পর

রাজনীতি এবং পারস্পরিক শ্রদ্ধার পক্ষে- এবং তারা চান সহিংসতার বদলে শান্তিপূর্ণ সমাধান, আর সামাজিক-অর্থনৈতিক সমস্যাগুলোর সমাধানে কার্যকর ভূমিকা রাখতে।

**ছাত্রদের দল এনসিপি: এক নতুন সূর্যোদয়**

২০২৪ সালের জুলাইয়ের ছাত্রআন্দোলনের অংশগ্রহণকারীরা গঠন করেছে নতুন রাজনৈতিক দল- ন্যাশনাল সিটিজেন পার্টি (এনসিপি)। দলটির নেতাদের বয়স ২০ থেকে ৩০-এর কোঠায় এবং তাদেরকে দেখা হচ্ছে তরুণ প্রজন্মের কণ্ঠস্বর হিসেবে। এর নেত্রী তাসনিম জারা এবং নেতা নাহিদ ইসলাম পুরোনো রাজনৈতিক ধরনে বিশ্বাসী নন। তারা কাজ চালান অস্থায়ী অফিস থেকে, বৈঠক করেন মার্কেট, ইউনিয়ন হল কিংবা গ্রামের হাটে। তাসনিম বলেন, একদিন আমরা পরিবর্তন আনবো- এই আশাতেই পথ চলা। তাদের মূল চ্যালেঞ্জ হলো- ঢাকার বাইরে প্রভাব বিস্তার এবং গ্রামাঞ্চলের ভোটারদের সঙ্গে যোগাযোগ তৈরি করে জাতীয় রাজনৈতিক শক্তি হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করা।

**আওয়ামী লীগের অনুপস্থিতি: এক নীরব প্রতিধ্বনি**

গুরুত্বপূর্ণ দিক হলো- আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থকদের হঠাৎ হারিয়ে যাওয়া। শুধু শারীরিক অনুপস্থিতি নয়, যেন রাজনৈতিক আবহ থেকেই এক নিঃশব্দ নিষ্ক্রমণ ঘটেছে। সেই নিস্তব্ধতা ভাঙবে কীভাবে? এর একমাত্র উপায়- একটি মুক্ত, স্বচ্ছ এবং অংশগ্রহণমূলক নির্বাচন। এমন একটি নির্বাচনের মধ্য দিয়েই নতুন বাংলাদেশ গড়ে উঠতে পারে- যেখানে জনগণকে বাদ দিয়ে শাসন আর চলবে না, কিংবা বিরোধী কণ্ঠকে দমন করেও কেউ টিকে থাকতে পারবে না। নাগাল্যান্ডের ভারতীয় নৃতত্ত্ববিদ আব্রাহাম লোথা একদা বলেছেন, যদি আপনি জনগণের কথা না শুনেন, তাহলে আপনি তাদের হয়ে লড়ার অধিকারও হারান। এই শিক্ষা ব্রহ্মপুত্রের দুই তীরেই সমানভাবে প্রযোজ্য।

(দ্য উইক থেকে অনুবাদ)

## প্রেসিডেন্ট ট্রাম্প ইন্টেল সিইওকে সরতে বললেন

৩ পৃষ্ঠার পর

উদ্বেগ প্রকাশ করে ইন্টেলকে চিঠি দিয়েছে মার্কিন রিপাবলিকান সিনেটর টম কটন। এর পরই ওই কর্মকর্তার পদত্যাগ দাবি করলেন ট্রাম্প। এপ্রিলে সংবাদ সংস্থার এক প্রতিবেদনে বলা হয়েছে, নিজের প্রতিষ্ঠিত ভেঞ্চার ফান্ডের মাধ্যমে শত শত চীনা কোম্পানিতে বিনিয়োগ করেছেন টান। যার মধ্যে বেশ কিছু প্রতিষ্ঠানে চীনা সামরিক বাহিনীর সংশ্লিষ্টতা রয়েছে। ট্রুথ সোশ্যালের এক পোস্টে ট্রাম্প বলেন, টানের পদত্যাগের কোনো বিকল্প নেই। তার পোস্টের কারণে শেয়ার বাজারে ইন্টেলের ৪ শতাংশ দর পতন হয়েছে।

## ভারতের ওপর ট্রাম্পের ৫০ শতাংশ শুল্ক আরোপ

৩ পৃষ্ঠার পর

চীন সফরে যাচ্ছেন।

ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানান, যুদ্ধের শুরুর দিকে যুক্তরাষ্ট্রই ভারতকে উৎসাহ দিয়েছিল রুশ তেল আমদানিতে। যাতে বৈশ্বিক জ্বালানি বাজার স্থিতিশীল থাকে। এখন তারা কেন শাস্তি দিচ্ছে? তিনি আরও বলেন, রাশিয়া থেকে আমদানি শুরু করতে হয়েছে। কারণ ওই সময় আমাদের ঐতিহ্যগত জ্বালানি সরবরাহ ইউরোপের দিকে মোড় নেয়। যদিও ট্রাম্প ও মোদি অতীতে একে অপরকে 'বন্ধু' বলে সম্বোধন করতেন এবং একে অপরের দেশে রাজনৈতিক সমাবেশে অংশ নিয়েছেন।

এএফপির এক প্রতিবেদনে বলা হয়েছে, রাশিয়ার তেল কেনার জরিমানা হিসেবে ট্রাম্পের আরোপিত নতুন এই শুল্ক আগামী তিন সপ্তাহের মধ্যে কার্যকর হবে। ভারতীয় পণ্যের ওপর বৃহস্পতিবার থেকে কার্যকর হওয়া যুক্তরাষ্ট্রের আরোপিত ২৫ শতাংশ শুল্কের সঙ্গে অতিরিক্ত এই শুল্ক যোগ হবে।







## ম্যানহাটনের ডিজাইনার মার্থা নোলানের মৃতদেহ মন্টাক নৌকায়

৩ পৃষ্ঠার পর

মৃত্যুর আশেপাশের কোনও বিবরণ জানাতে পারেনি। এনওয়াইসি ডিজাইনারের ব্যবসায়িক অংশীদার মন্টাক নৌকায় তাকে মৃত অবস্থায় পাওয়া যাওয়ার পরে অদম্য বিনাশক দৃশ্যের অবতারণা হয়। স্থানীয় বাসিন্দারা গভীর রাতে এক নারীর চিৎকারের কথা জানিয়েছেন। রিটজি ইয়ট ক্লাবের ৬ জন সদস্য দাবি করেছেন যে নোলানের মৃতদেহ পাওয়ার আগের রাতে তারা চিৎকার শুনেছিলেন।

ইয়ট ক্লাবের গ্রাহকেরা জেপি মরগান, ভিনসেন্ট অ্যাস্টর, হ্যারল্ড ভ্যান্ডারবিল্ট এবং চার্লস লিন্ডবার্গসহ দেশের সবচেয়ে জনপ্রিয় ব্যক্তিবৃন্দের অন্তর্ভুক্ত করেছেন।

আয়ারল্যান্ডের স্থানীয় বাসিন্দা নোলান ম্রাতারা ২৬ বছর বয়সে যুক্তরাষ্ট্রে চলে এসেছিলেন এবং ২০২৩ সালে হ্যাম্পটনসে গ্রীষ্মের পরিধান ব্র্যান্ড ইস্ট এন্ড ইস্ট সমন্বিত পপ-আপগুলি চালু করে তার কর্মজীবন শুরু করেছিলেন।

## গোপালগঞ্জে সেনাবাহিনী ও ৭১ সালের বর্বরতা

৫ পৃষ্ঠার পর

আর ড. ইউনূস সমর্থন দিলেন সাথে সেনাপ্রধান কে নির্দেশ দিলেন সেনাবাহিনীর সকল সশস্ত্র সদস্য যেন এই সন্ত্রাসীদের নিরাপত্তায় নিয়োজিত থাকে আর সাথে থাকবে - পুলিশ, র‍্যাব, বিজিবিসহ সব আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। যেই কথা সেই কাজ। জঙ্গি সন্ত্রাসী এনসিপি, সেনাবাহিনী, পুলিশ, র‍্যাব, বিজিবির একত্রিত হয়ে গোপালগঞ্জের নিরীহ জনগণের উপর হামলা চালাতে রওনা দেয় এবং জঙ্গিদের নির্দেশ দেন - তারা যেন সমাবেশের নামে গোপালগঞ্জের নিরীহ মানুষের উপর হামলা চালায় এবং বঙ্গবন্ধুর কবর ভেঙে দেয়, গোপালগঞ্জের জনগণও ছেড়ে দেয়ার পাত্র নয়। তারাও ঐক্যবদ্ধ হয়েছে কঠিন শপথ নিয়েছে - তারা যে কোন মূল্যে এই সন্ত্রাসীদের প্রতিহত করবে, তাদের রুখে দেবে। গোপালগঞ্জের শান্তিপ্রিয় জনগণের উপর একযোগে হামলা চালায় এনসিপির জঙ্গিরা, সেনাবাহিনীর পাকিস্তানি ইউনিটের সদস্যরা, র‍্যাব পুলিশ বিজিবিসহ সকল রাষ্ট্রীয় সন্ত্রাসীরা। তারা নির্বিচারে গুলি চালায় - মানুষের ঘরে ঢুকে নারী - পুরুষ, ছেলেমেয়ে, শিশু সব মানুষের উপর আক্রমণ চালায়, নারীদের ধর্ষণ করে নির্যাতন করে, সেনাবাহিনীর বর্বর পাকিস্তানি ইউনিট একাত্তরের বর্বরোচিত কায়দায় মানুষকে গুলি করে হত্যা করে, গুলি খেয়ে আহত হওয়ার সাধারণ মানুষকে টেনে হিঁচড়ে ঘর থেকে বের করে এনে রাস্তায় ফেলে বুটের তলায় পিষ্ট করে নির্মমতার সর্বশেষ জঘন্য বর্বরতা দেখিয়ে যে ঘৃণ্য অপরাধ ঘটিয়েছে যা ১৯৭১ সালের বর্বর সেনাবাহিনীর বর্বরতাকে হার মানিয়েছে। ১৯৭১ সালের ২৫ শে মার্চ কাল রাত্রিতে পাকিস্তানি বর্বর সেনারা ঘুমন্ত বাঙালির উপর হামলা চালিয়েছিল - ঠিক একই কায়দায় স্বাধীন বাংলার সেনাবাহিনী ড. ইউনূসের নির্দেশে আমাদের জনগণের উপর হামলা চালায়। ১৯৭১ সালে আমরা যখন স্বাধীনতা চেয়েছিলাম, অধিকার চেয়েছিলাম, ছয় দফা দাবি নিয়েছিলাম, এমনকি ১৯৭০ সালের নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ ভোটে জিতার পরও আমাদেরকে পার্লামেন্টে বসার সুযোগ দেয়নি, সংখ্যাগরিষ্ঠ দলের নেতা বঙ্গবন্ধুকে প্রধানমন্ত্রীর দায়িত্ব বুঝিয়ে দেয়নি। শেষ পর্যন্ত কি ঘটলো - ইয়াহিয়া - ভুট্টো, টিক্কা খান, রাও ফরমান আলী আলোচনার কথা বলে পূর্ব পাকিস্তানে এসে আলোচনায় বসলেন, সংসদ অধিবেশন ডাকবেন, প্রধানমন্ত্রীর কাছে ক্ষমতা হস্তান্তর করবেন বলে - কালক্ষেপণ করে গোপনে পাকিস্তান ফিরে যায় এবং ২৫ শে মার্চ কাল রাত্রিতে বর্বর পাকিস্তানি সেনাবাহিনী কে ঘুমন্ত বাঙালির উপর লেলিয়ে দেন। দীর্ঘ ৯ মাস এই বর্বর মিলিটারি আমাদের ৩০ লক্ষ মানুষকে হত্যা করে, ৩ লক্ষ মা বোনকে ধর্ষণ করে, আর তাদের সাথে যুক্ত হয়ে জামাতি রাজাকার বাঙালি নারীদের পাক সেনাদের হাতে তুলে দেন ধর্ষণ করার জন্য। এই জামাতিরা অগ্নিসংযোগ করে, ঘরবাড়ি লুটপাট করেছিল - নারীদের স্বর্ণালংকার লুটে নিয়েছিল। সেদিন আমরা ছিলাম পরাধীন জাতি, স্বাধীনতা চেয়েছি - ভোটেও জিতেছি তারপরও আমাদের উপর এমন নির্মম নির্যাতন চালিয়েছিল পাকিস্তানি সেনাবাহিনী - ইয়াহিয়া খান আর জুলফিকার আলী ভুট্টোর নির্দেশে। আজ তো আমরা স্বাধীন সার্বভৌম জাতি - ৫৫ বছর পর আবার পাকিস্তানি ভূত আমাদের কাঁধে চেপে বসেছে। ইঙ্গ মার্কিন সাম্রাজ্যবাদী শক্তির সহায়তায় এবং তারা সেই ভূত ড. ইউনূসের কাঁধে তুলে দিয়েছে আবারো বাংলাদেশকে পাকিস্তান বানানোর জন্য - আর ড. ইউনূস জড়ো করেছেন - আসিফ নজরুল, বদিউল আলম মজুমদার, আলী রিয়াজ মজুমদারের মত কুখ্যাত রাজাকারদের। যাদের জন্ম কুমিল্লায় - যেখানে খন্দকার মোস্তাকের জন্ম হয়েছিল, তারা প্রত্যেকে পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআইয়ের টাকা খাওয়া এজেন্ট। আর তারা জড়ো করেছে এনসিপির গুন্ডা সন্ত্রাসী ডাকাতদের - যারা খুব সহজে সন্ত্রাস সৃষ্টি করে এদেশের জনগণকে জিম্মি করে খুব সহজে এ দেশকে পাকিস্তানের মত একটি ব্যর্থ রাষ্ট্র বানাতে পারে। দুঃখের বিষয় হল এমন বর্বরতা যখন দেশব্যাপী চলছিল এমনকি বিএনপির উপরও - বিএনপির কিছু কিছু সন্ত্রাসী নেতা জঙ্গি সন্ত্রাসীদের সমর্থন জোগাচ্ছে।

লেখক: ব্রুকলিন, নিউইয়র্ক।

## এ মুহূর্তে সুষ্ঠু নির্বাচন সবচেয়ে গুরুত্বপূর্ণ

১২ পৃষ্ঠার পর

নিয়ে আসতে হবে। এ অভ্যুত্থানের কোনো নির্দিষ্ট বা একক মালিক নেই। গণ-অভ্যুত্থানের মালিক হচ্ছে জনগণ। স্লোগানগুলো থেকে চলমান আটক ও গ্রেফতার-বাণিজ্য, চাঁদাবাজি, মব সন্ত্রাস, পাইকারি মামলা বন্ধের দাবি জানাই। বাংলাদেশে সব শহীদ ও আহতদের পূর্ণ দায়িত্ব রাষ্ট্রকে নিতে হবে এবং জুলাই হত্যাকাণ্ডের বিচার যথাযথভাবে করতে হবে।

বৈষম্যহীন সমাজের জন্য চারটি বিষয় নিশ্চিত করতে হবে। এগুলো হলো-শ্রেণিবৈষম্য সৃষ্টিকারী অর্থনৈতিক নীতির পরিবর্তন করতে হবে; ধর্মীয় বৈষম্যের কোনো রীতিনীতি বা ব্যবস্থা রাষ্ট্রের থাকা যাবে না; জাতিগত বৈষম্য নিরসনে বাঙালি ছাড়াও অন্যান্য জাতিরও স্বীকৃতি থাকতে হবে এবং লিঙ্গবৈষম্য দূর করতে হবে। গণতান্ত্রিক রূপান্তরের মধ্যে জনগণের সর্বোচ্চ শক্তি নিয়োজিত না হলে এ দেশে বারবার স্বৈরতন্ত্র ও ফ্যাসিবাদের আবির্ভাব ঘটবে।

বিগত সরকার আমলের সাড়ে ১৫ বছরে দেশের অর্থনীতিকে লুটপাটের মাধ্যমে বিপর্যস্ত করে ফেলা হয়েছে। অন্তর্বর্তী সরকারের উদ্যোগে গঠিত শ্বেতপত্র কমিটি তাদের প্রতিবেদনে উল্লেখ করেছে, ২০০৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত ২৮ লাখ কোটি টাকা বিদেশে পাচার করা হয়েছে। এ বিপুল পরিমাণ অর্থ দেশে ফিরিয়ে আনার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তা জনগণকে জানানো প্রয়োজন। যারা ব্যাংক লুট করেছে, শেয়ারবাজার ধ্বংস করেছে, তাদের দ্রুত বিচারের আওতায় আনতে হবে। সাম্প্রতিক সময়ে মামলা বাণিজ্য শুরু হয়েছে। যারা বিভিন্ন ধরনের সুনির্দিষ্ট অপরাধ করেছে, তাদের আইনের আওতায় আনা যেতে পারে। কিন্তু ঢালাওভাবে মামলা করা হলে মামলার গ্রহণযোগ্যতা নষ্ট হবে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে শুল্ক আলোচনায় বাংলাদেশ সফল হয়েছে। কিন্তু অর্থনীতির অন্যান্য খাতে অন্তর্বর্তী সরকারের সাফল্য উল্লেখ করার মতো নয়। বাংলাদেশ ব্যাংকের নতুন মুদ্রানীতিতে পলিসি রেট ১০ শতাংশে অপরিবর্তিত রাখা হয়েছে। এটা করা হয়েছে মূলত উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আনার জন্য। বিগত সরকারের তুলনায় মূল্যস্ফীতি কিছুটা কমেছে। উচ্চ মূল্যস্ফীতি কমানোর নামে ব্যাংক ঋণের সুদের হার বেশি হলে ব্যক্তি খাতে বিনিয়োগ বিঘ্নিত হবে। ব্যক্তি খাতে বিনিয়োগের হার এখন অত্যন্ত নিম্নপর্যায়ে রয়েছে। ব্যক্তি খাতে বিনিয়োগ কাঙ্ক্ষিত মাত্রায় বৃদ্ধি না পেলে আগামী দিনে অর্থনীতিতে স্থবিরতা নেমে আসতে পারে। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি প্রত্যাশার চেয়ে অনেকটাই কম হবে বলে মনে করা হচ্ছে। এ মুহূর্তে জিডিপি প্রবৃদ্ধির চেয়ে বিনিয়োগ ও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণই বেশি গুরুত্বপূর্ণ।

রাজনীতিকদের মধ্যে বিভেদ লক্ষ করা যাচ্ছে। একটি জাতি বিভক্ত হয়ে পড়লে তা কোনোভাবেই সুফল দেবে না। এ মুহূর্তে সুষ্ঠু ও গ্রহণযোগ্য জাতীয় নির্বাচন অনুষ্ঠান করা সবচেয়ে গুরুত্বপূর্ণ। সংস্কার একটি দীর্ঘমেয়াদি এবং চলমান প্রক্রিয়া। তাই সংস্কারের নামে সবকিছু বন্ধ করে বসে থাকা উচিত হবে না। অন্তর্বর্তী সরকার বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের সূচনা করতে পারে; নির্বাচিত সরকার এসে সংস্কার সম্পন্ন করবে। নির্ধারিত সময়ে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে তাদের দায়িত্ব শেষ করতে পারে। বিগত সরকার আমলে ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালে দেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। আগামী দিনে তারা যেন সঠিকভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, এর ব্যবস্থা করতে হবে।

আমাদের মনে রাখতে হবে, সুযোগ বারবার আসে না। জুলাই আন্দোলনের মাধ্যমে রাষ্ট্র সংস্কারের যে সুযোগ সৃষ্টি হয়েছে, একে কাজে লাগাতে হবে। (অনুলিখন : এম এ খালেক)

লেখক: অর্থনীতিবিদ; অবসরপ্রাপ্ত অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

## আমি কে? : পরিচয়ের অনুসন্ধান

৫ পৃষ্ঠার পর

অবস্থান থেকে আসে।

উদাহরণ: আপনি আমাকে অপমান করলেন। তার মানে এই নয় যে আমিও আপনাকে অপমান করব। কারণ, আমি আপনাকে নকল করে বাঁচি না। আমি আমার চরিত্রের অধিকারী। আমি নিজেকে নিয়ন্ত্রণ করি।

এখানে আমি নৈতিক আচরণের মুক্তি এবং স্বতন্ত্রতার কথা বলছি-যেখানে আমাদের আত্মনিয়ন্ত্রণ বাহ্যিক পরিস্থিতি বা অন্যের আচরণের শিকল থেকে মুক্ত। এর অর্থ, নৈতিকতা কখনোই প্রতিক্রিয়াশীল বা আবেগের খেলনা হয়ে ওঠে না; বরং তা একজন সচেতন ব্যক্তির অনুভূতি ও বিচারবুদ্ধির ফল। এই দৃষ্টিভঙ্গিই কান্টীয় নৈতিক দর্শনের সঙ্গে মিলে যায়, যেখানে নৈতিকতা ব্যক্তিগত কর্তব্যবোধের ওপর নির্ভর করে, অন্যের স্বার্থ বা আচরণের নয়।

'যারা অন্যের মন্দ বা নেতিবাচক আচরণে অনুরূপ আচরণ তারা প্রতিক্রিয়াশীল, তারা অন্যের আচরণের দাস। যারা আত্মনিয়ন্ত্রিত, তারা নিজের নীতির প্রভু।' এটি কান্টের দর্শন নয়, আমার দর্শন; তবে এই দর্শন কান্টের নৈতিক দর্শনের সঙ্গে গভীরভাবে সামঞ্জস্যপূর্ণ। কেননা, নৈতিকতা নির্ভর করে ব্যক্তির নিজের যুক্তি ও নীতির উপর, অন্যের আচরণের উপর নয়। কান্ট বলেছিলেন, একজন নৈতিক ব্যক্তি এমন কাজ করেন যা সর্বজনীনভাবে গ্রহণযোগ্য হতে পারে-তাদের আচরণ বাহ্যিক প্ররোচনার প্রতিক্রিয়ায় নির্ধারিত হয় না।

স্টোইক দর্শনের শিক্ষাও এখানে প্রাসঙ্গিক, বিশেষ করে এপিকটেটাস ও সেনেকার বক্তব্য যে, আমাদের আচরণ কখনো অন্যের আচরণ দ্বারা নিয়ন্ত্রিত হওয়া উচিত নয়। প্রকৃত স্বাধীনতা আসে নিজেকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা থেকে। আত্মপরিচয় কোনো বাহ্যিক পরিচয়পত্র নয়। এটি আমাদের আত্মসচেতন অস্তিত্বের নিঃশব্দ অনুরণন। "আমি কে"-এই প্রশ্নের উত্তর একদিনে মেলে না; এটি এক চলমান, ক্রমবিকাশমান প্রক্রিয়া, যা গঠিত হয় আমাদের প্রতিদিনের চিন্তা, পছন্দ এবং আত্মনিয়ন্ত্রিত আচরণের মধ্য দিয়ে।

এই আত্মপ্রতিষ্ঠার পথ সহজ নয়-কিন্তু তাতেই লুকিয়ে থাকে আমাদের পরিচয়ের নিজস্বতা, স্বাতন্ত্র্য এবং প্রকৃত অর্থ। এই নিজস্বতাই গড়ে তোলে আমাদের সত্তিকারের পরিচয়, যা আরোপিত কোনো ছাঁচ নয়, বরং আত্মদর্শনের আলোয় নির্মিত এক জাগ্রত সত্তা। আত্মপরিচয় তাই কোনো একরৈখিক সংজ্ঞা নয়; এটি এক নীরব যাত্রা, যেখানে প্রতিটি অভিজ্ঞতা, প্রতিটি সংকট, প্রতিটি মৌন প্রতিক্রিয়া আমাদের সত্তাকে পুনর্গঠিত করে।

আজকের যুগে, যেখানে সামাজিক মাধ্যম, জনপ্রিয়তা বা জাতিগত পরিচয় আমাদের চিহ্নিত করতে চায়, সেখানে এই আত্মপরিচয়ের অনুসন্ধান আগের যেকোনো সময়ের চেয়ে বেশি জরুরি ও গভীর। কখনো নিজেকে আবিষ্কার করা মানেই নিজেকে নতুন করে সৃষ্টি করা। পরিচয় তখনই সত্য হয়ে ওঠে, যখন তা আর কেবল সমাজের প্রতিচ্ছবি নয় বরং নিজের আত্মার প্রতিধ্বনিও। আমরা কে-এই প্রশ্নের উত্তর হয়তো কোনো চূড়ান্ত ঘোষণায় ধরা পড়ে না। বরং সেই উত্তর জন্ম নেয় যাত্রার প্রতিটি পদক্ষেপে, যেখানে প্রতিটি চেতনা গড়ে তোলে এক একটি দার্শনিক স্তর। এবং শেষ পর্যন্ত, 'আমি কে'-এই প্রশ্নের সবচেয়ে গভীর উত্তর হয়তো এটিই: 'আমি সেই, যে নিরন্তর নিজেকে জানতে চায়।'

লেখক: কুইন্স, নিউইয়র্ক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

Email: ajkalnews@gmail.com

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ ৯১৭-৫১৯-১১৫১


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# বরিশাল সিটি এন্ড সদর সোসাইটি, ইউএসএ

# BARISHAL CITY & SADAR SOCIETY, USA

আমন্ত্রণে

সুধী, আসসালামু আলাইকুম,
আগামী ১৬ই আগষ্ট, ২০২৫, শনিবার, বরিশাল সিটি এন্ড সদর সোসাইটি ইউএসএ
এর উদ্যোগে বার্ষিক বনভোজন ও মিলনমেলার আয়োজন করা হয়েছে।
উক্ত আয়োজনে আমেরিকায় বসবাসরত সকল বরিশাল সিটি এন্ড সদর সোসাইটি বাসী সহ সকল শুভাকাঙ্খীদের
স্ব-পরিবারে আমন্ত্রণ জানানো যাচ্ছে।





**Venue:**
**Belmont Lake State Park**
625 Belmont Ave,
West Babylon, NY 11704
Pine Pavilion

খেলাধুলা ও
সাংস্কৃতিক অনুষ্ঠান






## বিশেষ আকর্ষন
## র‍্যাফেল ড্র

**NY to Dhaka to NY**
**Air Ticket** (Condition Apply)

সহ আকর্ষনীয় পুরুস্কার



ধন্যবাদান্তে:

আহ্বায়ক পিকনিক কমিটি
রাব্বী সৈয়দ
৯১৪-৩০৩-৯৪৩৩

ফ্রি স্টল বুকিং

# বার্ষিক বনভোজন

# মিলনমেলা

16 August 2025

অর্থ সম্পাদক:
সাদিকুর রহমান সাদি
৩৩২-২৭০-৩৫০৬

চাঁদার পরিমান:
একক: ৩০ডলার
পরিবার (৪ জন): ১০০ডলার
অতিরিক্ত (প্রতি জন): ৩০ডলার

Registration last date: August 9th 2025

**Zelle:**
Syed Muradul Hasan: 347-200-2626
Mirza Shaukat: 347-484-9168
Syed Tuhin: 347-477-7262
Farzeen Rakiba: 347-320-3680
Rabby Syed: 914-303-9433



**উপদেষ্টা বৃন্দ:**
বাবুল সিকদার, নুরুল আলম খান, রফিক মজুমদার, কোহিনুর দোজা, মোঃ ওয়াদুদ, আজমল উদ্দিন সবুর, কাজী আলম বাচ্চু,মুক্তিযোদ্ধা সরোয়ার হোসেন খান, কেয়া ওয়াদুদ, ফারুক আলী সিকদার, মোহাম্মদ হালিম, মীর সাব্বির আহমেদ

**সমন্বয়কারী:**
জেড. এচ. হাওলাদার, এ্যাড. আতাউর রহমান, দেলোয়ার হোসেন, জিয়াউদ্দিন হাসান কবীর, আঃ রব, মঞ্জুর মোর্শেদ,জাফর তালুকদার, কেয়া ওয়াদুদ, হেনা, সালেহ আহমেদ, মাসুদ মোর্শেদ, সৈয়দ কে হাসান, মাসুম বিল্লাহ-বাফেলো, সামু- ডালাস, ফয়সাল দা ও সৈয়দ মামুন - এরিজনা

সৈয়দ মুরাদুল হাসান (রেজা)
আহবায়ক
৩৪৭-২০০-২৬২৬

**শৃংখলা, খেলাধুলা, আপ্যায়ন ও খাদ্য ব্যবস্থাপনায়:**
শওকত মির্জা, সৈয়দ তুহিন, মুনির হোসেন, এম. হোসেন শাহীন, হাসিব হোসেন, মশিয়ুর রেজা, বুলেট, নিয়াজ রহমান, জাহাংগীর আলম, লুয়ান, বেলায়েত হোসেন, মুরাদুর রহমান, সালাউদ্দিন আহমদ, সোহেল, আলী আহসান ছোটন, মোঃ আঃ রব, আতিক, শফিক, নিয়ামুল নিরু, মিজানুর রহমান ও পারভেজ খান

জাহাংগীর কবির সিকদার
সদস্য সচিব
৯২৯-২৫০-৪৫৪৪

শুরু হতে যাচ্ছে প্রথমবারে মতো অনলাইন ভিত্তিক মিউজিক্যাল রিয়েলিটি শো

"গোল্ডেন এইজ প্রেজেন্ট ৫২ রাইজিং স্টার ইউ এস এ"

GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
Presents
52 RISING STAR USA

রেজিস্ট্রশনের জন্য আজই আপনার খালি গলায় গাওয়া যেকোনো একটি বাংলা গান মোবাইলে ভিডিও করে পাঠিয়ে দিন আমাদের কাছে।

বিস্তারিত জানতেঃ
facebook.com/BayannoUSA
অথবা
youtube.com/@bayannousa

রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগ করুনঃ
০১৮৭৮১৮৪৩০৫ অথবা +১ (৩৪৭) ৫৪৫-৭০৩৯

নিয়মাবলীঃ
১. যেকোনো একটি বাংলা গান খালি গলায় অথবা একটি বাদ্যযন্ত্রের মাধ্যমে মোবাইলে রেকর্ড করতে হবে।
২. ধারনকৃত ভিডিওটি এবং আপনার নাম, মোবাইল নম্বর ও ঠিকানাসহ পাঠিয়ে দিন উপরোক্ত যেকোনো একটি মাধ্যমে।

Title sponsor: GOLDEN AGE HOME CARE — Licensed Home Health Care Agency
Media Partner: Rtv
News Print Partner: আজকাল
Online Partner: Rtv Online
Magazine Partner: LOOK@ME

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c



AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903



# দিদারুলকে স্মরণ করলো সোসাইটি

১ পৃষ্ঠার পর

সদস্য ও কার্যকরি কমিটির সদস্যরা, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি ও সাধারণ মানুষসহ অগণিত মানুষ এ আয়োজনে অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- দিদারুলের বাবা আব্দুর রব, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান, সাধারণ







সম্পাদক মোহাম্মদ আলী, ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, আজকালের ব্যবস্থাপনা সম্পাদক ও সঙ্গীত শিল্পী রানো নেওয়াজ, সোসাইটির সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান কামরুজ্জামান কামরুল, অনিক রাজ, রিজু মোহাম্মদ, হাসান জিলানী, হাসান শহীদ সোহরাওয়ার্দি ও ফারুক চেয়ারম্যান সহ সোসাইটির অন্যান্য কর্মকর্তারা।
পুলিশ কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশি-আমেরিকান পুলিশ এসোসিয়েশন বাপার সভাপতি সার্জেন্ট এরশাদুর সিদ্দিক, সাধারণ সম্পাদক ডিটেকটিভ রাসেক মালিক ও পুলিশ কর্মকর্তা সার্জেন্ট লতিফ প্রমুখ।
কমিউনিটি ব্যক্তিত্বের মধ্যে ছিলেন- এটর্নি মঈন চৌধুরী, ফখরুল আলম, ফখরুল ইসলাম দেলোয়ার, কাজী সাখাওয়াত আজম, আহসান হাবীব, নাঈম টুটুল প্রমুখ।
ডিটেকটিভ দিদারুল ইসলামকে সম্মান জানানোর জন্য পরিবারের পক্ষ থেকে আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা জানালেন তার













বাবা আব্দুর রব। কান্না জড়িত কণ্ঠে তিনি তার সন্তানের মাগফেরাতের জন্য সবার কাছে দোয়া প্রার্থনা করেন।
ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ বলেন, দিদার শুধু বাংলাদেশের নয় পুরো আমেরিকার গর্ব। তার মতো একজন বীরের অনুষ্ঠান আয়োজন করতে পারাও সম্মানের। সোসাইটিসহ কমিউনিটির মানুষজন তার পরিবারের পাশেই থাকবে।
সহকর্মী পুলিশ কর্মকর্তারা বলেন, কাপুরুষ হামলাকারি পার্ক অ্যাভিনিউর বহুতল ভবনে ঢুকে রাইফেল থেকে এলোপাথাড়ি গুলি চালিয়ে সাধারণ মানুষকে হামলা করছিল। মানুষের প্রাণ বাঁচাতে দিদারুল তখন সাহসিকতার সঙ্গে জীবনের ঝুঁকি নিয়ে হামলাকারীকে থামাতে চেষ্টা করেন। বন্দুকধারীর গুলিতে দিদারুল নিহত হন। তিনি চাইলে নিজের প্রাণ বাঁচাতে পারতেন। কিন্তু তিনিতো অন্যের প্রাণ বাঁচানোর ব্রত নিয়েছেন। তারা যে কোন প্রয়োজনে দিদারুলের পরিবারের পাশে দাঁড়ানোর প্রতিশ্রুতি দেন। অনুষ্ঠানের শেষের দিকে দিদারুলের রুহের মাগফেরাত কামনায় দোয়ার আয়োজন করা হয়। দোয়া পরিচালনা করেন জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের ইমাম কাজী কাইয়ুম। পরে সন্ধ্যার পর শোকাহতরা উপস্থিত দিদারুলের সম্মানে তার প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পন করেন এবং মোমবাতি প্রজ্জলন করেন।







# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

## আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA

## দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net




## এস্টোরিয়া ফ্রেন্ডস সোসাইটির জমকালো পিকনিক

৩ পৃষ্ঠার পর

সাবেক সভাপতি আহসান হাবীব ও মোহাম্মদ আলী।

উৎসবমুখর অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি আবুল বাশার মিলন, সাধারণ সম্পাদক ফেরদৌস আলম ভূঁইয়া, পিকনিকের আহ্বায়ক আজহারুল ইসলাম খোকা, সদস্য সচিব গাজী এস এ জুয়েল, প্রধান উপদেষ্টা আবু তাহের চৌধুরী চান্দু, বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম রুমী, ফার্মাসিস্ট মফিজুর রহমান দুলাল, সি. সহ-সভাপতি মনিরুল ইসলাম, উপদেষ্টা টি. মোল্লা, হাজী আব্দুর রহমান, মাসুম বেপারী, তানজিল আহমেদ। নরসিংদী জেলা সমিতির সভাপতি শামীম শকুর, সাধারণ সম্পাদক আহসানুল হক বাবুল, ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান আনোয়ার হোসেন, আবুল খায়ের আখন্দ, প্রধান উপদেষ্টা কুমিল্লা সোসাইটি, ইকবাল এ ভূঁইয়া, আহবায়ক রায়পুরাবাসী, রিয়েলটর বেলাল আহমেদ এবং কার্যকরী পরিষদের সদস্য ও উপদেষ্টা পরিষদের সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

বিশেষ অতিথি ছিলেন শাওন বাবলা চেয়ারম্যান যশোর জেলা সোসাইটি, কমিউনিটি একটিভিস্ট ও একাউনটেন্ট ফারুক বিথী, ফিরোজ আহমেদ, সাবেক সাধারণ সম্পাদক নরসিংদী জেলা সমিতি, মাহফুজুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক নরসিংদী জেলা সমিতি, জাকির হোসেন সভাপতি কুমিল্লা সোসাইটি, কমিউনিটি এক্টিভিস্ট ফারুক রাব্বিনী, রিয়েলটর আসলাম আনসারী, মিয়া মোহাম্মদ সাজিদ, সাবেক সভাপতি কুমিল্লা সোসাইটি, কমিউনিটি এক্টিভিস্ট বি এম মোল্লাল, মিজানুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক কুমিল্লা সোসাইটি, মোমেন সরকার, সাবেক সাধারণ সম্পাদক গাজীপুর সোসাইটি। র‍্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা ছাড়াও সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সারাদিন সুস্বাদু খাবারের ব্যবস্থা ছিল। উপস্থিত নারী সদস্যদের স্পেশাল গিফট ও শিশুদের খেলনা উপহার দেওয়া হয়। র‍্যাফেল ড্র এর ১ম পুরস্কার ছিল স্বর্ণ অলংকার। ৬৫" টিভি, ৫৫" টিভি, অ্যাপেল ওয়াচ, আইপ্যাড, ল্যাপটপ, গ্যালাক্সি ট্যাব, আর্টিকেল, সহ ১১টি আকর্ষণীয় পুরস্কার লটারীতে জিতে নেন অংশগ্রহণকারীরা।

মনোজ্ঞ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন সাধারন সম্পাদক ফেরদৌস আলম ও সদস্য সচিব গাজী এস এ জুয়েল। র‍্যাফেল ড্র ও সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আহবায়ক আজহার ইসলাম খোকা। র‍্যাফেল সহযোগিতা করেন তাহমিনা নুপুর। সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী সজীব, গাজী এস এ জুয়েল ও স্থানীয় শিল্পীরা।

## বিস্ফোরক অভিযোগ রাধিকার

৪৬ পৃষ্ঠার পর

যাওয়ার জন্য কটূক্তিও করেন।

নেহা ধুপিয়ার 'ফ্রিডম টু ফিড' লাইভ এসে এমন অভিযোগ করেন রাধিকা আপ্তে। আরও জানান, সেই পরিচালক নাকি তাকে ডাক্তারের কাছেও যেতে দেননি।

রাধিকা বলেন, 'আমি তিন মাসের গর্ভবতী ছিলাম। আমার প্রচণ্ড খিদে পেত, তাই আমি প্রচুর খেতাম এবং শারীরিক পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছিলাম তখন, কিন্তু আমার দিকটা বোঝার পরিবর্তে সেই পরিচালক আমাকে নানাভাবে বিব্রত করতেন। আমি তা সহ্য করতাম, কিন্তু যখন পেটে ব্যথা হতো, আমি অস্বস্তি বোধ করতাম, তখন তিনি আমাকে ডাক্তার দেখাতে যেতেও দেননি। তার এই আচরণ আমাকে সত্যিই হতাশ করেছিল।'

যদিও পরিচালকটির নাম প্রকাশ করেননি, তবুও রাধিকা স্পষ্টভাবে বুঝিয়ে দেন যে এই অভিজ্ঞতা তাকে মানসিকভাবে দুঃখ দিয়েছিল। বলেন, 'আমি বিশেষ কিছু চাইনি, শুধু একটু মানবিকতা আশা করেছিলাম।'

সাক্ষাৎকারের সময়, রাধিকা হলিউডের একজন চলচ্চিত্র নির্মাতার সঙ্গে কাজ করার অভিজ্ঞতাও ভাগ করে নেন। রাধিকা জানান হলিউডের চলচ্চিত্র নির্মাতাকে যখন তিনি জানান যে, তিনি গর্ভবতী এবং তার ওজন বাড়ছে, তখন চলচ্চিত্র নির্মাতা বলেন, 'এতে কিছু যায় আসে না। আপনি গর্ভবতী এবং এই সব কিছুই স্বাভাবিক।'

রাধিকা আপ্তে গত বছর ডিসেম্বরে কন্যা সন্তানের জন্ম দিয়েছেন। ২০১২ সালে ব্রিটিশ সংগীতশিল্পী ও সুরকার বেনেডিক্ট টেলরকে বিয়ে করেন এই অভিনেত্রী।

## নিউইয়র্কে শাকিব-বুবলী

৪৬ পৃষ্ঠার পর

ছবিতে ধরা পড়েছে রোমান্টিক মুহূর্তও।

বুবলী নিজেই তার সামাজিক যোগাযোগমাধ্যমে ১১টি ছবি প্রকাশ করেছেন। মুহূর্তেই ছবিগুলো ভাইরাল হয়ে যায়। দেখা যাচ্ছে, ছেলে বীরকে সঙ্গে নিয়ে মনোরম পরিবেশে সময় কাটাচ্ছেন তারা। কিছু ছবিতে রোমান্টিক মুডে ধরা দিয়েছেন শাকিব-বুবলী জুটি।

একটি ছবিতে দেখা যায়, বুবলীর হাত ধরে সবুজ ঘাসে হাঁটছেন শাকিব খান। আরেকটি ছবিতে বুবলীকে আলতোভাবে জড়িয়ে ধরে দূরে কিছু দেখিয়ে দিচ্ছেন তিনি। অন্য ছবিতে দেখা গেছে, বুবলীকে পরম মমতায় জড়িয়ে আছেন ঢালিউডের সুপারস্টার।

এই ছবি প্রকাশ্যে আসতেই সামাজিক মাধ্যমে শুরু হয়েছে ব্যাপক আলোচনা। অনেকেই মন্তব্য করছেন, "তাহলে কি আবার এক হলেন শাকিব-বুবলী?" কেউ কেউ প্রশ্ন তুলেছেন, "এবার কী করবেন অপু বিশ্বাস?"

উল্লেখ্য, দুই বছর আগে বড় ছেলে আব্রাহাম খান জয়কে নিয়ে যুক্তরাষ্ট্র সফর করেছিলেন শাকিব খান। সে সময় নিউইয়র্ক, নায়াগ্রা এবং আরও কয়েকটি শহর ঘুরেছিলেন তিনি। দেশে ফিরে বলেছিলেন, "আমি চাই আব্রাহামের মনে থাকুক সুন্দর স্মৃতি।" সেই সঙ্গে জানিয়েছিলেন, সুযোগ পেলে ছোট ছেলে বীরকেও এমন অভিজ্ঞতা দিতে চান তিনি।

দুই বছর পর সেই প্রতিশ্রুতি বাস্তবায়ন করছেন শাকিব খান। এবারের সফরে কিছুদিনের জন্য ছোট ছেলে শেহজাদকেও সময় দিচ্ছেন তিনি। এদিকে জানা গেছে, চলতি আগস্ট মাসের মধ্যেই দেশে ফেরার কথা রয়েছে এই জনপ্রিয় অভিনেতার।

## 'সাইয়ারা'কে টপকে গেছে অ্যানিমেটেড সিনেমা

৪৬ পৃষ্ঠার পর

ভক্তিমূলক পৌরাণিক কাহিনির একটি অ্যানিমেটেড সংস্করণ। সিনেমার পরিচালক হলেন অশ্বিন কুমার। এ সিনেমা খুব অল্প সময়ের মধ্যেই দর্শকদের মনে স্থান করে নিয়েছে।

৬ আগস্ট 'মহাবতার নরসিংহ' প্রেক্ষাগৃহে ১৩ দিন পূর্ণ করেছে। ১৩তম দিনে সিনেমাটি ভারতের বক্স অফিসে ৬ কোটি রুপি আয় করেছে। এই আয় ৬ আগস্ট 'সাইয়ারা'র আয়ের থেকে বেশি। জানা গিয়েছে 'সাইয়ারা' এদিন ২ কোটি রুপি আয় করেছে। বিনোদন বাণিজ্যের তথ্যদাতা ওয়েব সাইট 'স্যাকনিল্ক'র প্রতিবেদনে এ পরিসংখ্যান দেওয়া হয়েছে। ৬ আগস্ট 'সন অব সর্দার ২'-এর সংগ্রহ ছিল প্রায় ১ দশমিক ৬৪ কোটি রুপি। একই দিনে 'ধড়ক ২'-এর আয় পৌঁছে ছিল ১ কোটি রুপিতে। ফলে সবটা মিলিয়ে এ দিন 'মহাবতার নরসিংহ' সবচেয়ে বেশি আয় করেছে।

'মহাবতার নরসিংহ'র প্রথম দিনে ১ দশমিক ৭৫ কোটি রুপি আয় করেছিল। দ্বিতীয় দিনে মোট আয় বেড়ে ৪ দশমিক ৬ কোটি রুপি হয়। এই দিনে হিন্দি সিনেমাটি ৩ দশমিক ২৫ কোটি রুপি আয় করে। তৃতীয় দিন, রোববার সিনেমা ৯ দশমিক ৫ কোটি রুপি আয় করেছে। চতুর্থ দিনে সংগ্রহ ছিল ৬ কোটি রুপি। পঞ্চম দিনে ৭ দশমিক ৭ কোটি, ষষ্ঠ দিনে ৭ দশমিক ৭ কোটি, সপ্তম দিনে ৭ দশমিক ৫ কোটি, অষ্টম দিনে ৭ দশমিক ৭ কোটি, নবম দিনে ১৫ দশমিক ৫ কোটি, দশম দিনে ২৩ দশমিক ১ কোটি, একাদশ দিনে ৭ দশমিক ৩৫ কোটি, দ্বাদশ দিনে ৮ দশমিক ৫ কোটি, ১৩তম দিনের প্রাথমিক অনুমান ৬ কোটি। সপ্তাহ শেষে আবার সংগ্রহ বাড়বে বলে আশা করা হচ্ছে।

## কলকাতার প্রেক্ষাগৃহে বাংলা সিনেমা বাধ্যতামূলক করার সিদ্ধান্ত

৪৬ পৃষ্ঠার পর

একটা শোতে হলেও বাংলা সিনেমা চালাতে হবে, সেজন্যই আলোচনা হলো।'

স্বরূপশ্রী সেনগুপ্তের মতে, 'আজকের বৈঠকে খানিকটা সমাধানের পথ পাওয়া গেছে। আমি এখনও বলব, যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটা আগে প্রয়োগ হোক। আমরা খুব খুশি হব।'

## এক-এগারোর পদধ্বনি নাকি বাঘের গল্প!

৭ পৃষ্ঠার পর

সরকারের শাসন থেকে আমাদের রাজনীতিবিদরা কোন শিক্ষা নেননি?

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস আগামী বছর ফেব্রুয়ারি মাসের মধ্যে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের প্রতিশ্রুতি দিলেও দেশের প্রধান রাজনৈতিক দল থেকে শুরু করে সাধারণ মানুষের মধ্যে একটাই প্রশ্ন নির্বাচন হবে তো? আর এই প্রশ্নের মধ্যেই লুকিয়ে আছে উপদেষ্টা মাহফুজ আলমের প্রশ্নের উত্তর! যদিও তিনি তার পোস্টে প্রশ্ন রেখে আবার তা সরিয়ে ফেলেছেন।

লেখক: ইউরোপ প্রবাসী সিনিয়র সাংবাদিক।

## ব্রুকলিনে মুনা সাউথ জোনের লিডারশিপ ডিনার

৩ পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট আবু আহমেদ নুরুজ্জামান, মুনা ন্যাশনাল এক্সিকিউটিভ ডিরেক্টর আরমান চৌধুরী, সিপিএ, ন্যাশনাল অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ডিরেক্টর আবু ওবায়দা, ন্যাশনাল অ্যাসিস্ট্যান্ট এক্সিকিউটিভ ডিরেক্টর ড. রুহুল আমিন, বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক কাজী ইসমাইল, তরুণ কমিউনিটি নেতা সাজ্জাদ হোসেন সাব্বির।

অনুষ্ঠানে নিউইয়র্কের বিভিন্ন অঞ্চলের অসংখ্য ইমাম, খতিব, এবং কমিউনিটি নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। এবং ৮, ৯ ও ১০ আগস্ট ফিলাডেলফিয়ায় অনুষ্ঠিতব্য মুনা কনভেনশন ২০২৫-এ অংশগ্রহণের জন্য দেশব্যাপী সকল ইমাম, খতিব, কমিউনিটি লিডার, পরিবার এবং মুসলিম কমিউনিটির সকল সদস্যকে আমন্ত্রণ জানান।

প্রারম্ভে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত ও অনুবাদ পাঠ করেন ব্রুকলিন ইসলামী সেন্টার এর ইমাম জুনায়েদ হোসাইন। এছাড়া অনুষ্ঠানে মুসলিম সমাজের উন্নয়ন, ইসলামী শিক্ষা, নৈতিকতা ও সামাজিক সংহতি বৃদ্ধিতে ইমামদের ভূমিকা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। বক্তারা মুনা'র বিভিন্ন কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বৃহত্তর উদ্যোগের প্রত্যাশা ব্যক্ত করেন। অনুষ্ঠানের শেষে অংশগ্রহণকারীদের সম্মানে নৈশভোজ পরিবেশন করা হয়।

## বিপার শিক্ষার্থীদের জন্য 'সঞ্চারী'র আয়োজন

৩ পৃষ্ঠার পর

গান ও ছড়া-কবিতার পরিবেশনা।

শুরুতে সঞ্চালক সোহানী ইসলাম ছোটদের দলকে মঞ্চে ডেকে পাঠান। দলীয় পরিবেশনা 'রাগ ইমন' পরিবেশন করে আলভিনা, শ্রুতা, অর্ণব, আরিশা, আর্য, ক্রু, লাবনিনা ও সাহিত্য।

দ্বৈত গানে অংশ নেয় আমরীন ও অবনী, আদিম ও প্রতিক, দেবীকা ও অনুস্কা, আনুরুদ্ধ ও মায়রিম, পায়েল ও আফিফ, সেহজীন ও সারনীজ, আরজু ও নুর, রেয়ান্স্ ও মারসিয়া, ওয়ালীফ ও ওয়াহীদ এবং ক্রু রোমিও কুইয়া একটি একক গান পরিবেশন করে।

কবিতা ও ছড়ায় অংশ নেয় আনুশেহ নুরি, দিব্য মাধব মোদক, শাহরিন আমরিন, সাহিত্য নবী অরি, রায়না বড়ুয়া, ঈশরাত সামিরা এবং শ্রুতা সাহা।

প্রথম পর্ব পরিচালনায় ছিলেন নিলোফার জাহান। তিনি নিজেই এই পর্বের প্রশিক্ষক এবং কবিতা আবৃত্তির প্রশিক্ষক সাবিনা নিরু ও মুকুল আহমেদ।

সোহানী ইসলাম এ পর্বের আমন্ত্রিত অতিথি ড. ধনঞ্জয় সাহাকে মঞ্চে আমন্ত্রণ জানান এবং তাঁর সম্পর্কে সংক্ষিপ্ত বায়ো পাঠ করেন। ড. ধনঞ্জয় সাহা তার নিজের কিছু বই বিপা'র জন্য উপহার হিসেবে শিক্ষক এ্যানি ফেরদৌসের হাতে তুলে দেন। এরপর তিনি সংক্ষিপ্ত বক্তব্য এবং একটি কবিতাও পাঠ করে শোনান।

বড়দের সঙ্গীত পরিবেশন করেন আরাধ্য দেব, চন্দ্রিকা রায়, প্রিয়তী পাল, রত্না বাড়ৈ, সানজিদা মিয়া, ম্যাথিউ মিত্র, সোনিয়া রহমান, সেলিম শাহরিয়ার, সরকার ফারজানা সুলতানা মুক্তা, মলয় বিশ্বাস। কবিতা আবৃত্তিতে অংশ নেন প্রিয়াংকা ভৌমিক, চম্পা পাল, ফাতেমা খান, নুসরাত সুখা এবং ঊর্মি রোজারিও।

দ্বিতীয় পর্ব বড়দের গান পরিচালনায় ছিলেন সেলিনা আশরাফ। সহযোগী শিক্ষক নাজমা ইসলাম, ফারিহা মিনা ও কাজী মাহবুবুল হক। তবলায় পিনাক পানি গোস্বামী, কিবোর্ড এম জি রুবেল, মন্দিরা লিপি রোজারিও।

আবৃত্তির প্রশিক্ষক সাবিনা নিরু। শব্দ পরিচালনায় অনুপ মার্টি মিডিয়া ইনকর্পোরেটেড। বিপার এবারের সঞ্চারির আয়োজন শিক্ষার্থীদের কাছে বেশ উপভোগ্য হয়েছে।

## প্রথমবার শাহরুখ, আর যারা পাচ্ছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার

৪৬ পৃষ্ঠার পর

এটি।

অন্যদিকে বিক্রান্ত ম্যাসিও প্রথমবারের মতো জাতীয় চলচ্চিত্র পুরস্কার পাচ্ছেন। অন্যদিকে তার 'টুয়েলভথ ফেল' সিনেমা পাচ্ছে সেরা সিনেমার পুরস্কার।

এছাড়া, 'মিসেস চ্যাটার্জি ভার্সেস নরওয়ে' সিনেমার জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পাচ্ছেন রানী মুখার্জি। ফিচার ফিল্ম ক্যাটাগরিতে সেরা হিন্দি সিনেমার পুরস্কার পাচ্ছে কাঁঠাল। দ্য কেরালা স্টোরি সিনেমার জন্য সেরা পরিচালকের পুরস্কার পাচ্ছেন সুদীপ্ত সেন।

দেখে নেওয়া যাক ভারতের ৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্তদের তালিকা

সেরা ফিচার ফিল্ম টুয়েলভথ ফেল
সেরা অভিনেত্রী- রানি মুখার্জি (মিসেস চ্যাটার্জি ভার্সেস নরওয়ে)
সেরা অভিনেতা- শাহরুখ খান (জওয়ান), বিক্রান্ত মাসে (টুয়েলভথ ফেল)
সেরা পরিচালক- সুদীপ্ত সেন (দ্য কেরালা স্টোরি)
সেরা গায়িকা- শিল্পা রাও, ছালেয়া (জওয়ান)
সেরা গায়ক- পিভিএন এস রোহিত প্রেমিস্তুন্না (বেবি)
সেরা পপুলার ফিল্ম- রকি অউর রানি কি প্রেম কাহানি
সেরা সমাজ সচেতনতামূলক সিনেমা- স্যাম বাহাদুর
সেরা বাংলা ছবি- ডিপ ফ্রিজ
সেরা হিন্দি ছবি- কাঠাল: আ জ্যাকফ্রুট
সেরা কোরিওগ্রাফি- ঢিন্ডোরা বাজে রে! (রকি অউর রানি)
সেরা লিরিক্স- বালাগাম (ভ্রু পাতুরুকু)
সেরা সংগীত পরিচালনা- ভাতি (অ্যানিমল)
সেরা আবহ সংগীত- অ্যানিমেল
সেরা মেকআপ- শ্রীকান্ত দেশাই (স্যাম বাহাদুর)
সেরা পোশাকশিল্পী- শচীন লোভালেকর, দিব্যা গম্ভীর, নিধি গম্ভীর (স্যাম বাহাদুর)
সেরা প্রোডাকশন ডিজাইন- এ্যন্টিওয়ান ইজ অ্যা হিরো (মোহনদাস)
সেরা সম্পাদনা- পোক্কালাম
সেরা সাউন্ড ডিজাইন- অ্যানিমেল
সেরা চিত্রনাট্য- বেবি (তেলুগু)
সেরা সংলাপ- সির্ফ এক বান্দা কাফি হ্যায়
সেরা সিনেম্যাটোগ্রাফি- দ্য কেরালা স্টোরি
সেরা অ্যাকশন পরিচালক- হনু-মান (তেলুগু, স্টান্ট কোরিওগ্রাফি)

সূত্র: বলিউড হাঙ্গামা



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com



আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## সাইদ কেন্দ্রীয় যুবদলের সম্মাননা পেলেন

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল এর উদ্যোগে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন ও আমার না বলা কথা শীর্ষক অনুষ্ঠানে প্রবাসী যোদ্ধার অবদানের স্বীকৃতি স্বরূপ ৪ আগস্ট সোমবার ঢাকায় আবু সাইদ আহমেদকে যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে সম্মাননা পদক দেয়া হয়েছে । আবু সাইদ আহমেদ-এর পক্ষে পদক গ্রহণ করেন মৌলভীবাজার জেলা যুবদলের সাধারণ সম্পাদক এর এ মুহিত ।

## বাচ্চাগুলোর ড্রপ আউট : দায় কার

১ পৃষ্ঠার পর

মাসখানেকের দৌড়ঝাপে কাহিল, সমুদ্রের হাওয়া গায়ে লাগিয়ে একটু এনার্জি পেইনই মূল উদ্দেশ্য, কিন্তু শো'কজ খাওয়ার পর আসল ঘটনা বের হয়ে এসেছে। নিজেরাই বলছে ব্যাপারটা মান-অভিমানজনিত। মানিক মিয়ার মঞ্চে কেন উঠতে দেওয়া হলো না। বা এত টাইটে রাখার পরেও প্রফেসর সাহেব কেন নির্বাচনের সুনির্দিষ্ট সময়সীমা ঘোষণা করলেন! নেতা যত বড়ই নেতা হোক রাজনীতিতে নবীশ। অপরিনত। চুল যেমন বাতাসে পাকে না তেমনি শিক্ষা প্রজ্ঞা এবং অভিজ্ঞতা ছাড়া রাজনীতিক হওয়া যায় না- এটা ছেলেরা না বুঝলেও প্রফেসর সাহেবের বোঝা উচিত ছিল। অথচ তিনি মনে করেছিলেন সরকারি পৃষ্ঠপোষকতায় একটা দল খাড়া করে দিলেই হয়ে গেল। সবাই বাঘা বাঘা সব জাতীয় নেতা হয়ে যাবে। জাতির নেতৃত্ব দেবে। ভোটে জিতবে। আগামী দিনে সরকারও গঠন করবে। এই যে একটা ধারনা এদের মধ্যে ঢুকিয়ে দেওয়া হয়েছে, এটাই কাল হয়েছে ছেলেগুলোর জন্য। হাত বাড়ালেই মুঠোমুঠো টাকা। ফোন করলে বস্তা হাজির। ওসি এসপির ঠকাঠক স্যালুট। সফরে গেলে সার্কিট হাউস ফ্রি। দামী গাড়ীর বহর। ইচ্ছামাত্র বিমানের টিকেট হাজির। বিলাসবহুল হোটেলের স্যুট রেডি। এই আয়েশী জীবন কে ছাড়তে চায়! এখন নির্বাচন হলে মাথা খারাপ হয়ে যাওয়াটাই স্বাভাবিক। কারন বলার অপেক্ষা রাখে না বিএনপি যদি সরকার গঠন করে এই মৌরসীপাট্টা থাকবে না। কোন সরকারই এ ধরনের মামুবাড়ির আবদার গায়ে মাখবে না।

আমি ভাবি প্রফেসর সাহেব চলে গেলে এই ছেলেগুলোর অবস্থা কি দাঁড়াবে! কি এদের ভবিষ্যৎ! কে এদেরকে দেখে রাখবে, পুলিশ প্রটেকশন দেবে, ভিআইপি প্রটোকল দেবে! গন্ডগোলটাই তো হয়েছে এতসব পাওয়া নিয়ে। কিংস পার্টি। ক্ষমতায় বসে দল। বা ক্ষমতাসীন দল। প্রফেসর সাহেবের আকাবায় সরকারের ঘাড়ে চেপে বসে আছে! এতদিন যা চেয়েছে তাই হয়েছে। যেখানে চেয়েছে সেখানেই পেয়েছে। এখন যদি নির্বাচন দিয়ে প্রফেসর সাহেব সটকে পড়তে চান এরা তা মানবে কেন। বলতেই তো পারে আমাদেরকে কোথায় রেখে যাচ্ছেন! আসল অভিমানটা এ কারনেই। বয়স কম হলেও ঘাস-বিচালি তো আর খায় না। তারা কি বুঝতে পারছে না কোথা থেকে কোথায় নেমে যাচ্ছে! ছিলো হিরো, আজ হতে চলেছে ভিলেন। আওয়ামী লীগের লোকজন পেলে কিলিয়ে ভর্তা বানাবে- সেটা তারা জানে। নির্বাচনের বিরোধীতা করে, বিএনপির নেতাদের সম্পর্কে উল্টাপাল্টা বলে সে দলটিরও বিরাগভাজন। বেয়াদপী ঔদ্ধত্য অতিকথন বাড়াবাড়ি ঘাড়ত্যাড়ামি- ইত্যাকার কারনে সাধারন মানুষ বিরক্ত। ক্ষমতার প্রটেকশন না পেলে কি অবস্থা হবে এই ছেলেগুলোর!

আমি আগেও এক লেখায় বলেছি, একটা মস্তবড় ভুল করেছেন প্রফেসর সাহেব। তিনি একজন শিক্ষক, অভিভাবক। তার উচিত হয় নাই সজ্ঞানে এই ছেলেগুলোকে রাজনীতির প্যাকে এনে ফেলা। তরুন যুবকদেরকে ক্ষমতার সাথে সম্পৃক্ত করা। বাংলাদেশে ক্ষমতা মানে টাকার খনি। অল্প বয়সের ছেলের দল। চোখের সামনে টাকা উড়তে দেখলে কতক্ষণ হাত গুটিয়ে বসে থাকতে পারবে। তার ওপর পনের বছর শেখ হাসিনা লুটপাটের স্বর্গরাজ্য কায়েম করে তরুন যুব সমাজের নীতি-নৈতিকতাবোধ ধ্বংশ করে দিয়ে গেছে। আজকে যারা ২৫/৩০ বছরের যুবক জ্ঞানবুদ্ধি হওয়ার পর থেকে দেখে এসেছে সর্বত্র নীতিহীনতার চর্চা। ওরা জানে ক্ষমতার দল মানেই অবাধ লুটপাট। চাঁদাবাজী ঠাকবাজী গুন্ডামি মাস্তানীর মাধ্যমে অল্প সময়ে বিত্তশালী হওয়া। আজকের এই ছেলেরাও সরকারী দল গঠন করে কেউ কেউ সেই কাজে নেমে পড়েছে। এতে অবাক হবার কিছু নাই। এটাই স্বাভাবিক।

প্রফেসর ইউনুসের উচিত ছিল বুঝিয়েশুনিয়ে ছেলেগুলোকে যার যার ক্লাশে ফেরত পাঠানো। লেখাপড়ায় উদ্বুদ্ধ করা। রাজনৈতিক দল গঠন না করে একটা অরাজনৈতিক সংগঠনে নিজেদেরকে সংঘবদ্ধ রাখতে পরামর্শ দেওয়া। ক্ষমতার বাইরে অবস্থান করে নিজেদের ভাবমূর্তি ধরে রাখা। যারা বর্তমানসহ ভবিষ্যতের যে কোন সরকারের জন্য একটা প্রেশার গ্রুপ হিসেবে কাজ করতে পারতো। আমার বিশ্বাস এমনটা হলে সারা দেশের মানুষের সম্মান এবং আস্থা ধরে রাখতে পারতো। রাজনীতিতে ঢুকে, রাজনৈতিক দল গঠন করে এরা এখন একটা পক্ষ। ক্ষমতার রাজনীতিতে অন্য দলের প্রতিপক্ষ। প্রফেসর সাহেব চলে গেলে বা ক্ষমতা যখন থাকবে না টিকে থাকবে কেমন করে, সেটা তারা ভাবতেই পারে! নুর-রাশেদরা যাহোক এখনও বাতিটা জ্বালিয়ে রেখেছে, ইমরান সরকার লাপাত্তা! মানছুরেকও খায় নাই এর মধ্যেই বিভক্তি মান-অভিমান শো'কজ, নোটিশ!

গত বছরের ৫ই আগষ্টের পর তরুন প্রজন্মকে নিয়ে যে আশার আলো জ্বলে উঠেছিল, এক বছরের মাথায় তার অনেকটাই আজ নিভন্ত। আর এর ফোকাল পয়েন্ট হচ্ছে প্রফেসর ইউনুসের গড়া ছেলেদের এই নতুন দলটা। তরুন প্রজন্ম যদি আজ ক্ষমতার চোরাবালিতে পথ হারায় তার দায় প্রফেসর সাহেব এড়াতে পারবেন না।

৭ জুলাই, ২০২৫
নিউ ইয়র্ক।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place
from professional expart, at home!
এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।
বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com





মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



## শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র বনভোজন অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্য ও কমিউনিটির বিশিষ্ঠ ব্যক্তিবর্গ অংশ নেন। এই বনভোজনের আকর্ষন ছিল অংশগ্রহনকারি প্রত্যেক ফ্যামিলির জন্য 'ফ্যামিলি গিফট'। এই গিফট নিয়ে সকলেই হাসিমুখে





বাড়ি ফেরেন। নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার পরিচালক ও সাপ্তাহিক ইনকিলাবের সম্পাদক জাহিদ আলমের দেয়া সোনার চেইন ছিল র‍্যাফেল ড্র'র প্রথম পুরস্কার। দ্বিতীয় পুরস্কার ছিল এলামনাই'র সাধারন সম্পাদক এম এ মামুনের দেয়া ৫৬ ইঞ্চি টেলিভিশন। তৃতীয় পুরস্কার ছিল এনওয়াই ইন্সুরেন্সের দেয়া ৫৫ ইঞ্চি টেলিভিশন। এ'ছাড়া আরও ১০টি র‍্যাফেল ড্র'র আইটেম ছিল। বনভোজনকে সফল করতে মানিক চৌধুরী আহবায়ক ও সেকেন্দার আলী সদস্য সচিবের দায়িত্ব পালন করেন। শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই'র এই বনভোজনে সহযোগিদের মধ্যে ছিলেন ড. গোলাম সামদানী তরফদার, মীর ফরিদ উদ্দীন আহমেদ, তৌহিদুর রহমান, জিয়াউল ফারুক,আমিনুল ইসলাম, মোঃ আশুর, জাহিদুর রহমান, এম এ রশীদ, মনোয়ারুল ইসলাম,মানিক চৌধুরী, তপতী রায়, অলোক রায়, প্রভাত ঘোষ, এম এ মামুন, আসাদুজ্জামান কিরন, সেকেন্দার আলী, আব্দুর রৌফ মোল্লা,যুগল কিশোর নাথ, রেজাউল করিম রেজা, পাভেল, মোঃ





















আলম,তিতাস, দিপু, বিপ্লব, শুভময় ও সোনিয়া। অতিথিদের মধ্যে ছিলেন হাসান জিলানী, আবু বকর সিদ্দিক, বদরুদ্দোজ্জা সাগর ও দেলাল আহমেদ।

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

* Tuition is Free but there is little fee for books

• Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com (আল-আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)



# জ্যামাইকা-বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির বারবিকিউ পার্টি

৬৪ পৃষ্ঠার পর

বাংলাদেশীদের মিলন মেলায় পরিণত হয়। ছিলো অতিথিদের নিরন্তর আড্ডা। বাঙালি অধ্যুষিত জ্যামাইকায় 'জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি' ২৫ বছর অতিক্রম করছে। ২৫ বছরপূর্তি অনুষ্ঠানকে ঘিরে ব্যাপক প্রস্তুতি চলছে। আগামী অক্টোবর মাসের সুবিধাজনক এক সময়ে দুদিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন হবে বলে জানা যায়।

এবারের অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং। এছাড়াও বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট







সিনেটর জন লু, কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ড, সিটি কাউন্সিলম্যান লিণ্ডা লি এবং বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। এছাড়াও বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে আমন্ত্রিত অতিথি ছিলেন মূলধারার রাজনীতিক ড. দিলীপ নাথ, কুইন্স ডিস্ট্রিক্ট এটর্নীর প্রতিনিধি রোকেয়া আক্তার, বাংলাদেশ সোসাইটির সিনিয়র ট্রাষ্টি বোর্ড সদস্য আহসান হাবিব, সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, সাবেক সাধারণ সম্পাদক রুহুল আলম, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূইয়া রুমি, সাংগঠনিক কর্মকর্তা মিটুক খান, সাবেক কর্মকর্তা কাজী তোফাজ্জেল ইসলাম, নওশাদ হোসেন ও ফারহানা চৌধুরী, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজিম, লোন অফিসার আবিদ হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আতিকুল ইসলাম জাকির, মোহাম্মদ ইকবাল, মাহমুদ খান সুলতান ও আবু জাফর, জালালাবাদ এসোসিয়েশনের অব আমেরিকার একাংশের কোষাধ্যক্ষ মইনুজ্জামান চৌধুরী, মুন্সিগঞ্জ বিক্রমপুর সমিতির সাবেক সভাপতি শাহাদাত হোসেন, মাদারীপুর সমিতির সভাপতি কামরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রাশেদুজ্জামান মিন্টু, সৈয়দ রাব্বী প্রমুখ উপস্থিত ছিলেন।

সংগঠনের কর্মকর্তাদের মধ্যে ছিলেন প্রধান উপদেষ্টা ওসমান গনি, উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, হাবলুর নূর, রেজাউল করিম চৌধুরী, ডা. টমাস দুলু রায়, অধ্যাপিকা হুসনে আরা, শাহাব উদ্দিন সাগর, শাহ জে. চৌধুরী, আমিনুল ইসলাম চন্নু, সিনিয়র সহ সভাপতি এ এফ মিসবাউজ্জামান, সহ-সভাপতি কামরুল ইসলাম সানি, সাবেক সভাপতি সাইফুল ইসলাম ও বিলাল চৌধুরী, কোষাধ্যক্ষ মোহাম্মদ আক্তার বাবুল, সাবেক যুগ্ম সম্পাদক মিন্টু মোহাম্মদ প্রমুখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি রুহুল ইসলাম সেলোয়ার। সংগঠনের সাধারণ সম্পাদক এনায়েত মুন্সী ও 'ফ্যামিলি বারবিকিউ পার্টি' আয়োজন কমিটির আহ্বায়ক জে মোল্লা সানি অনুষ্ঠানের বিভিন্ন পর্ব পরিচালনা করেন। বেলা ১১টা থেকে শুরু হয় বারবিকিউ পার্টি। অন্যান্য পর্ব মিলে অনুষ্ঠান চলে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

অনুষ্ঠানে কংগ্রেসওম্যান গ্রেস মেং বলেন, জ্যামাইকার বাংলাদেশী কমিউনিটি সব সময় যেমন তার পাশে রয়েছে, তেমনী তিনিও বাংলাদেশীদের পাশে রয়েছেন। যে কোন প্রয়োজনে তার সাথে যোগাযোগের আহ্বান জানান তিনি। স্টেট সিনেটর জন লু বাংলাদেশী খাবারের প্রশংসা করেন। এমন অনুষ্ঠান আয়োজনের প্রশংসা করেন কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ডও।

বনভোজনের আদলে আয়োজিত এই 'ফ্যামিলি বারবিকিউ পার্টি'র খাবার-দাবারে ছিলো ভিন্নতা। মূল আয়োজন বারবিকিউ পার্টি হলেও অনুষ্ঠানে বাচ্চাদের জন্য ছিলো হটডগ, অভিভাবকদের জন্য আলুমুড়ি ভর্তা, আম ভর্তা, চা-পান সহ নানা আয়োজন। নতুন প্রজন্মের শিশু-কিশোর-কিশোরীদের জন্য ছিলো তাদের পছন্দের খাবার। যা তারা উপভোগ করছে। দিনব্যাপী ছিলো খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বিশেষ করে রশি টানাটানির পর্বটি ছিলো খুবই উপভোগ্য। এতে যৌথ ভাবে নারী-পুরুষরাও অংশ নেন। সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব, মারিয়া মৌ ও নিপা জামান সঙ্গীত পরিবেশন করেন। সবশেষে ছিলো র‌্যাফেল ড্র'র পুরস্কার বিতরণ।

অনুষ্ঠানটি আয়োজনে সার্বিক সহযোগিতায় আরো ছিলেন অনুষ্ঠান আয়োজন কমিটির প্রধান সমন্বয়কারী ইকবাল আহমেদ ও সদস্য সচিব নওশাদ হায়দার সহ ফ্রেন্ডস সোসাইটির সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ।

# আ.লীগ-বিএনপি মুখোমুখি

১ পৃষ্ঠার পর

উপলক্ষে একই স্থানে কর্মসূচি আয়োজন করে। মাত্র ১০ ফুট দূরত্বে দুই পক্ষের সমাবেশে বেশ কয়েকবার উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। পরে দুই পক্ষের নেতৃস্থানীয়দের হস্তক্ষেপে কোন অপ্রীতিকর অবস্থার সৃষ্টি হয়নি। এর আগে ৩ আগস্ট এক অনুষ্ঠান ঘিরে হাতাহাতির ঘটনাও ঘটে।

সরেজমিন দেখা গেছে, ডাইভারসিটি প্লাজায় একই স্থানে কর্মসূচির আয়োজন করে দুই দল। স্বৈরাচার পতনের বছরপূর্তি উপলক্ষ্যে নিউইয়র্ক স্টেট বিএনপি সভার আয়োজন করে। এ সমাবেশে উপস্থিত ছিলেন আয়োজক সংগঠনের সভাপতি ওলিউল্লাহ আতিকুররহমান, সাধারণ সম্পাদক সাইদুর রহমান, বিএনপি নেতা জসিম ভূঁইয়া ও গোলাম ফারুক শাহিন। অপর দিকে ষড়যন্ত্রের মাধ্যমে আওয়ামীলীগ সরকারকে উৎখাতের এক বছর উপলক্ষ্যে প্রতিবাদ সমাবেশ ডাকে যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ ও আওয়ামী পরিবারের ব্যানারে। এতে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামীলীগ নেতা প্রদীপ রঞ্জন কর, মহিউদ্দিন দেওয়ান, আব্দুল হাসিব মামুন, ও যাকিুল ইসলাম খোকন। একইদিন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও সাধারন সম্পাদক আব্দুস সামাদ আজাদের নেতৃত্বে টাইমস স্কয়ারেও একটি প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিতহয়।

মুখোমুখি সমাবেশে আওয়ামী লীগ বর্তমান সরকার ও তাদের সহযোগীদের বিরুদ্ধে স্লোগান দেয়। অপরদিকে বিএনপি স্বৈরাচারের পতনের মাধ্যমে তাদের সাফল্য বর্ণনা করে এবং তারেক জিয়া ও খালেদা জিয়ার নেতৃত্বের প্রশংসা করে স্লোগান দেয়।

এক পর্যায়ে বিএনপির সমাবেশ থেকে 'একটা একটা লীগ ধর সকাল বিকাল নাস্তাকর' সহ নানা উত্তেজনা পূর্ণ স্লোগান দেয়া হয়। জবাবে আওয়ামী সমাবেশ থেকে 'ইউনূস-বিএনপি-রাজাকার এই মুহূর্তে বাংলাছাড়' বলে রব উঠে। এ সময় দুই পক্ষই বেশ উত্তেজিত হয়ে উঠে। পরিস্থিতি যাতে নিয়ন্ত্রণের বাইরে না যায় তাই আওয়ামীলীগের পক্ষ থেকে মহিউদ্দিন দেওয়ান এগিয়ে গিয়ে বিএনপির নেতৃস্থানীয়দের উষ্কানিমূলক স্লোগান পরিহারের অনুরোধ করেন। তিনি নিজ পক্ষকেও শান্ত করেন। অপর দিকে সাইদুর রহমান সাইদও বিএনপির লোকজনকে শান্ত করেন।

এক পর্যায়ে এনওয়াইপিডির প্রতিনিধিরা এসে দুইপক্ষকেই সমাবেশ বন্ধ করার তাগাদা দেয়। এরপর প্রথমে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সমাবেশ শেষ করে কিন্তু তারপরেও আধা ঘন্টা সমাবেশ চালাতে থাকে বিএনপি। তখন পুলিশ এসে তাদের অনেকটা জোর করে সমাবেশ শেষ করতে বাধ্য করে। পুলিশ তাদের মাইক ব্যবহার করতে নিষেধ করে। এ সময় স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ আতিকুর রহমান মাইক ছাড়াই বক্তব্য ও দোয়া পরিচালনা করে অনুষ্ঠান সমাপ্তি করেন।

# এনসিপি'র ভবিষ্যৎ চোরাবালিতে!

৬৪ পৃষ্ঠার পর

আন্দোলনে নেতৃত্ব দেয়া ছাত্ররা এনসিপি নামের নতুন রাজনৈতিক দল গঠন করেছে।

এনসিপি নেতারা বলছেন, পুরনো রাজনৈতিক দলগুলো বাংলাদেশের জনগণের আশা-আকাঙ্খা মেটাতে সক্ষম হয়নি। বাংলাদেশের রাজনীতিতে নতুন ধরনের বন্দোবস্ত নিয়ে আসার প্রতিশ্রুতি দিয়ে তারা যাত্রা শুরু করেন। এক্ষেত্রে, তারা বলছেন, গত বছরের জুলাইয়ের গণঅভ্যুত্থানের চেতনাকে সামনে রেখে তারা অগ্রসর হবেন। এই লক্ষ্যে জুলাই ঘোষণাপত্র এবং জুলাই সনদ গ্রহণের দাবি জানান।

জুলাই ঘোষণা এবং জুলাই সনদ সম্পূর্ণ পৃথক ডকুমেন্ট। জুলাই ঘোষণা হলো, জুলাইয়ের আন্দোলনকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়া। এই ঘোষণা নিয়ে রাজনৈতিক মতৈক্য হয়েছে। গত ৫ই জুলাই প্রধান উপদেষ্টা এই ঘোষণাপত্র জাতির সামনে তুলে ধরেন। জুলাই সনদ হলো, বিভিন্ন সংস্কার প্রস্তাব সন্নিবেশিত একটি দলিল।

এই দলিলের ব্যাপারে অনেক বিষয়ে অনেক পক্ষ একমত হয়নি। এনসিপি নেতারা বলছেন, জুলাই সনদ গৃহীত হওয়া শুধু নয়; বরং তা বাস্তবায়নের উপায়ও জানতে চায় এনসিপি।

এনসিপির গঠনতন্ত্রে সুন্দর সুন্দর কথা লেখা থাকলেও তার বাস্তবায়ন বড় চ্যালেঞ্জ। এনসিপি নেতারা আওয়ামী লীগ ও বিএনপিকে দুই পরিবারের রাজনৈতিক দল হিসাবে অভিহিত করে তারা নিজেদেরকে পরিবারতন্ত্রের বাইরে বলে ঘোষণা করেছেন। তারা বলছেন, দলের অভ্যন্তরে স্বচ্ছতা ও গণতন্ত্রের চর্চা তাদের দল করবে। এই ক্ষেত্রে তিন বছর মেয়াদি দুই মেয়াদের বেশি কেউ দলের প্রেসিডেন্ট নির্বাচিত হতে পারবেন না। এই নির্বাচন তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত ভোটের মাধ্যমে হবে। দলের তহবিল সম্পর্কে স্বচ্ছতার লক্ষ্যে তারা একটি ওয়েবসাইট চালু করবেন। সেখানে আয়-ব্যয় লেখা থাকবে। ফলে যে কেউ তা দেখতে পারবেন।

যদিও এসব কাগজে উদ্যোগ বাস্তবে দেখা যায় না। নির্বাচন কমিশন এখনও দলটির রাজনৈতিক দল হিসাবে নিবন্ধন দেয়নি। ফলে নিবন্ধন পাওয়াটা একটা চ্যালেঞ্জ রয়ে গেছে। তবে তাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো ভাবমূর্তির সংকট। এনসিপি নেতারা অনেকে মব সৃষ্টিতে উসকানি দিয়েছেন বলে অভিযোগ উঠেছে।

ধানমন্ডির ৩২ নম্বর বঙ্গবন্ধু জাদুঘর ভেঙ্গে ফেলার বিষয়টি উল্লেখযোগ্য। এনসিপি নেতারা সম্প্রতি সারাদেশ সফরের উদ্যোগ নিলে গোপালগঞ্জ সফরে গিয়ে মারাত্মক চ্যালেঞ্জের মুখে পড়েন। সেনাবাহিনী ও পুলিশের চেষ্টায় গোপালগঞ্জ থেকে সেনাবাহিনীর আর্মার্ড ভেহিকেল (এপিসি)'র মধ্যে দিয়ে তারা বেরিয়ে আসতে সক্ষম হলেও সেখানে কমপক্ষে চার জনের প্রাণহানি ঘটেছে।

এই সময়ে গোপালগঞ্জ যাওয়া এনসিপি নেতাদের অপরিপক্কতার পরিচয় বলে অনেকে মনে করেন। সম্প্রতি গুলশানে কয়েকজন এনসিপি নেতা চাঁদাবাজি করতে গিয়ে পুলিশের হাতে ধরা পড়েছেন।

এনসিপির সবচেয়ে বিতর্কের জন্ম দিয়েছে গণঅভ্যুত্থানের দিবসে দলটির কয়েকজন শীর্ষ নেতা কক্সবাজার প্রমোদ ভ্রমনে যাওয়া নিয়ে। এই বিষয়ে গণমাধ্যম ও সামাজিক মাধ্যমে সমালোচনার ঝড় এখনও চলছে। এই সব নেতারা এখন বলছেন, তারা অভিমান করে কক্সবাজার গেছেন। গোয়েন্দারা তাদের কুটেজ সংগ্রহ করেছে। ফলে অভিমানে কক্সবাজার যাওয়া মানে শাক দিয়ে মাছ ঢাকার শামিল। চার মাস বয়সী একটি দলের পিছনে এত একে বিতর্ক দলটির ভবিষ্যৎ নিয়ে শঙ্কার সৃষ্টি করে বটে।


জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস




আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine
Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC
Best Choice for your trip

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

এস্টোরিয়ায় বহু বছরের অভিজ্ঞ বাংলদেশি মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

ইউনাইটেড অটো রিপেয়ার এন্ড বডি শপ

24 Hours Open



TOYOTA LEXUS Mercedes-Benz Ford BMW LAND ROVER MITSUBISHI HYUNDAI SUZUKI

১০০% গ্যারান্টি সহ যাবতিয় গাড়ির রিপেয়ারিং
* দক্ষ মেকানিক দ্বারা ত্রুটি নির্ণয়
* সুলভ মুল্যে ফুল অটো রিপেয়ার
* নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

Our Services
* All kinds of body works
* Computerized Wheel Alignments
* Complete Mechanical works.
* Rebuild Transmission
* Tire and Wheel Balancing
* N.Y.S. Inspection
+Low Price & Fully Guaranteed



Contact : AZAM
Tel: 718-786-6677 / 718-361-6432
Address: 38-06 31st Street (Between 38 & 39 Ave.)
Astoria, NY 11101.



# উৎসবমুখর পরিবেশে প্রবাসী শেরপুর জেলার বনভোজন





৬২ পৃষ্ঠার পর

সজ্জিত জ্যাকসন আইল্যান্ড কাউন্টি পার্কে দিনব্যাপী বনভোজন আয়োজনে ছিল ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও আকর্ষণীয় র‌্যাফেল ড্র ও আলোচনা সভা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ইঞ্জিনিয়ার প্রদোষ চক্রবর্তী, সাধারণ সম্পাদক হামেদুল হক ফন্টুর সঞ্চালনা করেন। বিশেষ অতিথির বক্তব্য রাখেন নিউইয়র্ক সিটি মেয়রের দক্ষিণ এশীয় বিষয়ক উপদেষ্টা ও জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী এস্ক্রিট রিয়েল্টি কন্টিনেন্টালের প্রেসিডেন্ট বিশিষ্ট রাজনীতিবিদ জাকির এইচ চৌধুরী, আমেরিকা-বাংলাদেশ লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট ও টাচ ফার্নিচারের সিইও রকি আলিমান, বিশিষ্ট ব্যবসায়ী ইন্ডিয়ান- এশিয়ান কারী রেস্টুরেন্ট ও শাপলা কফি হাউজের পরিচালক জামাল আহমেদ ও সংগঠনের প্রধান উপদেষ্টা সাংবাদিক মো: আবুল কাশেম, সংগঠনের সভাপতি ইঞ্জিনিয়ার প্রদোষ চক্রবর্তী, সাবেক সভাপতি ও বর্তমান উপদেষ্টা মামুন রাশেদ,



সাবেক সাধারণ সম্পাদক মো: সিরাজুল ইসলাম, কনভেনশন কমিটির আহ্বায়ক সংগঠনের সিনিয়র সহ-সভাপতি মো: আক্তারুজ্জামান ও সংগঠনের সাধারণ সম্পাদক হামেদুল হক ফন্টু। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী এইচ এম জামিল, কনভেনশন কমিটির সদস্য সচিব মামুন পারভেজ মুক্তা, সাপ্তাহিক প্রবাসের সম্পাদক মোহাম্মদ সাঈদ, আমেরিকান- বাংলাদেশ লায়নস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক হাসান জিলানি, শেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী শুক্কুর রহমান নতুন, আলহাজ্ব শহিদুল ইসলাম, ইঞ্জিনিয়ার মো: আল- আমিন, সরওয়ারুল হোসেন, সংগঠনের উপদেষ্টা আবদুল হামিদ, এশিয়ান ড্রাইভিং স্কুলের কর্ণধার সাইদুর রহমান লিংকন, মার্কস হোম কেয়ারের ইনজিনিয়ার মোহাম্মদ কাফি, সংগঠনের যুগ্ম সম্পাদক লিটন জামান, জাতিসংঘ মিশনের প্রশাসনিক কর্মকর্তা জাহাঙ্গীর হোসেন, সাবেক সভাপতি নাহিদ রায়হান লিখন, মিসেস ফেরদৌস বেগম, রুমা জামান, আনজুমানারা শুভ্রা, উপদেষ্টা আসমাউল হুসনা, নাইম চৌধুরী, গৌতম চক্রবর্তী মিন্টু, রফিকুল ইসলাম রাসেল, শামসুন্নাহার লুইটি, খন্দকার মেহেদী হাসান, সাবেরা জামান কচি, রুপচাঁন মিয়া, মোসাম্মৎ আক্তার প্রমুখ।


জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

নুসরাত জেরিন

CALL: 917-436-0954

* সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
* কম সময় এবং নূন্যতম ফি
* ট্যাক্স, ইমিগ্রেশন
* কন্সালটেশন, নোটারী পাবলিক
* নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com



# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

**Bangladeshi Foot Specialist**

**Dr. Sadi Alam**



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment



CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

## মামুন ব্রংকস কমিউনিটি বোর্ড ৯ এর সদস্য নির্বাচিত

৬৪ পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ভ্যানেসা গিবসন এক চিঠিতে তাকে নির্বাচিত করার তথ্য জানিয়েছেন। তিনি মামুনকে লেখা চিঠিতে বলেন, আমি আপনাকে এ নিয়োগ দিতে পেরে আনন্দিত। আগামী ২ বছর আপনি এ দায়িত্ব পালন করবেন।
এদিকে মামুন ব্রংক্স বাংলাদেশ এসোসিয়েশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

## নভেম্বর-ডিসেম্বরে দেশে ফিরছেন তারেক

৬৪ পৃষ্ঠার পর

বিবেচনায় রাখছে গুরুত্বের সাথে। তাকে ভবিষ্যৎ প্রধানমন্ত্রী হিসেবেই নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করতে চাইছে সরকার। বিএনপিও তাদের প্রিয় নেতাকে নিয়ে নির্বাচনী মাঠ কাঁপাতে প্রস্তুতি নিচ্ছে।

## বগুড়া সোসাইটির ভুলকাভাত উদযাপন

৬৪ পৃষ্ঠার পর

শ্রেণীর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বগুড়া সোসাইটির সভাপতি মোঃ সাইফুল ইসলামের পরিচালনায় লাল ফিতা কেটে উদ্বোধন করেন সোসাইটির উপদেষ্টা আব্দুল মান্নান। প্রধান অতিথি ছিলেন ডিস্ট্রিক্ট এটর্নী মঈন চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট রিয়েল্টের আনেলা বিন ইমানি। সংগীত পরিবেশন করেন শিল্পী কৃষ্ণা তিথি ও রায়ান তাজ।
এই আয়োজনের গোল্ড স্পোন্সর ছিলেন নর্থবেঙ্গল ফাউন্ডেশন। আহবায়কের দায়িত্বে ছিলেন তালুকদার শামীম সবুজ, সদস্য সচিবের দায়িত্বে ছিলেন গোলাম রব্বানী রাজু এবং কোষাধ্যক্ষ ছিলেন জুয়েল আহমেদ ও নাজিমউদ্দিন সাদিক, যুগ্ম আহবায়কের দায়িত্বে ছিলেন জাহাঙ্গীর আলম রিপন, রাশেদ আল হেলাল রতন, মোঃ হেলাল উদ্দিন (জুনিয়র), শাফিকুর রহমান, যুগ্ম সদস্য সচিব ছিলেন মুরাদ মোরশেদ হায়দার বিপুল, আব্দুর রাকিব খান আরিফ, শফিকুল ইসলাম, লিটন আলী, আপ্যায়নে ছিলেন কামরুজ্জামান লাভু, রফিকুল ইসলাম রফিক, এনামুল হক, মোঃ আব্দুল মালেক।
অনুষ্ঠানে সকালের নাস্তা আর দুপুরের সুস্বাদু খাবার ছিলো ভুলকাভাতের অন্যতম। মুড়ি মাখা, তরমুজ, আর খিলি পান নিয়ে মেতে ছিল সবাই। ছোট বাচ্চাদের দৌড় প্রতিযোগীতা, মহিলাদের মাথায় থালা আর বল রেখে ব্যালান্সিং ও পুরুষদের জন্য ছিল বল মেরে গোল করা। খেলাধুলা পরিচালনা করেন একেএম আব্দুর রশিদ।
প্রধান সমন্বয়কারী আলী সৈয়দ টিপু (বীর মুক্তিযোদ্ধা), সমন্বয়কারী ডঃ জাকিরুল ইসলাম, মোহাম্মদ আলী, মোস্তফা আলমগীর, সার্বিক তত্ত্বাবধানে ছিলেন মোঃ সাইফুল ইসলাম (কুইন্স), প্রধান উপদেষ্টা টি এম আব্দুস সালাম, উপদেষ্টা মন্ডলী শাহ আফজাল হোসেন, ওয়াহেদ আলী মন্ডল (বীর মুক্তিযোদ্ধা), ইঞ্জিনিয়ার আব্দুল মতিন তালুকদার, একেএম আব্দুর রশিদ, শফিক দেওয়ান, সাইফুল ইসলাম মান্না, মোঃ মর্তুজা আলী বুলবুল, মোঃ হাসান মামুন, এনামুল হক, সিলকিন বাবু, শাহ চৌধুরী, ডঃ শাহজাহান (বীর মুক্তিযোদ্ধা), শফিকুল আলম জাহিদ, এমদি রহমান মুকুট, আনছার আলী শেখ।
সার্বিক সহযোগীতায় ছিলেন গোলাম মোস্তফা বাবু পাইকার (বীর মুক্তিযোদ্ধা), ইঞ্জিনিয়ার রানা জামান, সাইফুর রহমান ভান্ডারী (রাজ), নুরুল ইসলাম সাজু, রাইসুল হক, ফারুখ হোসেন মিন্টু, রোকনুজ্জামান নয়ন, অধ্যক্ষ আজিজুল হক মুন্না, কাজী আজাদ রহমান সেলিম, আব্দুল্লা আল সাদী, বজলুর রহমান আকন্দ, কামরুল হাসান, রায়ান তাজ, লিটন আলী, মোঃ আব্দুল সবুর, সাজিদ হায়দার, মোঃ জাহিদুর রহমান, আবুল কে এম আজাদ, আলমগীর হোসেন।
উপস্থিত ছিলেন রাষ্ট্রদূত আবুল হোসেন, মেয়র এরিক এ্যাডামসের সাবেক এশিয়ান এ্যাডভাইজার ফায়াদ সোলাইমান, সিনিয়র সাংবাদিক মনোয়ারুল ইসলাম, মোহাম্মদ সাঈদ, এনামুল হক এনাম, আহমেদ জাবের চৌধুরী।
উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, সাহিত্য সম্পাদক মোঃ আক্তার বাবুল। নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মোঃ আশরাফুজ্জামান আশরাফ, সাংগঠনিক সম্পাদক মোঃ মুনিরুল ইসলাম মুনির, এলিট প্রেসিডেন্সিয়াল ক্লাব নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের সেক্রেটারী মশিউর রহমান মজুমদার, সাবেক সাধারণ সম্পাদক মোঃ হাসান জিলানী, কানসা ওয়েল ফেয়ার এসোসিয়েশনের সভাপতি মোঃ সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহাদাত হোসেন, পাবনা সমিতির সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন, কুইন্স ইয়ুথদের লিডও মফিজুর রহমান মফিজ। অনুষ্ঠানে আকর্ষণীয় সব পুরস্কার বিতরণ করা হয়, সংগঠনের সভাপতি সাইফুল ইসলাম এবং সাধারণ সম্পাদক খালেকুল ইসলাম রুবেল উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## যুক্তরাষ্ট্র সফরে আবারও পাক সেনাপ্রধান আসছেন

৬২ পৃষ্ঠার পর

অতিরিক্ত ২৫ শতাংশ সহ ৫০ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে। রাশিয়া থেকে অপরিশোধিত তেল আমদানি চালিয়ে যাওয়াকে 'শাস্তি' দিতে এই পদক্ষেপ নিয়েছে ওয়াশিংটন। এর আগে, জুন মাসে ফিল্ড মার্শাল আসিম মুনির ওয়াশিংটন সফর করেন। সেসময় প্রেসিডেন্ট ট্রাম্প তাকে হোয়াইট হাউজে মধ্যাহ্নভোজে আমন্ত্রণ জানান।
